(a) প্রশান্ত মহাসাগর (b) আতলান্তিক মহাসাগর (c) সুমেরু মহাসাগর (d) কুমেরু মহাসাগর

এরপর ৮ পাতায়

You Tube ➡Daily Success Now

Radhikapur



# স্বল্প ব্যয়ে 'হোটেল ম্যানেজমেন্ট' পড়িয়ে ছাত্রছাত্রীদের মাসিক ১২,০০০ টাকা থেকে ১৮,০০০ টাকার চাকরির ব্যবস্থা করে দিচ্ছে AICTE অনুমোদিত এলিট ইনস্টিটিউট

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীদের জন্য

বিশেষ প্রতিনিধি : বিশ্বজুড়ে আজ 'হোটেল ম্যানেজমেন্ট' [illegible] AICTE [illegible] Industry [illegible] AICTE [illegible] Industry [illegible] Elite Institute of Engineering & Management [illegible] AICTE অনুমোদিত 'হোটেল ম্যানেজমেন্ট' [illegible] ৩৩,০০০ টাকা [illegible] Grand Hotel, Meridian Bangalore, The Park Bangalore, Aamby Valley Lonavala, The Lalit Grand Palace Srinagar, Marriott Jaipur [illegible] Hilton Jaipur ITC Sonar, Swissotel, Hyatt Regency, Novotel, Westin, Taj Bengal [illegible] placement cell [illegible] Corporate Hotel [illegible] যোগাযোগ করুন Elite Institute of Engineering & Management Karnamadhabpur (Mohispota) Ghola (Sodepur), Kolkata-113, Mobile: 9163316562, 8336917470, 9831500840, SMS HM to 9163316562

# ৪০ ফার্মাসিস্ট

১ পাতার পর

ডিপ্লোমা (ডি ফার্মা অ্যালোপ্যাথি) কোর্স পাশরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ ফার্মাসি কাউন্সিলে 'এ' ক্যাটেগরিতে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চশিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি যোগ্যতা হিসাবে ধরা হবে। কম্পিউটারে এম এস অফিস ও ইন্টারনেট সংক্রান্ত বিষয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৬,৬৫০ টাকা। মোট শূন্যপদ : ২২টি। এর মধ্যে এখন নেওয়া হবে ৯টি (জেনারেল ১১, জেনারেল প্রতিবন্ধী ২, জেনারেল খেলোয়াড় ৫, জেনারেল অবসরপ্রাপ্ত সেনা ২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ৫, ও.বি.সি. বি ক্যাটেগরি ৩)।

প্রার্থী বাছাই হবে যোগ্যতা ভিত্তিতে। এরপর প্র্যাকটিক্যাল পরীক্ষা হবে। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে প্র্যাকটিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। এর মধ্যে ডি.ফার্মাতে থাকবে ৬৫%, বি. ফার্মাতে ৭৫%, এম.ফার্মাতে থাকবে ৮৫%, কম্পিউটার টেস্ট থাকবে ১৫ নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/Kolkata City NUHM Society/2019-20. দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে : www.kmcgov.in পূরণ করা দরখাস্ত সরাসরি জমা দেবেন ৩১ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Secretary, The Kolkata City NUHM Society, Room No. 147, 1st Floor, 5, S.N. Banerjee Road, Kolkata Municipal Corporation (HW), Kolkata


**B.Sc. Nursing**
ভর্তির বিজ্ঞপ্তি
[illegible]
প্রধান প্রশিক্ষক : Dr. R. Sahani (M.D)
**MEDICAL ZONE**
7044647798

ভর্তির বিজ্ঞপ্তি
**CHINSURAH PVT. ITI**
NCVT, Govt. of India স্বীকৃত
(FITTER, ELECTRICIAN)
9432067572, (033) 2686-0071, 9732552726, 9433535299
NCTE স্বীকৃত
WBBPE ও বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত
**D.El.Ed এবং B.Ed**
**Chinsurah College of Education**
[illegible], চুঁচুড়া স্টেশন রোড, হুগলী
(PHE অফিসের উল্টোদিকে)
7550880866, (033) 2686-0001
9732552726, 9433535299

বি.এড কোর্সে ভর্তি চলছে (২০১৯—২০২১)
**শান্তিপুর বি.এড কলেজ**
গ্রাম : বাবলা দক্ষিণপাড়া, পো : বাবলা গোবিন্দপুর
থানা : শান্তিপুর, জেলা : নদীয়া, পিন : ৭৪১৪০৪, পশ্চিমবঙ্গ।
WBUTTEPA-এর অধীন এবং NCTE কর্তৃক স্বীকৃত
যোগাযোগ : 9851917376, 7501246465

**ADMISSION GOING ON**
**BHAKTA BALA B.ED. COLLEGE**
Recognized by UGC & NCTE
Affiliated to The WBUTTEPA
Tilakpur, Chapra, Nadia, W.B
**B.Ed Admission**
Session 2019-2021
Fees : 65,000/- only for 2 years
Contact : 7718530332, 9614502848

**2-YEAR DIPLOMA IN PHARMACY**
(Approved by pharmacy council of India)
- Eligibility: 10+2 with Physics, Chemistry, Biology/Mathematics
- Age: Minimum 17 Years, Maximum no bar

Special Features: • Class/practical sessions once a week (Sunday) • Modest fee • AC Classroom • Comprehensive Study Materials • Increasing employment opportunities • Placement assistance will be given to each candidates

Limited seats, admission on first-cum-first serve basis.
For admission and further information, Pl. contact:
MNG Healthcare (Division of Mahendra Nath Ghosh Educational & Welfare Trust), 9/5, Feeder Road, Rathtala, Belgharia, Kolkata - 56
Ph- 033-2544-3355, M- 70440 29058 / 79801 91435
Email- rajat@mngacademy.in Website- www.mngacademy.in

এখন পাঠক সংখ্যা বেড়ে ছাড়ালো প্রায়
১৮ লাখ*

* Indian Readership Survey Q1 2019
সারা ভারতের সেরা ৫ পত্রিকার মধ্যে *
**কর্মসংস্থান**
* as per Audit Bureau of Circulation 31.12.2018


## MSME - TOOL ROOM, KOLKATA

(Central Tool Room & Training Cente)

Ministry of Micro Small & Medium Enterprises, Govt. of India

Bonhooghly Industrial Area, Kolkata - 700 108

Ph.: 2578 8769/9330193304, Fax: 2577 2494, E Mail: cttc-msme@gov.in

Website: www.msmetoolroomkolkata.com

কেন্দ্রীয় সরকারী সংস্থার বিনামূল্যে Skill Development Course এ প্রশিক্ষণের সুযোগ

ন্যাশনাল ব্যাক ওয়ার্ড ক্লাসেস ফিনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনবিসিএফডিসি) দ্বারা পুষ্টিত কোর্সগুলির অধীনে নিম্নলিখিত বিভাগের শিক্ষার্থীদের বিনামূল্যে প্রশিক্ষণের জন্য ভর্তির বিজ্ঞপ্তি।

| ক্রমিক সংখ্যা | জাতি / উপজাতি | বার্ষিক আয় | প্রার্থিত নথিপত্র |
|---|---|---|---|
| ১. | OBC | সর্বোচ্চ ৩ লক্ষ টাকা | যোগ্য কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত আয়ের প্রমাণপত্র |
| ২. | EBC | সর্বোচ্চ ১ লক্ষ টাকা | যোগ্য কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত আয়ের প্রমাণপত্র |
| ৩. | De-Notified, Semi-Nomadic & Nomadic Tribes | প্রযোজ্য নয় | গোষ্ঠীর প্রধান দ্বারা প্রদত্ত প্রমাণপত্র |
| ৪. | Senior Citizen | প্রযোজ্য নয় | জন্মের প্রমাণপত্র |
| ৫. | Transgender | প্রযোজ্য নয় | Chief Medical Officer দ্বারা প্রদত্ত প্রমাণপত্র |
| ৬. | Member of Beggar's Community | প্রযোজ্য নয় | Bombay Prevention of Begging Act, 1959 -এর অন্তর্গত |
| ৭. | Victim of Substance Abuse | প্রযোজ্য নয় | Treatment Clinic দ্বারা প্রদত্ত প্রমাণপত্র |

সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার এবং ন্যাশনাল ব্যাক-ওয়ার্ড ক্লাসেস ফিনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনবিসিএফডিসি) একসঙ্গে ইলেকট্রনিক্স শিল্পে কাজ করার জন্য যুবক এবং যুবতীদের আকর্ষণীয় সুযোগ তৈরি করছে।

কোর্সের বিবরণ নিম্নলিখিত :

| Sl. No. | Course Name | NSQF Level | Duration |
|---|---|---|---|
| 1. | Arise Room Air Conditioner and Home Appliances (RACHA) | 5 | 4 Months |
| 2. | Arise hand held products ( HHP) | 5 | 3 Months |
| 3. | Arise Audio Video (AV) | 5 | 3 Months |

যোগ্যতা : উচ্চ মাধ্যমিক পাশ।

গুরুত্বপূর্ণ তথ্য :

- থিওরি এবং প্র্যাক্টিক্যাল CTTC তে পরিচালিত হবে ও On Job Training অনুষ্ঠিত হবে Samsung India Electronics Pvt. Ltd. এর সেবা কেন্দ্রে।
- সীমিত আসন।
- মেয়ে এবং ছেলে উভয়ের জন্যই পৃথক হোস্টেলের ব্যবস্থা আছে। (শর্ত সাপেক্ষ)
- সফল প্রশিক্ষণের শেষে ১০০ শতাংশ কর্মসংস্থানের সহায়তা করা হবে।

আগ্রহী প্রার্থীরা সরাসরি CTTC -র Training Cell -এ যোগাযোগ করতে পারেন।

Training Cell
Contact No.: 9330193304 :: E-Mail : cttc-msme@gov.in
Website: www.msmetoolroomkolkata.com

You Tube ➡Daily Success Now

Uttar Dinajpur



# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৬ পাতার পর

77. 1,200 মিটার দৌড় প্রতিযোগিতায় A, Bকে 120 মিটারে পরাজিত করে। 500 মিটার দৌড় প্রতিযোগিতায় B, C কে 100 মিটারে পরাজিত করে। 800 মিটার দৌড় প্রতিযোগিতায় A, C কে কত মিটারে পরাজিত করে?
(a) 224 (b) 220 (c) 200 (d) 190

78. এক ব্যক্তি স্থির জলে 6 কিলোমিটার/ঘন্টা বেগে সাঁতার কাটতে পারে। যদি স্রোতের বেগ 2 কিলোমিটার/ঘন্টা হয়, তবে স্রোতের অনুকূলের থেকে স্রোতের প্রতিকূলে যেতে 3 ঘন্টা বেশি সময় লাগে। পুরো পথের দূরত্ব কত কিলোমিটার?
(a) 30 (b) 24 (c) 20 (d) 32

79. সমান দৈর্ঘ্যের দু'টি ট্রেন একটি পোস্টকে যথাক্রমে 5 সেকেন্ডে ও 6 সেকেন্ডে অতিক্রম করে। যদি এই ট্রেন দু'টি একই দিকে যাতায়াত করে, তবে তারা একে অন্যকে অতিক্রম করতে কত সেকেন্ড সময় নেয়?
(a) 60 (b) 50 (c) 48 (d) 40

80. এক ব্যক্তি তার প্রকৃত গতিবেগের তুলনায় 7/5 অংশ গতি বাড়ালো ও তার অফিসে নির্দিষ্ট সময়ের 20 মিনিট আগে পৌঁছালো। সাধারণত তার কত মিনিট সময় লাগে?
(a) 75 (b) 70 (c) 68 (d) 60

81. A পাইপটি 30 মিনিটে একটি চৌবাচ্চা ভরতি করতে পারে। B পাইপটি একটি চৌবাচ্চাকে 10 মিনিটে ভরতি করতে পারে। C পাইপ দিয়ে চৌবাচ্চাটি 40 মিনিটে খালি হয়। যদি সব পাইপ একসঙ্গে খোলা হয়, তবে ট্যাঙ্কটি ভরতি হতে কত ঘন্টা সময় নেবে?
(a) $9\frac{3}{13}$ (b) $9\frac{4}{13}$ (c) $9\frac{7}{13}$ (d) $9\frac{9}{13}$

82. A একটি কাজ 10 দিনে করতে পারে। B একটি কাজ 15 দিনে করতে পারে। তারা একসঙ্গে কাজ শুরু করে কিন্তু কাজটি শেষ হওয়ার দু'দিন আগে B কাজ ছেড়ে চলে গেল। তবে কাজটি কতদিনে শেষ হবে?
(a) 5 (b) 8 (c) 9 (d) 10

83. 3 বছর আগে 5 জন সদস্যের এক পরিবারের গড় বয়স 17 বছর ছিল। এক শিশুর জন্ম হওয়ায় তাদের গড় বয়স এখন একই থাকে। শিশুটির বয়স এখন কত বছর?
(a) 1 (b) 3 (c) $2\frac{1}{2}$ (d) 2

84. 600 গ্রাম চিনির জলীয় দ্রবণে 40% চিনি আছে। কী পরিমাণ চিনি ওই মিশ্রণে যুক্ত করলে মিশ্রণটি 50% হবে?
(a) 160 গ্রাম (b) 120 গ্রাম (c) 130 গ্রাম (d) 140 গ্রাম

85. একটি সংখ্যার 35% হল অন্য একটি সংখ্যার 75% এর দ্বিগুণ। প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত কত হবে?
(a) 35 : 6 (b) 31 : 7 (c) 30 : 7 (d) 23 : 7

86. কিছু পরিমাণ মূলধনের বার্ষিক 20% হারে 3 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য 152 টাকা। মূলধনের পরিমাণ কত টাকা?
(a) 1,18,745 (b) 19,000 (c) 15,000 (d) 20,000

87. এক ব্যক্তি 6 বছরের জন্য কোনো ব্যবসায় 21,250 টাকা বিনিয়োগ করল। বার্ষিক কত শতাংশ হার সুদে 6 বছরের শেষে সে 26,350 টাকা পাবে?
(a) 5% (b) 4% (c) 3% (d) 12%

88. 20% ও 5% হারে ক্রমান্বয়িক ছাড়ের সমতুল্য একক ছাড়ের পরিমাণ কত?
(a) 25% (b) 24% (c) 18% (d) 15%

89. কোনো একটি দ্রব্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্য 240 টাকা। যদি লাভ 20% হয়, তবে বিক্রয়মূল্য কত টাকা হবে?
(a) 1,440 (b) 1,400 (c) 1,240 (d) 1,200

90. P, Q ও R একসঙ্গে একটি ব্যবসা শুরু করল। P এর মূলধনের দ্বিগুণ Q এর মূলধনের তিনগুণের সমান, আবার Q এর মূলধন R এর মূলধনের 4 গুণের সমান। বার্ষিক লাভ হয়েছে 1,48,500 টাকা। Q কত টাকা পেল?
(a) 54,000 (b) 64,000 (c) 56,000 (d) 55,000

91. কোনো একটি শহরের জনসংখ্যা 7,05,600। যদি বার্ষিক 5% হারে জনসংখ্যা বাড়ে, তবে 2 বছর পরে মোট জনসংখ্যা কত হবে?
(a) 7,77,924 (b) 7,77,881 (c) 7,78,781 (d) 7,97,724

92. 35 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের চারিদিকে ঘুরে আসতে একটি বালকের কত সেকেন্ড সময় লাগবে, যার গতিবেগ ঘন্টায় 9 কিলোমিটার?
(a) 50 (b) 54 (c) 56 (d) 52

93. কোনো একটি স্থানে 6 মিনিট অন্তর ফায়ারিং হয়। ওইদিক থেকে একটি ট্রেন অগ্রসর হচ্ছিল। ওই ট্রেনের একজন যাত্রী 5 মিনিট 52 সেকেন্ডে পরপর দু'টি ফায়ারিং ধ্বনি শুনতে পেল। শব্দের গতি সেকেন্ডে 330 মিটার হলে, ট্রেনটির গতিবেগ কত কিলোমিটার হবে?
(a) 25 (b) 27 (c) 30 (d) 35

94. দু'টি সমান গ্লাসে $\frac{1}{3}$ ও $\frac{1}{4}$ ভাগ দুধ আছে। গ্লাস দু'টি জল দিয়ে পূর্ণ করা হল ও একটি পাত্রে মিশ্রণ দু'টি ঢালা হল। এখন পাত্রে দুধ ও জলের অনুপাত কত?
(a) 7 : 17 (b) 2 : 5 (c) 5 : 2 (d) 17 : 7

95. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর 52% ইংরিজিতে ফেল করে, 46% অঙ্কে ফেল করে। যদি উভয় বিষয়ে ফেলের হার 21% হয়, তবে শতকরা কতজন উভয় বিষয়ে পাশ করেছিল?
(a) 23% (b) 6% (c) 25% (d) 35%

96. একটি নির্বাচনের ক্ষেত্রে, ভোটারদের $\frac{1}{25}$ অংশ ভোট দেয়নি। দু'জন প্রার্থীর মধ্যে যিনি জিতেছেন, তিনি সব ভোটারের $\frac{13}{25}$ অংশ ভোট পান ও পরাজিত প্রার্থীর থেকে 500 ভোট বেশি পান। কতজন ভোটার ভোট দিয়েছিল?
(a) 6,250 (b) 6,000 (c) 6,500 (d) 5,600

97. 14 বছর আগে এক ব্যক্তির বয়স তাঁর পুত্রের বয়সের 6 গুণ ছিল। যদি পুত্রের বয়স এখন 20 বছর হয়, তবে তার পিতার বয়স কত বছর?
(a) 50 (b) 45 (c) 40 (d) 60

98. কোনো মূলধনের ওপর বার্ষিক 4% হারে 15 বছরের সরল সুদ ও বার্ষিক 5% হারে 10 বছরের সরল সুদের অন্তর হল 100 টাকা। মূলধন কত টাকা?
(a) 1,000 (b) 2,000 (c) 1,500 (d) 1,200

99. একজন ব্যক্তি কিছু পথ হেঁটে যেতে ও সাইকেলে ফিরতে 3 ঘন্টা 45 মিনিট সময় লাগল। ওই পথ সাইকেলে যেতে ও ফিরতে সময় লাগে $2\frac{1}{2}$ ঘন্টা। হেঁটে যেতে ও ফিরতে কত সময় লাগে?
(a) 2 ঘন্টা 30 মিনিট (b) 4 ঘন্টা (c) 6 ঘন্টা 15 মিনিট (d) 5 ঘন্টা

100. $\frac{[(998)^2-(997)^2]-45}{(98)^2-(97)^2}$ = কত?
(a) 0 (b) 10 (c) 15 (d) 990

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(b). 2(d). 3(c). 4(c). 5(b). 6(b). 7(d). 8(c). 9(d). 10(d). 11(b). 12(c). 13(b). 14(d). 15(d). 16(b). 17(d). 18(a). 19(c). 20(c). 21(a). 22(d). 23(a). 24(c). 25(d). 26(d). 27(d). 28(b). 29(b). 30(c). 31(d). 32(a). 33(a). 34(d). 35(d). 36(b). 37(a). 38(d). 39(a). 40(c). 41(c). 42(b). 43(b). 44(d). 45(b). 46(d). 47(b). 48(a). 49(c). 50(d). 51(b). 52(a). 53(c). 54(b). 55(b). 56(a). 57(a). 58(a). 59(c). 60(d). 61(b). 62(b). 63(d). 64(c). 65(d). 66(a). 67(d). 68(c). 69(c). 70(d). 71(c). 72(c). 73(b). 74(c). 75(a). 76(b). 77(a). যদি A, 1,200 মিটার দৌড়ায়, তবে B, 1,080 মিটার দৌড়ায়। যদি A, 800 মিটার দৌড়ায়, তবে B দৌড়ায় $\frac{1080}{1200}\times800$ = 720 মিটার। যখন B, 500 মিটার দৌড়ায় তখন C, 400 মিটার দৌড়ায়। যখন B, 720 মিটার দৌড়ায়, তখন C দৌড়ায় $\frac{400}{500}\times720$ = 576 মিটার। তাহলে A, C কে (800–576) = 224 মিটারে পরাজিত করে। 78(b). মনে করি, দূরত্ব = x কিলোমিটার। প্রশ্নানুসারে, $\frac{x}{6+2}+3=\frac{x}{6-2} \Rightarrow \frac{x}{8}+3=\frac{x}{4} \Rightarrow \frac{x}{4}-\frac{x}{8}=3 \Rightarrow \frac{2x-x}{8}=3 \Rightarrow x=3\times8=24$ কিলোমিটার।

79(a). মনে করি, ট্রেনের দৈর্ঘ্য = x মিটার। তাহলে প্রথম ট্রেনটির গতিবেগ = $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}}=\frac{x}{5}$ মিটার। তাহলে দ্বিতীয় ট্রেনটির গতিবেগ $\frac{x}{6}$ মিটার/সেকেন্ড। যদি ট্রেন দু'টি একই দিকে যায়, তবে একে অন্যকে অতিক্রম করতে সময় নেয় = $\frac{\text{দু'টি ট্রেনের দৈর্ঘ্যের সমষ্টি}}{\text{দু'টি ট্রেনের আপেক্ষিক গতিবেগ}}=\frac{x+x}{\frac{x}{5}-\frac{x}{6}}=\frac{2x}{\frac{6x-5x}{30}}=\frac{2x\times30}{x}$ = 60 সেকেন্ড। 80(b). আগের গতিবেগ অনুযায়ী যতক্ষণে পৌঁছত, এখন $\frac{7}{5}$ অংশ বাড়িয়ে 20 মিনিট কম লাগে = অর্থাৎ, আগে যদি 70 মিনিট লাগে, এখন 50 মিনিট লাগবে। অর্থাৎ, (70 – 50) = 20 মিনিট। 81(a). 1 মিনিটে A পাইপ দিয়ে ভরতি হয় = $\frac{1}{30}$ অংশ। 1 মিনিটে B পাইপ দিয়ে ভরতি হয় = $\frac{1}{10}$ অংশ। 1 মিনিটে C পাইপ দিয়ে খালি হয় = $\frac{1}{40}$ অংশ। তাহলে 1 ঘন্টায় পূর্ণ হয় = $\left(\frac{1}{30}+\frac{1}{10}-\frac{1}{40}\right)=\frac{13}{120}$। তাহলে সময় লাগবে = $\frac{120}{13}=9\frac{3}{13}$ ঘন্টা। 82(b). A এর 5 দিনে কাজ = $\frac{5}{10}$ অংশ = $\frac{1}{2}$ অংশ। বাকি কাজ = $1-\frac{1}{2}=\frac{1}{2}$। (A + B) 1 দিনে করে = $\left(\frac{1}{10}+\frac{1}{15}\right)=\frac{1}{6}$ অংশ। তাহলে (A + B) $\frac{1}{2}$ অংশ করবে = $\frac{1}{2}\times6$ = 3 দিনে। তাহলে মোট সময় = (5 + 3) = 8 দিন।

83(d). 3 বছর আগে 5 জনের মোট বয়স ছিল = 17 × 5 = 85 বছর। এখন ওই 5 জনের মোট বয়স = 85 + 3 × 5 = 85 + 15 = 100 বছর। তাহলে এখন 6 জনের মোট বয়স = 17 × 6 = 102 বছর। তাহলে শিশুটির বয়স (102–100) = 2 বছর। 84(b). চিনির পরিমাণ = $600\times\frac{50-40}{100-50}=600\times\frac{10}{50}$ = 120 গ্রাম। 85(c). প্রথম সংখ্যার 35% = দ্বিতীয় সংখ্যার 75% × 2. তাহলে A : B = $\frac{75}{100}\times2:\frac{35}{100}$ = 75 × 2 : 35 = 150 : 35 = 30 : 7 86(b). আসল = $152\times\left(\frac{100}{20}\right)^3$ = 152 × 125 = 19,000 টাকা। 87(b). 6 বছরের মোট সুদ = (26350 – 21250) = 5100 টাকা। তাহলে সুদের হার = $\frac{5100\times100}{6\times21250}$ = 4% হারে। 88(b). একক ছাড়ের পরিমাণ = $\left\{(20+5)-\frac{20\times5}{100}\right\}\%$ = (25 – 1) = 24%. 89(a). মনে করি, ক্রয়মূল্য = 100. লাভ 20%. অর্থাৎ বিক্রয়মূল্য = 120. তাহলে দ্রব্যটির ক্রয়মূল্য = $\frac{240}{20}\times100$ = 1,200 টাকা। তাহলে দ্রব্যটির বিক্রয়মূল্য = 1200 + 240 = 1,440 টাকা। 90(a). P : Q = 3 : 2, Q : R = 4 : 1. তাহলে P : Q : R = 12 : 8 : 2 = 6 : 4 : 1. তাহলে Q পাবে = $148500\times\frac{4}{11}$ = 54,000 টাকা। 91(a). 2 বছর পর শহরের জনসংখ্যা = $705600\times\left(1+\frac{5}{100}\right)^2$ = $705600\times\frac{21}{20}\times\frac{21}{20}$ = 7,77,924 জন। 92(c). সেকেন্ডে গতিবেগ = $9\times\frac{5}{18}=\frac{5}{2}$ মিনিট। তাহলে মোট সময় = $35\times4\times\frac{2}{5}$ = 56 সেকেন্ড। 93(b). সময়ের পার্থক্য 6 মিনিট – 5 মিনিট 52 সেকেন্ড = 8 সেকেন্ড। 8 সেকেন্ডে শব্দ যে দূরত্ব অতিক্রম করে, ওই ব্যক্তির 5 মিনিট 52 সেকেন্ডে অর্থাৎ, 3.52 সেকেন্ডে ওই ব্যক্তির ট্রেনে দূরত্ব অতিক্রম করার সমান। অর্থাৎ, ট্রেনটি 1 সেকেন্ডে যাবে $\frac{8\times330}{352}$ = 7.5 মিটার/সেকেন্ড। অর্থাৎ, $7.5\times\frac{18}{5}$ = 27 কিলোমিটার/ঘন্টা। 94(a). সমান গ্লাস দু'টির ধারণ ক্ষমতা মনে করি, 12 (3 ও 4 এর ল.সা.গু)। তাহলে প্রথম পাত্রে দুধ : জল = 4 : 8 ও দ্বিতীয় পাত্রে দুধ : জল = 3 : 9. তাহলে নতুন পাত্রে দুধ : জল = (4 + 3) : (8 + 9) = 7 : 17 95(a). উভয় বিষয়ে পাশ করে = {100 – (52 + 46 – 21)}% = (100 – 77)% = 23%.

96(b). ভোট দিয়েছিল = $\left(1-\frac{1}{25}\right)=\frac{24}{25}$ অংশ। তাহলে পরাজিত প্রার্থী পান = $\frac{24}{25}-\frac{13}{25}=\frac{11}{25}$ অংশ। তাহলে ভোট দিয়েছিল = $500\times\frac{25}{13-11}=\frac{24}{25}$ = 6,000. 97(a). পিতার এখনকার বয়স = (20 – 14) × 6 + 14 = 50 বছর। 98(a). আসল 100 টাকা হলে, সুদের পার্থক্য = (4 × 15 – 5 × 10) = 10 টাকা। তাহলে আসল = $\left\{\frac{100\times100}{10}\right\}$ = 1,000 টাকা। 99(d). দ্বিগুণ পথ হেঁটে যেতে সাইকেলে ফিরতে সময় লাগে = 3 ঘন্টা 45 মিনিট × 2 = 7 ঘন্টা 30 মিনিট। তাহলে হেঁটে যেতে ও ফিরতে সময় লাগে = 7 ঘন্টা 30 মিনিট – $2\frac{1}{2}$ ঘন্টা = 5 ঘন্টা।

100(b). $\frac{[(998)^2-(997)^2]-45}{(98)^2-(97)^2}$
$=\frac{(998+997)(998-997)-45}{(98+97)(98-97)}$
$=\frac{1995-45}{195}=\frac{1950}{195}=10$

Daily Success Now

■ KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 30 ■ 27 July, 2019 ■ 9

## পরবর্তী ভর্তির তারিখ ও সময় ঃ ২৮ জুলাই, ২০১৯ রবিবার, বেলা ১২ টা থেকে ৪ টে।

# হতাশদের পাশে কামাল হোসেন




এরা প্রত্যেকেই কামাল হোসেনের ক্ষুদ্র সাহায্য নিয়ে রাজ্য সরকারের গ্রুপ 'ডি'-এর ভিন্ন দপ্তরে কর্মরত।

## এমনই সাদামাটাদের গুণে সেরা করেন কামাল হোসেন।

### কামাল হোসেন কোচিং-এ কেন পড়বেন?

- ✓ পড়ার মনোযোগী করানো ও মনে রাখার উপযুক্ত কৌশল শেখান পেশায় স্কুল শিক্ষক কামাল হোসেন।
- ✓ অঙ্ক ক্লাস ফাইভ সিক্সের বাচ্চাদের মতো প্রথমে বোর্ডে ডেসক্রিপটিভ আকারে হাতে কলমে শেখানো হয়। তারপরে সর্বাধিক শর্টকাট উপায় শেখানো হয় এবং সঙ্গে সঙ্গে ক্লাসে কয়েকটা করতে দেওয়া হয়।
- ✓ ইংরাজি ও জেনারেল নলেজ একেবারে হাতে কলমে শিখবেন।
- ✓ প্রতি ক্লাসে আগের দিনের পড়া প্রত্যেককে ধরা হবে। পড়া না পারলেই ক্লাস থেকে সরাসরি অভিভাবককে ফোনে রিপোর্ট দেওয়া হবে। অভিভাবক জানবেন সন্তানের উন্নতি/অবনতি।
- ✓ প্রতি মাসে ২টি করে ক্লাস টেস্ট হবে, যাতে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক। এই নম্বর না পেলে অভিভাবককে সরাসরি অফিসে দেখা করতে হবে।
- ✓ ক্লাসটেস্টের স্থানাধিকারীরা মেডেল পাবেন, তারসঙ্গে অভিভাবকরাও পুরস্কৃত হবেন।
- ✓ অভিভাবক ছাড়া ভর্তি নেওয়া হয় না। এইজন্য এখানে অভিভাবক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের মধ্যে একটা মেলবন্ধন তৈরি হয়, যা সফল করাতে বাধ্য।
- ✓ টানা ১০টা থেকে ৫টা ঠান্ডা ঘরে (A.C.) ক্লাস করবেন, যাতে অস্বস্তির জন্য মনোযোগ নষ্ট না হয়।
- ✓ অঙ্কের শর্টকাট আছে সবাই জানে কিন্তু জি.কে. এবং ইংরাজির শর্টকাট শেখান কামাল হোসেন স্যার নিজে।

## টেট (প্রাইমারী + VI - XII) PSC কম্বাইন্ড

### কোচিং ও স্টাডি মেটিরিয়ালস

- 3-6 মাসের কোর্স, সপ্তাহে 2 দিন ক্লাস (10টা-5টা)।
- কোর্স ফি — 7000 টাকা (18% GST ছাড়া)।
- কম্পালসারি টেট কোর্স ফি — 8000 টাকা (18% GST ছাড়া)।
- সব বিষয়ের স্টাডি মেটিরিয়ালস (টেট ছাড়া কম্বাইন্ড) পাবেন 500 — 1000 টাকার মধ্যে।
- **ফোনে কোচিং সংক্রান্ত কিছু জানানো হয় না। অযথা কিছু জানতে চাইবেন না।**

কোচিং সম্বন্ধে বিস্তারিত জানতে এবং স্টাডি মেটিরিয়ালস নিতে সরাসরি আসুন নিম্নের ঠিকানায় কেবল রবিবার 10 টা — 6 টা। অন্যদিন অফিস সম্পূর্ণ বন্ধ থাকবে, কিন্তু ক্লাস চলবে প্রতিদিন।

- কোলকাতা - সরাসরি কোচিং-এর জন্য যোগাযোগ করুন নিম্নের ঠিকানায় কেবল শনি ও রবিবার।

এছাড়া ফ্রাঞ্চাইজি দ্বারা কোচিং দেওয়া হচ্ছে নিম্নের স্থানগুলোতে।

- জলপাইগুড়ি — 8116650264
- বর্ধমান — 8697236597
- মেদিনীপুর — 9933320591
- বাগনান — 9775812303
- বারাসত — 9073661809
- ডায়মণ্ডহারবার — 9073661984
- ক্যানিং — 8116256483

সব জেলাতে **ফ্রাঞ্চাইজি** দেওয়া হচ্ছে। আগ্রহীরা নিম্নের ঠিকানায় সরাসরি আসুন। এই বিষয়ে কোনো ফোন করবেন না।

## অফিস গার্ল চাই

এই ইনস্টিটিউটে সাক্ষাতের জন্য আগত সবাইকে WELCOME করে বসানোর জন্য মাধ্যমিক উত্তীর্ণা ১৮ - ২৫ বছর বয়স্কা অবশ্যই স্মার্ট ও সুন্দরী মহিলারা সঙ্গে বায়োডাটা সহ নিম্নের ঠিকানায় আসুন ২৭ জুলাই, শনিবার বেলা ১২ টা থেকে ১ টার মধ্যে। কোনো ফোন করবেন না। কাজ কেবল প্রতি রবিবার ১০টা - ৬ টা। দৈনিক ৩০০ টাকা।

## কামাল হোসেন সম্পাদিত বই




Rs. 300/-

- $\sqrt{494209}$ = ?

ব্যাখ্যা ঃ- এক্ষেত্রে কেবল 494 + 209 করলে উত্তর এসে যাবে, অর্থাৎ উত্তর হবে = 703.




Rs. 300/-

- কোন কোন ভিটামিন ফ্যাটে দ্রবণীয়?

A, D, E, K হল ফ্যাটে দ্রবণীয় ভিটামিন। বাকী সমস্ত ভিটামিন জলে দ্রবণীয়।

কৌশল ঃ- 'এদিকে'='ADEK' এই 'এদিকে' ভাঙলে হয় — A + D + E + K = এদিকে। অর্থাৎ A, D, E, K এই চারটি ভিটামিন ফ্যাটে দ্রবণীয়।




**কামাল হোসেন কোচিং-এর ঠিকানা ও ফোন নম্বর**

**অফিস খোলা কেবল রবিবার 10টা-6টা।**

কোলকাতা — কামাল হোসেন কোচিং (2nd & 3rd Fl.), 19 শ্যামাচরণ দে স্ট্রিট, কোলকাতা - 700073। কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে। কোচিং সম্পর্কিত কোনো তথ্য ফোনে জানানো হয় না। ফোনে যোগাযোগ প্রতিদিন 11টা-6টা।

ফোন - 033-2241-0105 ও 033-2241-0106

**কোচিং সম্বন্ধে আরও জানতে চান?**

Google-এ Kamal Hossain Coaching লিখে সার্চ করুন।

অথবা প্রবেশ করুন — YouTube kamal hossain motivation class (video).

WEBSITE:- www.kamalhossain.in

Daily Success Now

Radhikapur



## ২৫ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

কাজে দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে ইংরিজি ও হিন্দি টাইপিংয়ে মিনিটে যথাক্রমে ৪০টি ও ৩৫টি শব্দ তোলার গতি থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, প্রতিবন্ধী ৩)। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে। তবে চুক্তির মেয়াদ আরো ২ বছর বাড়ানো হতে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং : E-II/06/2019 (DR).

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট বা, কম্পিউটার টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.iitd.ac.in, https://ecampus.iitd.ac.in প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই

সফলতায় শ্রেষ্ঠ ও বিশ্বাসযোগ্য পুরনো প্রতিষ্ঠান
C.T.M COLLEGE
ভর্তি চলছে : মাধ্যমিক, HS, ITI, BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, M.Ed, BCA, BBA, MCA, MBA, LLB, LLM, D.Pharm, B.Pharm, B.Tech, M.Tech, M.Phil, Ph.D ও নার্সিং etc.
West Bengal B.Ed, D.Ed, Diploma Eng. – Cost Rs. 60000/-
স্টাইপেন্ড ও লোনের ব্যবস্থা আছে
9735457759, 7001686740

B.Tech/Diploma/ITI
পাশদের গভঃ চাকরির প্রশিক্ষণ
Rail JE CBT -2
Mech./Elec./Civil
Technical New Batch 4th August
SSC/KMC/PSC/HPCL/DRDO/VI
Fitter ও Electrician নতুন ব্যাচ শুরু হচ্ছে।

SUCCESS Asst. Loco Pilot Atanu Maity
GURUKUL
Study Centre For Technical Service Exam
(NTPC/GR-D)
MECH./ELEC./CIVIL পৃথক ব্যাচে ভর্তি চলছে
★ FACULTY একাধিক Prof. ও দক্ষ ইঞ্জিনিয়ার
Garia Stn. 9874074233
Kol-84 8013958966

সুনিশ্চিত ভবিষ্যত গড়তে ITI করুন
NCVT কোর্স —
FITTER, ELECTRICIAN, WELDER, COPA
যোগাযোগ —
Himadri Technical Training Institute
Coaching Centre
কল্যাণী, নদিয়া
8017092941, 8697613034
সালার : 964194676
রিষড়া : 9748044192

CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (C.I.M.S.T.)
APPROVED BY BSS, Govt. of India
নার্সিং / প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে
G.N.M, B.Sc. নার্সিং (INC Approved)
DMLT, ফিজিওথেরাপি, এক্স-রে, SCAN, MRI, Dip. in Radiology, ECG, O.T, Dialysis, Critical Care, D.Opt. (চক্ষু), CMS & ED (Allo), D.A.M.S (আয়ুর্বেদ), D.H.M.S (হোমিও), D.D.H (ডেন্টাল), CCDS। যোগ্যতা : MP / HS
Campus : 126B, Raja Rammohan Sarani, শিয়ালদহ পূরবী সিনেমার কাছে, Kol-9.
M : 9331062421, 7478139891 (10 am to 6 pm)
Website : www.cimst.org.in

এক চান্সেই পাশ করুন
BA, B.Sc., B.Com, MA, M.Sc., M.Com, MBA, MCA, LLB, Dip Engg., B.Tech, M.Tech, B.Ed., M.Ed., B.P.Ed.
DCS Saltlake, Ranaghat
9830824664

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সফল সফল পত্রিকা দুটি।

● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন
নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। ছোট থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১১ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিবালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়ার ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

সম্পাদকের কলম

# অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির অন্তর্ভুক্ত হলে আখেরে পস্তাতে হবে

অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির ছেলেমেয়েদের স্কুল-কলেজে ভরতি ও চাকরি ক্ষেত্রে ১০% সংরক্ষণের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তা কাদের উপকারে লাগবে, তা নিয়েই এখন সন্দেহ দানা বাঁধছে। এর আগে চাকরি ক্ষেত্রে তপশিলি জাতি, তপশিলি উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণি, প্রাক্তন সমরকর্মী প্রভৃতি মিলিয়ে প্রায় ৫০%, অর্থাৎ অর্ধেক সংরক্ষণ ছিল। এবার অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির জন্য আরো ১০% সংরক্ষণ করলে, মূলত সংরক্ষণের পাল্লায় ৪০% থাকবে উচ্চবিত্ত জেনারেল কাস্টের ভাগে। তাহলে লাভ হবে মূলত কাদের? যাঁদের পারিবারিক মাসিক আয় ৬৬,৬৬৬ টাকার বেশি কিংবা শহরে ১,০০০ বর্গফুটের বেশি মাপের ফ্ল্যাট আছে কিংবা পুরসভা এলাকায় ১০০ বর্গগজের বেশি ডাঙা বা বসত জমি আর পঞ্চায়েত এলাকায় ২০০ বর্গগজের বেশি বসত বা ডাঙা জমি আছে, তাঁরা এবার ৪০% অসংরক্ষিত শূন্যপদে চাকরির জন্য ও স্কুল-কলেজে ভরতির ক্ষেত্রে ৪০% অসংরক্ষিত সিটে ভরতি হতে পারবেন। তাহলে কারা বেশি সুযোগ পেলেন? উচ্চ নিম্নবিত্ত ও উচ্চবিত্তরা, নাকি গরিব ও নিম্নবিত্তরা? পারিবারিক ৮ লাখ টাকা আয় কি সত্যিই অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণি বলে চিহ্নিত করা যায়? মাসে ১০-১২ হাজার টাকা আয়ের লোক ও মাসে ৬৬,৬৬৫ টাকা আয়ের লোক এখন এক গোত্রেই চলে এলেন। এ তো মুড়ি-মিছরির একই দর করে দেওয়া হল। ২০১৫-১৬ সালের যে কৃষি-সুমারির রিপোর্ট ২০১৮ সালের সেপ্টেম্বরে বেরিয়েছিল, তাতে দেখা যাচ্ছে, সারা দেশে ১ একরের মধ্যে কৃষি জমি আছে এমন প্রান্তিক চাষির হোল্ডিং সংখ্যা ৯ কোটি ৯৮ লাখ ৫৮ হাজার। অর্থাৎ প্রায় ১০ কোটি প্রান্তিক চাষি। আর ১-২ একর কৃষি জমি আছে এভাবেই ২ কোটি ৫৭ লাখ ৭৭ হাজার ক্ষুদ্র চাষির। ২ একরের কম জমি আছে ১২ কোটি ৫৬ লাখ ৩৫ হাজার চাষির, অর্থাৎ প্রায় ৮৬.২%। আর এর বেশি আছে ১৪ কোটি ৫৭ লাখ ২৭ হাজার হোল্ডিংয়ের চাষি। অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির যে বিজ্ঞপ্তি কেন্দ্রীয় সরকার ঘোষণা করার পর এ রাজ্যেও চালু হচ্ছে, তাতে দেখা যাচ্ছে, ৫ একরের কম জমি যাঁদের আছে, তাঁরা অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির আওতায় পড়বেন। ২০১৫-১৬ সালের কৃষি সুমারির হিসাব অনুযায়ী ৮৬% চাষি পরিবার এই শ্রেণির আওতাভুক্ত হতে পারবেন। তাহলে পড়ে থাকে ১৪% উচ্চবিত্তের সম্পন্ন পরিবার, যাঁদের জন্য স্কুল-কলেজ ও চাকরি ক্ষেত্রে পড়ে থাকা ৪০% অসংরক্ষিতের সুযোগ থাকবে। তাহলে লাভ হল কাদের? নাবার্ডের হিসাব অনুযায়ী, শহরের ৯৯% লোকই বাসস্থানের পরিমাপ অনুযায়ী অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির আওতায় পড়বেন। বাকি ১% লোক সংরক্ষণের আওতায় না পড়ায় অসংরক্ষিতদের জন্য বরাদ্দ ৪০% এলাকার যাবতীয় সুযোগ-সুবিধা নিতে পারবেন। ২০১১ সালের সামাজিক-অর্থনৈতিক জাতি-উপজাতির জনগণনায় দেখা গেছে, গ্রামের ৮.২৫% পরিবারের মাসিক আয় ১০,০০০ টাকার কম। তাঁদের জন্য এবার এই সংরক্ষণে বাড়তি কী সুবিধা হবে? পাশাপাশি শহরাঞ্চলের বস্তি এলাকায় কষ্টেসৃষ্টে সংসার চালানো গরিবদের সঙ্গে এবার শহরের সম্পন্ন ফ্ল্যাটের বাসিন্দারা একই শ্রেণির অন্তর্ভুক্ত হলেন। ফলে পড়ালেখা ও চাকরির ক্ষেত্রে ওই ১০% সংরক্ষিত শূন্যপদ দখল করার জন্য প্রতিযোগিতা আরো তীব্র হল।

এ তো গেল, সারা দেশের কথা। এবার এ রাজ্যের দিকে দেখা যাক। ২০১৬ সালের কৃষি সুমারি অনুসারে রাজ্যে কৃষিজীবীর সংখ্যা ৭২ লাখ ৪৩ হাজার। তাঁদের মধ্যে ৫ একরের কম জমি আছে প্রায় ৬৯ লাখ ৬৯ হাজার জন চাষির। এনারা কৃষি সুমারি অনুসারে প্রান্তিক ও ক্ষুদ্র চাষি। প্রান্তিক ও ক্ষুদ্র চাষিদের মধ্যে তপশিলি জাতি, উপজাতি ও ওবিসি সম্প্রদায়ের কৃষিজীবী প্রায় ৩৫ লাখ ৭০ হাজার জন, অর্থাৎ রাজ্য সরকারের হিসাবে প্রায় ৩৪ লাখ কৃষক নতুন ঘোষিত ১০% সংরক্ষণের আওতায় আসবেন।

মোদ্দা কথা হল, রাজ্যের গরিব কৃষকের প্রায় ৪৩ শতাংশের জন্য ১০% সংরক্ষণের বন্দোবস্ত করল কেন্দ্র-রাজ্য সরকার। রাজ্যের সংখ্যালঘুদের প্রায় ৯৭% আছেন ওবিসি তালিকায়। ফলে তাঁদের প্রায় সবাই এই সংরক্ষণের বাইরে থাকবেন।

এবছরের ৯ জানুয়ারি সংসদে এই অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির জন্য ১০% সংরক্ষণের বিল পাশ হয়। এরপর গত ১ ফেব্রুয়ারি থেকে তা সারা দেশে চালু হয়। এ রাজ্যের কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী, এবছর ৭ মার্চ বিভিন্ন দফতরের বিভাগীয় প্রধানদের কাছে নির্দেশ পাঠায়, তাঁদের দফতরে ও প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে এই সংরক্ষণের বিষয়টি প্রচার করতে। এরপরই বামপন্থীরা এই সংরক্ষণ নীতি চালু করার জন্য সরব হন। কিন্তু কোন-কোন মাপকাঠিতে এই শ্রেণির শংসাপত্র দেওয়া হবে, তা ঠিক না হওয়ায় জেলাশাসক ও মহকুমাশাসকের দফতর থেকে এই শংসাপত্র দেওয়া শুরু হয়নি। সোমবার মন্ত্রিসভার বৈঠকে এ নিয়ে সিদ্ধান্তের পর বিধান পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় জানান, কোন মাপকাঠিতে একজনকে অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির বলে চিহ্নিত করা হবে, তা পরে সব জেলাশাসক ও মহকুমাশাসককে জানানো হবে। কিন্তু কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণি চিহ্নিতকরণ হলে, আখেরে গরিবদের কোনো লাভ হবে না। আর মধ্যবিত্তদের ক্ষেত্রে তো হিতে-বিপরীত হবে। বিশেষত সরকারি চাকরি ক্ষেত্রে ও স্কুল-কলেজে ভরতির ক্ষেত্রে সুযোগ কমে গিয়ে কপাল চাপড়াতে হবে। তবু কেউ আগ্রহী হলে গ্রামাঞ্চলে বিডিও'র কাছে, পুরসভা এলাকায় মহকুমা শাসকের কাছে আর কলকাতার ক্ষেত্রে জেলা ওয়েলফেয়ার অফিসারের দফতরে যোগাযোগ করতে পারেন। কেন্দ্রীয় সরকার বরং এর বদলে আয়ের উর্ধ্বসীমা কমালে কিংবা আয়করে ছাড় দিলে লাভ হত।

সত্যব্রত ঘোষ

## এইমসে ১৯৯ নার্স

১ পাতার পর

কোন পদের জন্য যোগ্য :

নার্সিং অফিসার গ্রেড-II : মাধ্যমিক পাশরা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে 'এ' গ্রেড নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : লেভেল-৭ শূন্যপদ : ১৫০টি (জেনাঃ ৬২, ও.বি.সি. ৪০, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৫।

ল্যাব অ্যাটেন্ড্যান্ট গ্রেড-II : বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মেডিক্যাল ল্যাবরেটরির কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : লেভেল- ২। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

হসপিটাল অ্যাটেন্ড্যান্ট গ্রেড-III (নার্সিং অর্ডারলি) : ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : লেভেল - I. শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩)।

সব ক্ষেত্রে শুরুতে ২ বছরের প্রবেশন। সব পদের বেলায় বয়স গুণতে হবে ৪-৮-২০১৯'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : PGI/RC/009/2019/3011, dated: 16-7-2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০৫ মিনিটের পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই নম্বর পেলে সফল হবেন। লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pgimer.edu.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ৫০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার ৩০ কে.বি.'র মধ্যে জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী হলে ৫০০) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দেবেন এই শিরোনামে : Power Jyoti' PUL current account of PGIMER.Ac No. 35700657347. টাকা জমা দেবেন চালানের মাধ্যমে। চালান ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে, ফটো ও সিগনেচার আপলোড করে আর ফী ডিটেলস আপলোড করে সাবমিট করালেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন।

You Tube ➡Daily Success Now

## ই.এস.আই হাসপাতালে নার্সিং ট্রেনিং

১ পাতার পর

মিডওয়াইফারি (জি.এন.এম.)' সাড়ে ৩ বছরের কোর্সে ভরতি শুরু হয়েছে। উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে। কোনো প্রার্থীই বয়সের ছাড় পাবেন না। শতকরা হার নির্ণয়ের সময় অতিরিক্ত বিষয়, এনভায়রণমেন্টাল সায়েন্স ও ভোকেশনাল বিষয়ে পাওয়া নম্বর ধরা হবে না। মুক্ত বিদ্যালয় থেকে পাশরা আবেদনের যোগ্য নন। প্রার্থীকে ৫ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সাড়ে ৩ বছরের ট্রেনিং শেষে ৬ মাস ইন্টার্ণশিপ হিসাবে কাজ করতে হবে। বাসস্থান খরচ বাবদ মাসে ১২ টাকা দিতে হবে। সীট : ৭০টি (মানিকতলা নার্সেস ট্রেনিং সেন্টারে ৫০টি ও শিয়ালদহ নার্সেস ট্রেনিং স্কুলে ২০টি)।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। উচ্চমাধ্যমিকে আবশ্যিক বিষয়ে পাওয়া মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর হিসাবের সময় অতিরিক্ত বিষয় বা, ভোকেশনাল বিষয়ে প্রাপ্ত নম্বর গণ্য করা হবে না। দু'টি ল্যাঙ্গোয়েজ পেপার ও ৩টি কম্পালসারি ইলেক্টিভ বিষয়-সহ নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় থাকলে অগ্রাধিকার পাবেন। মেধা তালিকা টাঙানো হবে সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্তের ফর্ম ও প্রস্পেক্টাস পাবেন হাতে-হাতে। দাম ৩৫০ টাকা। টাকা এলাহবাদ ব্যাঙ্ক, উল্টোডাঙ্গা ব্রাঞ্চে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর ডিপোজিট স্লিপ নিয়ে যে কোনো কেন্দ্রে জমা দিলেই ফর্ম ও প্রস্পেক্টাস পাবেন। ফর্ম দেওয়া হবে ও টাকা জমা নেওয়া হবে ১০ আগস্টের মাধ্যে।

পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) উচ্চমাধ্যমিক বা, সমতুল পরীক্ষার মার্কশিটের ২ কপি প্রত্যয়িত নকল, (২) জন্ম-তারিখের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৩) আবাসিক প্রমাণপত্র বা, রেসিডেন্সিয়াল সার্টিফিকেট (নির্দিষ্ট বয়ানে, বয়ান ওয়েবসাইট থেকে পাবেন)। মফঃস্বল (আর্বান) এলাকার প্রার্থীদের বেলায় মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র /কাউন্সিলর, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, স্থানীয় এম.এল.এ. বা, এম.পি.'র দেওয়া আর গ্রামাঞ্চলের বেলায় স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাপতি / স্থানীয় জেলা পরিষদের সভাধিপতি /স্থানীয় বিধায়ক/স্থানীয় সাংসদ /গেজেটেড অফিসারের দেওয়া সার্টিফিকেট, (৪) তপশিলী, ও.বি.সি.'দের বেলায় কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৫) এখনকার তোলা ও নিজের সই-করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের ডান কোণে নির্দিষ্ট জায়গায় সেঁটে), (৬) আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা দেবেন ডিভোর্সের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ওপরের ওইসব প্রমাণপত্র প্রত্যয়িত করাবেন 'গ্রুপ-এ গভর্নমেন্ট অফিসার' কিংবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে দিয়ে। যে কোনো একটি ট্রেনিং স্কুলের জন্য দরখাস্ত করবেন। একাধিক স্কুলে দরখাস্ত করলে বাতিল হবে। দরখাস্ত হাতে-হাতে কিংবা স্পীড পোস্টে পাঠাবেন যে কোনো একটি ঠিকানায় : The Principal, Nurses' Training Centre, ESI Hospital, Manicktala, 93 Bagmari Road, Kolkata - 54. (2) The Principal, Nurses Training School, E.S.I. Hospital Sealdah, Kolkata - 7000 09.


## আর্মি, নেভি ও এয়ারফোর্স বাহিনীতে
### সাফল্যের দিশা দেখাচ্ছে ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমি

দীর্ঘ ১৬ বছর ধরে শিক্ষক আহমেদ আলি খান স্যার পশ্চিমবঙ্গের প্রায় সবকটি জেলার ছেলেমেয়েদেরকে মাঠের প্রস্তুতি ও লিখিত পরীক্ষার কোচিং-এর মাধ্যমে সরকারী চাকুরিতে সাফল্যের পথ দেখিয়ে চলেছেন। বর্তমানে যেসব কোর্সে ভর্তি চলছে : আর্মির শিলিগুড়ি ও ব্যারাকপুর র‍্যালি, এয়ারফোর্স (X, Y), নেভি (SSR), WBP কনস্টেবল, SSC GD (মাঠের প্রস্তুতি), CISF হেড কনস্টেবল, BSF ট্রেডসম্যান। ট্রেড অনুযায়ী বিষয় ভিত্তিক পৃথক ক্লাস, ইংরেজি ও বাংলাতে স্পেশাল নোটস্ এবং ক্লাস টেস্ট, নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা। পরবর্তী ব্যাচ ২৬, ৩০ জুলাই ও ২, ৬, ১০ আগস্ট ২০১৯। যোগাযোগ : হেড অফিস- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-৭০০০২৮ (হোটেল শ্রীকৃষ্ণ নিকটে), ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। শিলিগুড়ি - ৭৮৯০০০৯৬৭২। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।


## ৫ বছরে JDS ITI কলেজ চাকরি দেওয়ার ক্ষেত্রে রেকর্ড সৃষ্টি করেছে

বিশেষ প্রতিনিধি : ৫ বছরের যাত্রা শুরু করল বারাসাতের JDS ITI কলেজ। ২০১৪ সালে সংস্থার পথ চলা শুরু। ইতিমধ্যেই কলেজ থেকে ৩টে ব্যাচ পাশ করে বেরিয়েছে ও প্রায় সবাই নানা শিল্প সংস্থায় চাকরি করছে। বারাসাতের শিক্ষার জগতে নতুন সূর্যোদয় এনেছে JDS ITI. মধ্যমানের পড়ুয়াদের ক্ষেত্রে কারিগরি চাকরির ক্ষেত্রে নতুন দিগন্ত এনেছে এই সংস্থা। এখানকার শিক্ষার অন্যতম বৈশিষ্ট্য হাতে-কলমে ট্রেনিং দিয়ে ছাত্রছাত্রীদের কাজের উপযোগী করে গড়ে তোলা। আজকাল প্রতিটি শিল্পসংস্থাই চায় তৈরি ও দক্ষ ছেলেমেয়ে। কেন্দ্রীয় সরকারে শ্রম দফতরে স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট NCVT-র তত্ত্বাবধানে ITI শিক্ষার রূপরেখা তৈরি হয়েছে যা আন্তর্জাতিক লেবার অর্গানাইজেশন অনুমোদন প্রাপ্ত। ফলে ITI পাশ ছেলেমেয়েরা খুব সহজে দেশে-বিদেশে চাকরি পেয়ে যায়। উল্লেখ্য, শিল্প সংস্থার এন্ট্রি লেভেলে পলিটেকনিক বা বি.টেক পাশ ছেলেমেয়েদের তুলনায় ITI পাশদের বেশি চাহিদা। কিন্তু চাহিদার তুলনায় যোগ্য প্রার্থীর সংখ্যা খুব কম। তার একটাই কারণ আধুনিক পরিকাঠামো, উপযুক্ত ট্রেনিংয়ের অভাব।

দক্ষ কর্মীদের এই বিপুল চাহিদার কথা মাথায় রেখে JDS Pvt. ITI-এ পড়ানো হয়, ফিটার, ইলেক্ট্রিশিয়ানের কোর্স। ITI পাশ করার পর এইসব প্রার্থীদের যেমন আছে ডিপ্লোমা করার সুযোগ, ঠিক তেমনি আবার ডিপ্লোমা পাশ করার পরও বি.টেক কোর্স করার সুযোগ রয়েছে। কোর্স শেষে চাকরির দিশা দেখাতে রয়েছে JDS এর নিজস্ব প্লেসমেন্ট সেল। সংস্থার অধিকর্তা জানান, এই প্লেসমেন্ট সেলের মাধ্যমে ৯০% ছেলেমেয়ে চাকরি পেয়ে যায় দেশে-বিদেশে বিভিন্ন শিল্পসংস্থায়। এখান থেকে পাশ করার পর ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছে Global Autotech, Omax, ITC, Keventer Agro Ltd., Curbide Cutting Tools, Videocon, Locus Tus ইত্যাদি সংস্থায়। যোগাযোগ : JDS Private Industrial Training Institute (A Pinnacle Group Institution), 47/1, Bamunmura (Near Rose Valley Park), Champadali More, Taki Rd, Barasat, Kolkata- 700128, Tel: 033-2584 0393, 8336923219, 8336924562. (www.jdsfoundation.in)


JENPAUH অনুত্তীর্ণ ছেলেমেয়েদের জন্য সুখবর B.SC.-NURSING
GNM DIRECT ADMISSION
(TOP COLLEGES IN BANGALORE)
FEW SEATS ARE AVAILABLE

*Course fee can be paid in easy installments and scholarship is available *100% Placement assistance. *Bank loan facilities. *Class room wel designed & fully equiped. *Auditorium & Seminar Hall. * GYM . * Hygenic Seperate hostel for Boys & Grils with North / South Indian Food inside rge campus. *24x7 Security Service. *Research & Innovation Lab Wi-fi enabled & 24 hrs. ATM facility. *Own hospitals.
Pick your phone to get all details.

BIHM BOLPUR : 7001731491
MALDA : 9641350551
MEDINIPUR : 7001700030



সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন পূরণের একমাত্র ঠিকানা
BCI
ISO 9001:2015 Certified Institute
কোর্স W.B.C.S.(Exe) / BANK / RAIL / P.S.C. / C.G.L.(Graduate Label) / 10+2 (CHSL) / Multitasking / WB Gr(C/D) / POLICE / INSURANCE / TET (PRIMARY + UPPER)
Postal Coaching
BCI Advance Training Direct Admission
Helpline- (03213) 255-552 // 8373821552



JIS UNIVERSITY
Admission in B.Ed 2019
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361/86977 43362

National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।



Admission for 2019
YOUR FUTURE STARTS HERE
Group of Institutions

COURSES OFFERED

Polytechnic
Civil, Mechanical, Electrical, Computer Sc. & Technology, Electronics & Telecommunication

B.Tech.
Civil, Mechanical, Electrical, Electrical & Electronics, Electronics & Communication, Computer Sc.

Management (UG) BBA, BHM, BCA
Management (PG) MHA, MCA

M.Tech.
Civil (Structural), Mechanical (Design), Computer Science, Electrical (Machine & Drives), Electronics & Communication Engg. (MVLSI)

We are also offering ELECTRICIAN & FITTER Course for ITI Students

Rated as a TOP 10 in SELF FINANCE COLLEGE

Special Facilities for WORKING PROFESSIONALS of B.Tech. Lateral Entry & VOCLET Students

SCHOLARSHIP
EXPERT FACULTY
BOOK BANK
FEES IN INSTALLMENTS

for details application, fees, scholarship etc.
9083265521
9083265522
www.istonline.org.in
admission@istonline.org.in

INSTITUTE of SCIENCE & TECHNOLOGY



Admission 2019
B.Ed.
M.Ed.
D.El.Ed.



Our Colleges
Recognised by NCTE, Govt. of India & Govt. of W.B., Affiliated to WBUTTEPA

ANINDITA COLLEGE FOR TEACHER EDUCATION
Website: www.aninditaonline.org.in • Course : B.Ed.

BENGAL COLLEGE OF TEACHER EDUCATION
Website: www.bcte.org.in • Course : B.Ed., M.Ed.

INSTITUTE FOR TEACHER EDUCATION
Website: www.iteonline.org.in • Course : B.Ed.

EXCELLENT MODEL COLLEGE FOR TEACHER EDUCATION
Website: www.excellentonline.org.in • Course : B.Ed.

GOPSAI AVINANDAN SANGHA PTTI
Website: www.gasptti.net • Course : D.EL.ED

COLLEGE FOR TEACHER EDUCATION
Website: www.cteonline.org.in • Course : D.El.Ed.

SCHOLARSHIP
FEES IN INSTALLMENTS
AIR CONDITIONED CLASS ROOMS
BOOK BANK & EXPERT FACULTY

ACTE is the most demanding B.Ed. college in W.B.
GAS is the only organisation in W.B., is offering 500 B.Ed. intake.

Chandrakona Town, Paschim Medinipur, West Bengal, Pin - 721201, India
9083265521 / 9083265522


You Tube ➡Daily Success Now

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। মানবদেহে রক্ত সঞ্চালন পদ্ধতি সর্বপ্রথম কে পর্যবেক্ষণ করেন — উইলিয়াম হার্ভে।

২। কোন প্রাণীদের ফুসফুসের সঙ্গে ৯টি বায়ুথলি বা, এয়ারস্যাক যুক্ত থাকে — পায়রা, বাজ, চিল প্রভৃতি উড়ন্ত পাখি।

৩। ব্যাকটিরিয়া কী ধরণের শ্বাসক্রিয়া চালায় — অবাত শ্বাসক্রিয়া।

৪। গমের রাস্ট রোগ ঘটায় কোন ছত্রাক — পাকসিনিয়া গ্র্যামিনিজ।

৫। কোন উভচর প্রাণী উড়তে পারে



— র‍্যাকোফোরাস।

### পদার্থবিদ্যা

৬। কোন হীরেকে 'কার্বোনেডো' বলে — কালো হীরে।

৭। টেলিফোনের গ্রাহক যন্ত্রে কোন শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয় — তড়িৎশক্তি শব্দশক্তিতে।

৮। দৌড় প্রতিযোগিতায় কী ধরণের ঘড়ি ব্যবহৃত হয় — স্টপ ঘড়ি।

৯। কী দিয়ে সরু তারের ব্যাস মাপা যায় — স্ক্রুগেজ।

১০। কোনো বস্তুকে ওপর দিকে ছুঁড়ে দিলে কেন তা আবার নীচে নেমে আসে — পৃথিবীর অভিকর্ষ বলের জন্য।

### রসায়ন

১১। কে সর্বপ্রথম অ্যামোনিয়া গ্যাস তৈরি করেন — জোসেফ প্রিস্টলে (১৭৭৪ খ্রিস্টাব্দে)।

১২। 'লাইকার অ্যামোনিয়া' কাকে বলে — অ্যামোনিয়ার গাঢ় জলীয় দ্রবণকে।

১৩। 'নাইট্রাইট' কী ধরণের যৌগ — সমযোজী যৌগ।

১৪। কোন রয়াসনবিদ প্রথম তড়িৎ বিশ্লেষণকে কাজে লাগিয়ে ধাতু নিষ্কাশন শুরু করেন — ইংরেজ রয়াসনবিদ হামফ্রে ডেভি।

১৫। একটি তরল অধাতুর নাম কী — ব্রোমিন।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। বিশ্বের প্রাচীনতম বন্দর কোনটি — লোথাল।

১৭। ঋগ্বেদে ক'টি শাসনতান্ত্রিক বিভাগের উল্লেখ আছে — গ্রাম, বিশ্ ও জন।

১৮। নন্দ বংশের শেষ রাজা কে — ধননন্দ।

১৯। বিম্বিসারের উপাধি কী ছিল — শ্রেণিক।

২০। বিম্বিসারের পুত্র অজাতশত্রু কাকে বিবাহ করেন — প্রসেনজিতের কন্যা ভজীরা কুমারী।

২১। অশোক 'মানব জাতির প্রথম ধর্মগুরু' - একথা কে বলেন — ভিনসেন্ট স্মিথ।

২২। হর্ষবর্ধন কত বছর বয়সে থানেশ্বরের পুষ্যভূতী বংশের সিংহাসনে বসেন — ১৬ বছর।

২৩। প্রাচীন বাংলার সর্বশ্রেষ্ঠ সম্রাট ধর্মপালের প্রধানমন্ত্রী কে ছিলেন — গর্গ নামে এক ব্রাহ্মণ।

২৪। কোন স্তম্ভ লিপি থেকে দেবপালের কৃতিত্ব জানা যায় — বাদাল স্তম্ভ লিপি।

২৫। সুলতানদের মধ্যে কে প্রথম 'ইক্তা' ব্যবস্থার প্রবর্তন করেন — ইলতুৎমিস।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২৬। কোন অঞ্চলে 'তিনকাঠিয়া পদ্ধতি' চালু ছিল — চম্পারণ অঞ্চল।

২৭। 'মিত্রমেলা' কে চালু করেন — বিনায়ক দামোদর সাভারকার।

২৮। কাদের নেতৃত্বে 'গদর' আন্দোলন সংগঠিত হয় — লালা হরদয়াল ও সোহম সিং বাখনা।

২৯। 'ইউনিভার্সিটি অ্যাক্ট' কোন



ভাইসরয়ের আমলে চালু হয় — লর্ড কার্জন।

৩০। কবে ব্রিটিশ সরকার জন সাইমনের নেতৃত্বে একটি কমিশন নিয়োগ করে — ১৯২৭ সাল।

## ভূগোল

### ভারতের ভূগোল

৩১। ভারতের প্রথম জলবিদ্যুৎ কেন্দ্রের নাম কী — দার্জিলিংয়ের সিদ্রাপং।

৩২। ভারতের সবথেকে বেশি জনঘনত্ব বিশিষ্ট রাজ্য কোনটি — বিহার।

৩৩। ভারতের সর্বশ্রেষ্ঠ বক্সাইট উৎপাদক অঞ্চল কোনটি — পালামৌর খনি অঞ্চল।

৩৪। 'ভরতপুর পাখিরালয়' ভারতের



কোন রাজ্যে আছে — রাজস্থান।

৩৫। 'সর্দার সরোবর সেচ প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে — গুজরাত।

৩৬। আহমেদাবাদ শহরটি কোন নদীর তীরে আছে — সবরমতী।

৩৭। ভারতের বৃহত্তম জাহাজ নির্মাণ কারখানা কোনটি — বিশাখাপত্তনমের 'হিন্দুস্তান শিপ ইয়ার্ড'।

৩৮। 'ওখা বন্দর' ভারতের কোন রাজ্যে আছে — গুজরাত।

৩৯। ভারতের কোন রাজ্যে খালের সাহায্যে সবথেকে বেশি সেচ করা হয় — উত্তর প্রদেশ।

### আন্তর্জাতিক ভূগোল

৪০। কোন দেশকে 'দক্ষিণের ব্রিটেন' বলে — নিউজিল্যান্ড।

৪১। কঙ্গো উপত্যকার অতিশয় খর্বাকৃতির লোকেদের কী বলে — পিগমি।

৪২। ইউরোপের রূঢ় উপত্যকায় প্রধান খনিজ সম্পদ কী — কয়লা।

৪৩। বিশ্ববিখ্যাত 'নায়াগ্রা জলপ্রপাত' কোন নদী থেকে সৃষ্ট — সেন্ট লরেন্স।

৪৪। কোন দেশ টিউলিপ ফুলের জন্য বিখ্যাত — হল্যান্ড।

৪৫। হোয়াং হো নদীর উৎপত্তিস্থল কোথায় — তিব্বতের মালভূমির জরিন নর ও নরীন নর হ্রদ।

৪৬। চিনের কোন ৩টি শহর একসঙ্গে 'উহান' নামে পরিচিত — হ্যাংকাও, উচাং ও হ্যানিয়াং।

৪৭। সৌদি আরবের প্রধান কৃষি সম্পদ কী — খেজুর।

৪৮। কানাডার কোন শহরকে 'গে টাউন' বলে — টরেন্টো।

## অর্থনীতি

৪৯। 'বিদেশি মুদ্রা নিয়ন্ত্রণ আইন' কত সালে বলবৎ হয় — ১৯৭৩ সালে।

৫০। ভারতের প্রথম প্রেসিডেন্সি ব্যাঙ্কটি কোন শহরে ছিল — কলকাতা।

৫১। 'চোকসি কমিটি' কোন বিষয়ের আইন সরলীকরণ কাজে পরামর্শ দিয়েছিল — প্রত্যক্ষ কর সম্পর্কিত আইন।

৫২। কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষিক্ষেত্রে বৃদ্ধি ঋণাত্মক হয়েছিল — তৃতীয় পরিকল্পনা।

৫৩। স্বাধীনতার পরে, কবে প্রথম আধুনিক এক টাকার মুদ্রা চালু হয় — ১৯৬২ সালের জুলাইয়ে।

৫৪। 'জওহর রোজগার যোজনা' কবে প্রতিষ্ঠিত হয়েছে — ১৯৮৯ সাল।

৫৫। 'সারকারিয়া কমিশন'এর কাজের বিষয় কী — কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক।

৫৬। মরসুমি বেকারত্ব কোন ক্ষেত্রে দেখা যায় — কৃষিক্ষেত্রে।

৫৭। 'ম্যালথাসীয় তত্ত্ব' কী সম্পর্কিত — জনসংখ্যা।

৫৮। পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান কে হন — প্রধানমন্ত্রী (পদাধিকার বলে)।

৫৯। 'এক্স দক্ষতা' কথাটি কোন অর্থনীতিবিদ ব্যবহার করেছেন — হারভে লিবেনস্টাইন।

৬০। ভিলাই ও বোকারো ইস্পাত কারখানা কোন বিদেশি বিনিয়োগের সাহায্যে স্থাপিত হয় — সোভিয়েত রাশিয়া।

৬১। ভারতে ঘূর্ণমান পরিকল্পনার সূচনা কে করেন — জনতা সরকার।

## রাষ্ট্রনীতি

৬২। কোন আইনের মাধ্যমে ভারতীয় গণপরিষদ গঠিত হয় — ক্যাবিনেট মিশন পরিকল্পনা, ১৯৪৬।

৬৩। কোন কমিশনের সুপারিশ অনুসারে ১৯৬৬ সালে পঞ্জাব ও হরিয়ানা গঠন করা হয় — শাহ কমিশন।

৬৪। কোন ধারা অনুযায়ী, ভারতীয় সংবিধান সংশোধন করা যায় — ৩৬৮ ধারা।

৬৫। কোন নির্বাচনে প্রথমবার 'নোটা' প্রথা ব্যবহার করা হয় — ২০১৪ লোকসভা নির্বাচনে।

৬৬। 'মিড টার্ম ইলেকশন' কখন হয় — ৫ বছরের আগে লোকসভা বা, বিধানসভা ভেঙে গেলে।

৬৭। রাষ্ট্রপতিকে কে শপথ বাক্য পাঠ করান — সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি।

৬৮। কোন পরিকল্পনা অনুসারে সংবিধান সভা স্থাপন করা যায় — ক্যাবিনেট মিশন পরিকল্পনা।

৬৯। প্রথম প্রশাসনিক সংস্কার কমিশনের



চেয়ারম্যান কে ছিলেন — মোরারজি দেশাই।

৭০। রাষ্ট্রপতি বা, উপরাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত যেকোনো বিরোধের মীমাংসা কোন আদালতে করতে পারে — একমাত্র সুপ্রিম কোর্ট।

৭১। ভাষার ভিত্তিতে গঠিত ভারতের প্রথম রাজ্য কোনটি — আন্ধ্রা প্রদেশ (১৯৫৩ সাল)।

## সাম্প্রতিক ঘটনা

৭২। হুসেন মহম্মদ এরশাদ (৮৯ বছর), যিনি সম্প্রতি মারা গেলেন, তিনি কোন দেশের প্রাক্তন রাষ্ট্রপতি ছিলেন — বাংলাদেশ।

৭৩। ভারতের কোন রাজ্য সম্প্রতি, ১০০ দিনের কাজে ফের সারা দেশের মধ্যে সেরার সম্মান পেল — পশ্চিমবঙ্গ (২০১৭-'১৮ ও ২০১৮-'১৯, পর পর দু'টি আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারই সারা দেশের মধ্যে রাজ্যের বাসিন্দাদের সবথেকে বেশি কাজ দিয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় সরকার)।

৭৪। কোন দেশের কোন শহর সম্প্রতি, বিশ্বের প্রথম আবর্জনামুক্ত শহরের স্বীকৃতি পেল — জাপানের কামিকটসু।

৭৫। ভারত-জাপান সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নেওয়ার জন্য, চলতি বছরে কে জাপান সরকারের অন্যতম শীর্ষ সম্মান 'দ্য অর্ডার অফ দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার রেজ' পেতে চলেছেন — শিক্ষাবিদ পবিত্র সরকার।

৭৬। গ্রিসের প্রধানমন্ত্রী এখন কে — কিরিয়াকোস মিতসোতাকিস।

৭৭। কলকাতার শেরিফ এখন কে —



প্রবীণ সাহিত্যিক মণিশংকর মুখোপাধ্যায়।

৭৮। ভারতের কোন রাজ্যের কোন শহর সম্প্রতি, 'ইউনেস্কো'র 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট'এর তালিকায় অন্তর্ভুক্ত হল — রাজস্থানের জয়পুর শহর (আজারবাইজানের রাজধানী বাকুতে 'ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি'র ৪৩তম অধিবেশনে এই মনোনয়ন দেওয়া হয়েছে)।

৭৯। ইউরোপীয় কমিশনের প্রথম মহিলা প্রেসিডেন্ট কে — উরসুলা ভন ডের লিয়েন।

৮০। 'ইউরোপিয়ান সেন্ট্রাল ব্যাঙ্ক'এর প্রথম মহিলা ডিরেক্টর কে — ক্রিস্টিন ল্যাগার্ড।

৮১। ইউরোপীয় পার্লামেন্টের প্রেসিডেন্ট এখন কে — প্রাক্তন ইতালীয় সাংবাদিক ৬৩ বছর বয়সি দাভিদ মারিয়া সাসোলি।

৮২। ২০১৯ সালে কলম্বোয় 'সার্ক চলচ্চিত্র উৎসব'এ কোন ভারতীয় চলচ্চিত্র 'সেরা ফিচার ফিল্ম'এর সম্মান পেল — কৌশিক গাঙ্গুলি পরিচালিত চলচ্চিত্র 'নগরকীর্তন'।

৮৩। ভারতের কোন রাজ্য সরকার ১২ জুলাই প্রথম 'জল সংরক্ষণ দিবস' পালন করেছে — পশ্চিমবঙ্গ।

৮৪। হিমাচল প্রদেশের রাজ্যপাল এখন কে — কলরাজ মিশ্র।

৮৫। এশিয়ার বৃহত্তম সৌর বিদ্যুৎ প্রকল্প মধ্য প্রদেশের কোন জেলায় আছে — রেওয়া।

৮৬। 'বিশ্ব ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ ফিনান্সিয়াল অফিসার এখন কে — অংশুলা কান্ত।

৮৭। ভারতের কোন রাজ্য সরকার, প্রথম হিমালয়ান রাজ্যগুলির সম্মেলন আয়োজন করেছে — উত্তরাখণ্ড।

৮৮। কোন দেশের গবেষকরা সম্প্রতি গবেষণা করে দেখেছেন যে, ইলেক্ট্রনিক সিগারেট মানুষের মস্তিষ্কের সব স্টেম সেলের ক্ষতি করে — মার্কিন যুক্তরাষ্ট্র।

৮৯। 'খারচি পূজা উৎসব' ভারতের কোন রাজ্যে পালিত হয় — ত্রিপুরা।

৯০। 'ওভারসিজ ইন্ডিয়ান অ্যাফেয়ার্স'এর সেক্রেটারি এখন কে — বিকাশ স্বরূপ।

৯১। ২০১৯ সালে 'কমার্শিয়াল রিয়াল এস্টেট সার্ভিসেস'এর (CBRE) সমীক্ষা অনুযায়ী, ভারতের সবথেকে ব্যয়বহুল অফিস কোনটি — নয়াদিল্লির 'কনট প্লেস' (এই তালিকায় নবম স্থানে রয়েছে 'কনট প্লেস'। শীর্ষস্থানে আছে 'হংকং সেন্ট্রাল')।

## খেলাধুলা

৯২। ২০১৯ সালে 'আই.সি.সি ক্রিকেট বিশ্বকাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ইংল্যান্ড (নিউজিল্যান্ডকে হারিয়ে)।

৯৩। ২০১৯ সালে ইস্তাম্বুলে 'ইয়াসার দোগু আন্তর্জাতিক কুস্তি'তে মেয়েদের ৫৩ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের বীনেশ ফোগট (রাশিয়ার একতারিনা পোলেসচুককে ৯-৫ ব্যবধানে হারিয়ে)।

৯৪। ২০১৯ সালে 'ক্লাদনো মেমোরিয়াল অ্যাথলেটিক্স মিট'এ মহিলাদের ২০০ মিটারে কে সোনার পদক পেলেন — ভারতের হিমা দাস।

৯৫। ২০১৯ সালে 'উইম্বলডন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — সার্বিয়ার নোভাক জকোভিচ (সুইৎজারল্যান্ডের রজার ফেডেরারকে ৭-৬ (৭-৫), ১-৬, ৭-৬ (৭-৪), ৪-৬, ১৩-১২ (৭-৩) ব্যবধানে হারিয়ে)।

৯৬। ২০১৯ সালে নেপলসে সামার 'বিশ্ব বিশ্ববিদ্যালয় গেমস'এ ১০০ মিটারে কে



সোনার পদক পেলেন — ভারতের দ্যুতি চাঁদ (এইপ্রথম কোনো ভারতীয় ক্রীড়াবিদ, কোনো বিশ্বমানের প্রতিযোগিতায় 'দ্রুততম ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন)।

৯৭। ২০১৯ সালে 'উইম্বলডন'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রোমানিয়ার সিমোনা হালেপ (মার্কিন যুক্তরাষ্ট্রের সেরেনা উইলিয়ামসকে ৬-২ ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৯৮। ইংল্যান্ডের কোন ফুটবলার সম্প্রতি ফুটবল থেকে অবসর ঘোষণা করলেন — পিটার ক্রাউচ।

৯৯। কাকে সম্প্রতি, সব ধরনের ফরম্যাটে অধিনায়ক হিসাবে বেছে নিল আফগানিস্তান — রশিদ খান।

সঙ্কলক : পলি দেওয়ান

Daily Success Now

KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 30 ■ 27 July, 2019 ■ 13


ভর্তির শেষ সুযোগ 2019-20

# নার্সিং, প্যারামেডিক্যাল ও ফার্মাসি কোর্সে অতি কম খরচে সরাসরি ভর্তির শেষ সুযোগ

## GNM
(2,50,000/- থেকে প্যাকেজ শুরু)
Eligibility : (10+2) Any Group 40%
Duration : 3 Years

## B.Sc Nursing
(4,00,000/- থেকে প্যাকেজ শুরু)
Eligibility : (10+2) PCB (45%)
Duration : 4 Years

অল্প সংখ্যক সীট রয়েছে। সত্বর Admission এর জন্য যোগাযোগ করুন



কলেজগুলি INC, RGUHS Dr. NTRUHS & State Govt. Council স্বীকৃত ● ছেলে ও মেয়ে উভয়েই যোগ্য। বয়স: 17 থেকে 35

## JENPAUH এ Rank হয়নি?
অথবা
## পশ্চিমবঙ্গের সরকারি কলেজে GNM এ চান্স হয়নি?
চিন্তার কারণ নেই, কর্ণাটক ও অন্ধ্রপ্রদেশের বিখ্যাত মেডিক্যাল কলেজ ও হাসপাতাল যুক্ত কলেজে সরাসরি ভর্ত্তির সুযোগ এখনো আছে অতি কম খরচে।

স্কুল ও কলেজের শিক্ষক এবং শিক্ষিকারা যোগাযোগ করতে পারেন ছাত্রছাত্রী ভর্তির ব্যাপারে — 9051519293

### ছাত্রছাত্রী ও অভিভাবকদের উদ্দেশ্যে
- শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে আপোস নয়। তাই গিফট্ অথবা ডিসকাউন্টের ফাঁদে পা দেবেন না।
- আমরা Exclusive Authorized Advisor হিসাবে একাধিক মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত।
- একমাত্র মেডিক্যাল কলেজ যুক্ত নার্সিং কলেজের সার্টিফিকেটই পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারি চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে।
- আমরা Admission থেকে শুরু করে কোর্স পাশ করে চাকরি পাওয়া পর্যন্ত অত্যন্ত দায়িত্ব সহকারে ছাত্রছাত্রীদের পাশে থাকি।

## প্যারামেডিক্যাল
**Diploma Courses** DMLT, DXT, DOTT, DOT, DMRT, DHI, DDT
Eligibility : 12th Science (PCB)- 2 yrs.
12th Arts / Commerce - 3 yrs.
(except DOT)

**B.Sc. Degree Course**
Perfusion Technology, Respiratory, Dialysis, Radiology & Imaging Technology, Opthalmology, Cardiac Care, Aneasthesia etc.

## MHA
(Master in Health Administration)
Eligibility : যেকোনো বিষয়ে স্নাতক
Duration- 2 yrs.

## PG Diploma in Medical Records & Health Information
Eligibility : যেকোনো বিষয়ে স্নাতক
Duration- 1 yr.

## পশ্চিমবঙ্গ, ওড়িশা ও কর্ণাটক থেকে B.Pharma ও D.Pharma করার শেষ সুযোগ

**B.Pharm**
- (10+2) PCB with 45%
- WBJEE তে Appeared Candidate only

**D.Pharma**
- (10+2) PCB with 40%
- No Age Bar

M.quota তে Direct Admission
31st July Last Date

M.Pharm, Pharma.D

Courses Also Offered:
Engineering | MBA | BCA | MCA | BPT | B.Ed | D.El.Ed.
MSW / Media Science | LLB | Hotel Management

## INNOVATIVE CAREER FOUNDATION
(WELL-WISHER TOWARDS CAREER EVOLUTION)
Room No.17, 1st Floor, 16, India Exchange Place, Kolkata - 700 001
E-mail : info@innovativecareer.in / Website : www.innovativecareer.in

Head Office Contact:
033-46042059
9051519293

Admission Offices

| উঃ ও দঃ ২৪ পরগনা নদিয়া | হাওড়া, হুগলী, বর্ধমান | রায়গঞ্জ, বালুরঘাট, মালদা | বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম | পূর্ব ও পশ্চিম মেদিনীপুর | সিউড়ি, রামপুরহাট মুরারই | মুর্শিদাবাদ, বহরমপুর | অন্যান্য জায়গার স্টুডেন্টস |
|---|---|---|---|---|---|---|---|
| 7980369219 | 7890650288 | 9531730855 | 9831313288 | 9775888163 | 9775115655 | 7908867306 | 9800245711 |


➡Daily Success Now

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৯ জুলাই :** 'পাব্লিক সার্ভিস কমিশন'এর (PSC) চেয়ারম্যান হলেন দেবাশিস বোস।

☐ শারজায় স্থায়ী বসবাসের ছাড়পত্র গোল্ডেন কার্ড ভিসা প্রকল্পের প্রথম কার্ডটি দেওয়া হল এক ভারতীয় ব্যবসায়ী, লালু স্যামুয়েলকে। সংযুক্ত আরব আমিরশাহিতে ৭০টি দেশের যে ৬,৮০০ বিনিয়োগকারীকে স্থায়ী বসবাসের ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দেশের প্রশাসন, তারই প্রথমটি আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হল স্যামুয়েলের হাতে।

☐ মোট ১৯১ কেজি ওজন তুলে, 'কমনওয়েলথ ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৪৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের মীরাবাঈ চানু।



'ভারতীয় ফুটবল ফেডারেশন'এর তরফ থেকে 'বর্ষসেরা ফুটবলার'এর সম্মান পেলেন সুনীল ছেত্রী।

**১০ জুলাই :** ভারত-জাপান সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নেওয়ার জন্য, চলতি বছরে জাপান সরকারের অন্যতম শীর্ষ সম্মান 'দ্য অর্ডার অফ দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার রেজ' পেতে চলেছেন শিক্ষাবিদ পবিত্র সরকার।

☐ 'দ্য ফ্র্যাগরেন্সেস অ্যান্ড ফ্লেভারস অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হলেন কলকাতার বিশিষ্ট শিল্পোদ্যোগী ঋষভ সি. পল্থ।

☐ অর্থমন্ত্রী অমিত মিত্র বিধানসভায় ঘোষণা করলেন, পরবর্তী 'বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন' হবে ২০২০ সালের ডিসেম্বরে।

☐ ডোনাল্ড ট্রাম্পকে নিয়ে কেবল বার্তা ফাঁস নিয়ে বিতর্কের মধ্যেই ইস্তফা দিলেন মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত কিম.ডারোচ।



নিউজিল্যান্ডে 'কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ'এ মেয়েদের ৬৪ কেজি বিভাগে সোনার পদক পেলেন বাংলার মেয়ে রাখি হালদার।

☐ ধূমপানমুক্ত দেশ গড়তে, সুইডেনে কড়া আইন চালু হল। এবার থেকে প্রকাশ্যে ধূমপান করা যাবে না। এই নিষেধাজ্ঞার তালিকায় রাখা হয়েছে ই-সিগারেটকেও।

☐ সিংহাসন ছাড়ার কথা ঘোষণা করলেন ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ। ২০২১ সালের মধ্যে ছেলে যুবরাজ চার্লসের হাতে ক্ষমতা তুলে দেবেন তিনি।

☐ ১১.৩২ সেকেন্ড সময় নিয়ে, নেপলসে সামার 'বিশ্ব বিশ্ববিদ্যালয় গেমস'এ ১০০ মিটারে সোনার পদক পেলেন ভারতের দ্যুতি চাঁদ। এই প্রথম কোনো ভারতীয় ক্রীড়াবিদ, কোনো বিশ্বমানের প্রতিযোগিতায় 'দ্রুততম ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন।

**১১ জুলাই :** আফ্রিকা মহাদেশের বাইরে আধুনিক মানুষের সবথেকে পুরনো নমুনার খোঁজ পেলেন গবেষকরা। গ্রিসে পাওয়া একটি মাথার খুলিকে ২ লাখ ১০ হাজার বছরের পুরনো বলে দাবি করেছেন তাঁরা। এই আবিষ্কার আফ্রিকা থেকে আধুনিক মানুষের প্রথম দিকের অভিবাসনেরও প্রমাণ দিল। গবেষকদের মতে, ওইসময় সারা ইউরোপ ছিল নিয়ান্ডারথাল বা, সেকেলে মানুষেরই অন্য এক প্রজাতির দখলে। ১৯৭০ এর দশকে গ্রিসের আপিদিমা গুহায় প্রথম একজোড়া জীবাশ্মের খোঁজ পান গবেষকরা। যার মধ্যে একটি ছিল ভীষণভাবে বিকৃত ও অন্যটি ছিল অসম্পূর্ণ।

☐ বাংলার প্রাক্তন খ্যাতনামা লেগ স্পিনার সৌমেন কুণ্ডু (৭৭ বছর) মারা গেলেন।

☐ নির্বাচন নিয়ে দীর্ঘসূত্রিতা এড়াতে, বিধানসভায় 'ওয়েস্ট বেঙ্গল অ্যালায়েড মেডিক্যাল অ্যান্ড প্যারা মেডিক্যাল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট ২০১৯' আনল রাজ্য স্বাস্থ্য দফতর। এর ফলে 'ওয়েস্ট বেঙ্গল অ্যালায়েড মেডিক্যাল অ্যান্ড প্যারা মেডিক্যাল কাউন্সিল'এর প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট এখন থেকে আর নির্বাচিত হবেন না, হবেন মনোনীত।

☐ ভুটান ও বাংলাদেশের মধ্যে ভারতীয় জলপথে পণ্যবাহী জলযানের সূচনা করলেন জাহাজ দফতরের রাষ্ট্রমন্ত্রী মানসুখ মান্ডভিয়া। দেশে প্রথম এই ধরণের কোনো উদ্যোগ নিল জাহাজ মন্ত্রক। ইন্দো-বাংলা প্রোটোকল রুট মেনেই ব্রহ্মপুত্র নদী হয়ে ভুটান ও বাংলাদেশের মধ্যে চলবে এই জলযান।

☐ ২০২০ সালে 'আন্তর্জাতিক বুকার প্রাইজ'এর বিচারকের প্যানেলে থাকবেন ভারতীয় লেখক জিৎ থাইল।

☐ নিউজিল্যান্ডে 'কমনওয়েলথ ভারোত্তোলন'এ নতুন নজির গড়লেন ভারতের ১৬ বছর বয়সি জেরেমি লালরিননুঙ্গা। ৬৭ কেজি বিভাগে ১৩৬ কেজি ওজন তুলে জেরেমি ভেঙে দিয়েছেন বিশ্ব যুব, এশীয় ও কমনওয়েলথ নজির। এর আগে এপ্রিলে চিনে এই বিভাগে ১৩৪ কেজি ওজন তুলেছিলেন তিনি।

**১২ জুলাই :** 'ওভারসিজ ইন্ডিয়ান অ্যাফেয়ার্স'এর সেক্রেটারি হলেন বিকাশ স্বরূপ।

☐ মালয়লম সিনেমাটোগ্রাফার এম.জে. রাধাকৃষ্ণণ মারা গেলেন।

☐ ২০১৯ সালে কলম্বোয় 'সার্ক চলচ্চিত্র উৎসব'এ 'সেরা ফিচার ফিল্ম'এর সম্মান পেল কৌশিক গাঙ্গুলি পরিচালিত ভারতীয় চলচ্চিত্র 'নগরকীর্তন'।

☐ ১২ জুলাই দিনটিকে 'জল সংরক্ষণ দিবস' হিসাবে পালন করল পশ্চিমবঙ্গ সরকার।

☐ বিশ্বের প্রথম আবর্জনামুক্ত শহরের স্বীকৃতি পেল জাপানের কামিকাটসু। ২০০৩ সাল থেকে শুরু হয় শহরবাসীর তৎপরতা। লক্ষ্যমাত্রা ছিল ২০২০। ২০১৬ সালে বর্জ্যের পরিমাণ ৫০০ থেকে কমে হয় ৩০০ টন। চলতি বছরে এই শহরের কোথাও কোনো বর্জ্য বা, আবর্জনা নেই।

☐ ১০১টি দেশের ১০০ কোটির বেশি মানুষের ওপর সমীক্ষা চালিয়ে 'রাষ্ট্রসংঘ'এর '২০১৯ গ্লোবাল মাল্টিডাইমেনশনাল প্রভার্টি ইনডেক্স' শীর্ষক রিপোর্ট অনুযায়ী, ২০০৬ সাল থেকে ২০২৬ সালের মধ্যে ভারতে ২৭ কোটিরও বেশি মানুষ দারিদ্রসীমা থেকে উন্নীত হয়েছে। রান্নার জ্বালানি, শৌচ ব্যবস্থা ও পুষ্টির নিরিখে এই সময়ের মধ্যে দেশে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

☐ কোরিয়ান জুটি জিউং ইয়ংসিক ও লি সাংসুকে ১২-১৪, ৯-১১ ও ৮-১১ ব্যবধানে হারিয়ে, 'অস্ট্রেলিয়ান ওপেন টেবিল টেনিস'এ ব্রঞ্জ পদক পেলেন ভারতের জি. সাথিয়ান ও অ্যান্থনি অমলরাজ জুটি।

☐ সব ধরণের ফরম্যাটে রশিদ খানকে অধিনায়ক হিসাবে বেছে নিল আফগান-ই-স্তান।

☐ ফুটবল থেকে অবসর ঘোষণা করলেন ইংল্যান্ডের ফুটবলার পিটার ক্রাউচ।

**১৩ জুলাই :** 'বিশ্বব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ ফিনান্সিয়াল অফিসার হলেন অংশুলা কান্ত।



মার্কিন যুক্তরাষ্ট্রের সেরেনা জামেকা উইলিয়ামসকে ৬-২ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'উইম্বলডন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রোমানিয়ার সিমোনা হালেপ।

☐ উত্তর শহরতলির ডানলপ পিডব্লুডি রোডের নাম হতে চলেছে 'সীতারামদাস ওঙ্কারনাথ সরণি'।

☐ দক্ষিণ সোমালিয়ায় আত্মঘাতী বোমা বিস্ফোরণে ২৬ জন মারা গেলেন ও ৫৬ জন জখম হলেন।

☐ মার্কিন যুক্তরাষ্ট্রের নোয়া লাইলেসকে হারিয়ে, মোনাকোতে অনুষ্ঠিত 'ডায়মন্ড লিগ মিট'এ ১০০ মিটারে সেরা হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের জাস্টিন গ্যাটলিন।

☐ 'কমনওয়েলথ ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ ক্লিন অ্যান্ড জার্ক বিভাগে মোট ২০২ কেজি ওজন তুলে সোনার পদক পেলেন ভারতের প্রদীপ সিং।

**১৪ জুলাই :** পঞ্জাবের মন্ত্রিসভা থেকে ইস্তফা দিলেন নভজ্যোৎ সিং সিধু।

বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি হুসেন মহম্মদ এরশাদ (৮৯ বছর) মারা গেলেন।



☐ ১০০ দিনের কাজে ফের সারা দেশের মধ্যে সেরার সম্মান পেল পশ্চিমবঙ্গ। কেন্দ্রীয় সরকার জানিয়েছে, এই প্রকল্পে শুধু পয়সা খরচের ক্ষেত্রেই নয়, মানুষকে কাজ দেওয়ার ক্ষেত্রেও সফল রাজ্য হিসাবে উঠে এসেছে পশ্চিমবঙ্গের নাম। ২০১৭-'১৮ ও ২০১৮-'১৯, পর পর দু'টি আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারই সারা দেশের মধ্যে রাজ্যের বাসিন্দাদের সবথেকে বেশি কাজ দিয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় সরকার।

☐ চেক প্রজাতন্ত্রে, 'ক্লাদনো মেমোরিয়াল অ্যাথলেটিক্স মিট'এ মহিলাদের ২০০ মিটারে সোনার পদক পেলেন ভারতের হিমা দাস।

☐ রাশিয়ার একতারিনা পোলেসচুককে ৯-৫ ব্যবধানে হারিয়ে, ইস্তাম্বুলে 'ইয়াসার দোগু আন্তর্জাতিক কুস্তি'তে মেয়েদের ৫৩ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের বীনেশ ফোগট।

**১৫ জুলাই :** হিমাচল প্রদেশের রাজ্যপাল হলেন কলরাজ মিশ্র।

☐ পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যসচিব এন.কৃষ্ণমূর্তি (৮১ বছর) মারা গেলেন।

☐ গত আর্থিক বছরের হিসাবের ভিত্তিতে 'নাবার্ড'এর রিপোর্ট অনুযায়ী, সব স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ জোগানের নিরিখে দেশের মধ্যে সেরার সম্মান পেল পশ্চিমবঙ্গ।

☐ 'এসএসকেএম'এ পুরোপুরিভাবে চালু হয়ে গেল পূর্ব ভারতের মধ্যে প্রথম লেভেল ওয়ান ট্রমা কেয়ার সেন্টার।

☐ তুকতাক, কালা জাদু ও ভূত তাড়ানোর কুসংস্কার আটকাতে, 'দ্য কেরল প্রিভেনশন অ্যান্ড এরাডিকেশন অফ ইনহিউম্যান ইভিল প্র্যাক্টিসেস, সসারি অ্যান্ড ব্ল্যাক ম্যাজিক বিল, ২০১৯' পেশ হল কেরালায়। এই খসড়া প্রস্তাব অনুযায়ী, কোনো ব্যক্তি নিজে বা, অন্যের প্ররোচনায় কালা জাদু বা, এই ধরণের ঘটনার প্রচার, অভ্যাস বা, মদত দিতে পারবে না। দোষী সাব্যস্ত হলে ন্যূনতম ১ বছর থেকে সর্বোচ্চ ৭ বছর কারাদণ্ড ও ৫,০০০ টাকা থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। অপরাধটি ইচ্ছাকৃত ও জামিনঅযোগ্য হিসাবে বিবেচিত হবে। ঘটনার জেরে মৃত্যু ঘটলে ভারতীয় দণ্ডবিধির ৩০০ নম্বর ধারা অনুযায়ী বিচার হবে। তবে কোনো ধর্মীয় রীতি অনুযায়ী বা, ধর্মস্থানের প্রচলিত প্রথার ক্ষেত্রে যদি কারও শারীরিক ক্ষতি না হয়, তবে এই বিধেয়ক কার্যকর হবে না।




নিউজিল্যান্ডকে হারিয়ে, ২০১৯ সালে 'আই.সি.সি ক্রিকেট বিশ্বকাপ'এ চ্যাম্পিয়ন হল ইংল্যান্ড।



সুইৎজারল্যান্ডের রজার ফেডেরারকে ৭-৬ (৭-৫), ১-৬, ৭-৬ (৭-৪), ৪-৬, ১৩-১২ (৭-৩) ব্যবধানে হারিয়ে, 'উইম্বলডন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সার্বিয়ার নোভাক জকোভিচ।

☐ ব্যাঙ্ক অফ ইংল্যান্ডের ৫০ পাউন্ডের নোটে গণিতবিদ অ্যালান টুরিংয়ের ছবি রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১৯৬৭ সাল থেকে ব্রিটেনে সমকামিতা অপরাধের তকমামুক্ত হলেও, এই প্রথম পাউন্ড নোটে সমকামীর ছবি থাকছে।

☐ তাইল্যান্ডে সামরিক শাসনের অবসান হল। প্রধানমন্ত্রী প্রায়ুত চান-ওচা এদিন সামরিক সরকারের প্রধানের পদে ইস্তফা দিয়ে টেলিভিশন বক্তৃতায় বলেছেন, তাইল্যান্ড এখন থেকে গণতান্ত্রিক দেশ। আপাতত সেনাপন্থী দলগুলির সমর্থন নিয়ে প্রায়ুতই দেশটির প্রধানমন্ত্রী থাকছেন।

☐ জার্মানির সুলে 'জুনিয়র বিশ্বকাপ শ্যুটিং'এ মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে ২৫১.৬ স্কোর করে সোনার পদক পেলেন ভারতের এলাভেনিল ভালারিভান ও ২৫০.২ স্কোর করে রুপোর পদক পেলেন ভারতের মেহুলি ঘোষ।

☐ 'অনূর্ধ্ব-১৮ বাংলা ফুটবল লিগ'এ যুগ্মচ্যাম্পিয়ন হল ইস্টবেঙ্গল ও মোহনবাগান।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

YouTube ➡Daily Success Now

## নেভিতে ৪০০ নাবিক

১ পাতার পর

প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে 'শেফ' ও 'স্টুয়ার্ড' পদের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬ বা, চশমা পড়ে ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১২ আর 'হাইজেনিস্ট' পদের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ৬/৬০ ও খারাপ চোখে ৬/৬০ বা, চশমা পড়ে ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/২৪। এছাড়া রং চেনার ক্ষমতা CPII থাকতে হবে। শুরুতে ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং শুরু অক্টোবরে। ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারী ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে 'সেলর' পদে চাকরি। তখন মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। প্রাথমিকভাবে ১৫ বছরের চাকরি। 'সুবেদার মেজর'এর সম র‍্যাঙ্কের 'মাস্টার চিফ পেটি অফিসার-I' পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার 'কল লেটার' পাঠানো হবে। পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড ও উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় পরীক্ষা হবে 'কলকাতা'য়। সব পদের বেলায় লিখিত পরীক্ষায় থাকবে এই ৩টি পেপার : (১) জেনারেল নলেজ, (২) সায়েন্স, (৩) অঙ্ক। সময় থাকবে ৩০ মিনিট। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। প্রতিটি পেপারে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। সফল হলে ওই একদিনেই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস ও ১০ বার পুশ-আপ। এরপর ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.joinindiannavy.gov.in মেধা তালিকা বেরোবে ২১ ফেব্রুয়ারি।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো স্ক্যান করে নেবেন (ব্যাকগ্রাউন্ড নীল রংয়ের হতে হবে)। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online–এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ২০৫ টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, রুপে কার্ড, ইউ.পি.আই.'এর মাধ্যমে। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ম্যাজাগন ডকে

১ পাতার পর

৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিশিয়ান ৩০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৯, এস.ই.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। স্ট্রাকচারাল ফিটার ৫০টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১৫, এস.ই.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। পাইপ ফিটার ৫০টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১৫, এস.ই.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৬, এস.ই.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

আই.টি.আই. থেকে স্ট্রাকচারাল ফিটার, কার্পেন্ট্রি, ইলেক্ট্রনিক মেকানিক, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১-৭-২০১৯'এর হিসাবে ১৬ থেকে ২১ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ৯,৭৪২ টাকা। শূন্যপদ : স্ট্রাকচারাল ফিটার ৫০টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১৫, এস.ই.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রনিক মেকানিক ৩০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৯, এস.ই.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। কার্পেন্টার ৩০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৯, এস.ই.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ইনফর্মেশন অ্যান্ড কমিউকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, এস.ই.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে ক্লাস এইট পাশরা রিগার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই)' ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১-৭-২০১৯'এর হিসাবে ১৪ থেকে ১৮ বছরের মধ্যে। রিগার ট্রেডে ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ৭,৫৭৭ টাকা। ওয়েল্ডার ট্রেডে ১ বছর ৩ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর ৭,৫৭৭ টাকা ও পরের বছর ৮,৬৫৯ টাকা। শূন্যপদ : রিগার ৬০টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ১৮, এস.ই.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৬০টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ১৮, এস.ই.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। কবে কোথায় পরীক্ষা হবে তা ডাকে জানিয়ে দেওয়া হবে। সফল হলে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mazgondock.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

জেলা ভিত্তিক
স্পোকেন ইংলিশ
Teacher প্রয়োজন
attrative salary
Call-7551898998

ভর্তির বিজ্ঞপ্তি
Skill India
এতদ্বারা সকল ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, গ্লোবাল প্রাইভেট আই.টি.আই. (GLOBAL PRIVATE I.T.I.) কলেজে ফিটার (FITTER) ও ওয়েল্ডার (WELDER) বিষয় দুটিতে সরাসরি ভর্তি চলছে। ইচ্ছুক ছাত্রছাত্রীরা উক্ত বিষয়গুলিতে সীমিত সংখ্যক আসনে ভর্তির জন্য অতিসত্তর যোগাযোগ করুন।
গ্লোবাল প্রাইভেট আই.টি.আই. (GLOBAL PRIVATE I.T.I.)
NH-34, PALPARA MORE, KRISHNAGAR, NADIA.
ফোন নম্বরঃ 03472-271211 |
ADMISSION OPEN
3 years Degree in HOTEL MANAGEMENT
Affiliated to MAKAUT, Govt. of W.B.
কোর্সের শেষে দেশে-বিদেশে চাকরীর সুযোগ
Help Line: 7407131234, 7407039393, 7407588884
GLOBAL COLLEGE OF SCIENCE & TECHNOLOGY
Campus: NH-34, Palpara More, Krishnagar, Nadia, Pin:741102



১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন
বিনামূল্যে ৩২ পাতার রেলের গ্রুপ-ডি'র প্রশ্নোত্তর



বেরোল
জুলাই সংখ্যায় থাকছে
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার ৪ সেট প্রশ্নোত্তর
- পি.এস.সি'র ক্লার্কশিপ পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- পি.এস.সি'র মিসলেনিয়াস পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- ICDS'এর সুপারভাইজার পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- রাজ্য পুলিশের কনস্টেবল পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
- রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
- CPWD'র জুনি. ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
- ডাকবিভাগের MTS ও পোস্টম্যান পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

SEACOM SKILLS UNIVERSITY
উচ্চশিক্ষার সাথে রোজগার করুন
ITI, Diploma উচ্চমাধ্যমিক এবং গ্র্যাজুয়েট পাশ ছাত্র -ছাত্রীদের জন্য উচ্চশিক্ষার সাথে সাথে রোজগার করার সুলভ সুযোগ
100% paid internship এবং সুনিশ্চিত চাকরীর সুবিধা
At the time of paid internship earn Rs. 6,000/- to 20,000/- P.M
*Conditions apply
Education Partner future learning
- BBA in Hotel Management / Banking & Financial Services / Logistics Management / Retail
- B.Voc in Hospitality Management/Hospital Management /Renewable Energy/Welding & Fabrication/ Tools & Die Making / Automotive Manufacturing
- M.Tech in Data Science/Cloud Computing/Cyber Security/Embedded Systems & IOT / Renewal Energy
- MBA in Banking & Financial Services / Logistics Management / Retail / Agri Business

100% paid internship
Campus : Kendradangal, Shantiniketan, Dist. Birbhum, West Bengal-731236
Incubation, Innovation , Startup & OJT Centre : Jaladhulagari, Sankrail, Howrah
Admission Office : 11, Kendua Main Road, Kolkata -700 084
Email : info_ssu@seacomgroups.com www.seacomskillsuniversity.org
Call : 8981024702 / 033 2430 1674

➡Daily Success Now

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. পদের পরীক্ষা কবে হবে? — দেবব্রত বরাল, বরানগর, কলকাতা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — বিকাশ দাস, হুগলি।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — অরিন্দম দত্ত, বর্ধমান। চয়ন দাস, হুগলি।*

■■ মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের উচ্চ শিক্ষাগত যোগ্যতার (বি.ই. বা, বি.টেক.) ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার A-1. বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড ছাড়া হচ্ছে কি? — শুভজিৎ ঘোড়ই, নন্দকুমার, পূর্ব মেদিনীপুর।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। পি.এস.সি.'র আই.সি.ডি.এস. সুপারভাইজরের পরীক্ষা ১ সেপ্টেম্বর। তারপর হবে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা। সম্ভবত ক্লার্কশিপ পরীক্ষা হবে নভেম্বর মাস নাগাদ।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসাল্টেন্টস লিমিটেডে | ক্লাস এইট পাশ /আই.টি.আই. | ২,৬৭৮ | ২৫-৭-১৯ | www.becljobs.com |
| ম্যাজাগাঁও ডকে দক্ষকর্মী | আই.টি.আই. | - | ২৬-৭-১৯ | www.mazagondoc.in |
| স্বাস্থ্য দফতরে স্টাফ নার্স | জি.এন.এম./ বি.এসসি নার্সিং | ৮,১৫৯ | ২৯-৭-১৯ | www.wbhrb.in |
| এইমসে স্টোরকীপার | গ্র্যাজুয়েট | ৯৬ | ৩০-৭-১৯ | www.aiimspatna.org |
| রৌরকেলা স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান, অপারেটর | আই.টি.আই ও পলিটেকনিক | ১৯৯ | ৩১-৭-১৯ | www.sail.co.in |
| খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিতে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ১০১ | ৩১-৭-১৯ | www.kvic.org.in |
| ব্যাঙ্ক নোট প্রেসে সুপারভাইজর | আই.টি.আই., ডিপ্লোমা | ৫৮ | ২-৮-১৯ | www.bnpdewas.spmcil.com |
| ভাবা পারমাণবিক গবেষণা কেন্দ্রে স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | উচ্চমাধ্যমিক, আই.টি.আই. | ৪৩ | ৭-৮-১৯ | www.recruit.barc.gov.in |
| সেন্টার ফর রেলওয়ে ইনফর্মেশন সিস্টেমে সফটওয়্যার ইঞ্জিনিয়ার | বি.ই. /বি.টেক. | ৫০ | ৭-৮-১৯ | www.cris.org.in |
| ন্যাশনাল ফার্টিলাইজারে অ্যাটেন্ড্যান্ট | আই.টি.আই. | ৩০ | ৮-৮-১৯ | www.nationalfertilizers.com |
| আর্মিতে অফিসার | এন.সি.সি. পাশদের | - | ৮-৮-১৯ | www.joinindianarmy.nic.in |
| এলাহবাদ হাই কোর্টে ক্লার্ক (ট্রেনি) | আইনের ডিগ্রি | ১০৪ | ৮-৮-১৯ | www.allahabadhighcourt.in |
| নবোদয় বিদ্যালয়ে শিক্ষক, শিক্ষিকা, ক্লার্ক, লাইব্রেরিয়ান, মিউজিক টিচার | মাধ্যমিক উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ২,৩৬৪ | ৯-৮-১৯ | www.navodaya.gov.in |
| রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট পাশ | ১০ | ৯-৮-১৯ | www.vizagsteel.com |
| ইন্দিরা গান্ধী রিজিওন্যাল ইনস্টিটিউট অফ হেলথে | জি.এন.এম. পাশ | ২৩১ | ১৯-৮-১৯ | www.neigrihms.gov.in |
| স্টিল অথরিটিতে নার্স, টেকনিশিয়ান, অপারেটর | উচ্চমাধ্যমিক / বি.এসসি. | ৩৩৩ | ২০-৮-১৯ | www.sail.co.in |
| শিলিগুড়ি আর্মির র‍্যালি | এইট, HS, ডিগ্রি | - | ২০-৮-১৯ | www.joinindianarmy.nic.in |

■ *মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কি ছাড়া হচ্ছে? এই পদটি কি স্থায়ী চাকরি না অস্থায়ী চাকরি ? — বিধান বিশ্বাস, দানগ্রাম, দক্ষিণ দিনাজপুর।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। সম্ভবত পুজোর পর পরীক্ষা হবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কি ছাড়া হচ্ছে? এই পরীক্ষায় কী কী বিষয় থাকে? — বাবলু মাইতি, মেদিনীপুর।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে ৪ আগস্ট, রবিবার বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৮ জুলাই থেকে এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in কোনো অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত খুঁটিয়ে দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রশ্ন করা হবে। মেধা তালিকা তৈরির সময় লিখিত মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। ডাক্তারি পরীক্ষা হবে রাজ্য সরকারের নির্বাচিত কয়েকটি হাসপাতালে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর থেকে বুকের এক্স-রে ও শরীরের অন্যান্য পরীক্ষা করা হবে। সবশেষে সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। মনোনীত হলে পুলিশ ট্রেনিং স্কুলে ট্রেনিংয়ের জন্য পাঠানো হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের মেন পরীক্ষা দিয়েছি ৩০ জুন। ফল কবে বেরোবে? এরপর ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ের জন্য কেমন প্রিপারেশন নেব? — কৌশিকচন্দ্র সাহা, সরস্বতীপল্লী, চক কাঠালিয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল খুব শিগগিরই বেরোবে। ইন্টারভিউয়ের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের মক ইন্টারভিউ করুন। এখন পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের ইন্টারভিউ চলছে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারির যে সব ট্রেন্ড প্রার্থী সার্টিফিকেট ভেরিফিকেশনে ডাক পাননি, তাঁদের সার্টিফিকেট ভেরিফিকেশনে ডাকা হবে কি? — পুনমচন্দ্র পাল, শান্তিনগর, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

■■ স্কুলশিক্ষা দফতর সূত্রে জানা গেছে, এখনো আরেকটি দফায় সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হতে পারে।

■ *স্কুল সার্ভিস কমিশনের শারীরশিক্ষা বিষয়ের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — হীরু সেখ, বামুনপুকুর, শ্রীমায়াপুর, নদিয়া।*

■■ নীচের যেকোনো ১টি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য : (ক) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(খ) যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা স্কুল /কলেজ / জেলা স্তরের স্পোর্টস / গেমসে প্রতিনিধিত্ব করে থাকলে আর ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা (২০০২ সালের এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী) ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই এন.সি.টি.ই.'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে অন্তত ২ বছরের ফিজিক্যাল এডুকেশনের ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। এছাড়াও শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা নম্বরে ৫% ছাড় পাবেন। এছাড়াও সব ক্ষেত্রে ২ বছরের বি.পি.এড. বা, ৩ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

## সেনাবাহিনীর

■ *নদিয়া ও মুর্শিদাবাদ জেলায় আর্মির র‍্যালি কবে হবে? — পলাশ রেজোয়ার, সাপজোলা, কালিগঞ্জ, নদিয়া। অজিত চ্যাটার্জী, ছোটো জাগুলিয়া, নদিয়া।*

■■ এখনো র‍্যালি হওয়ার তারিখ ঠিক হয়নি।

■ *ব্যারাকপুরে আর্মির র‍্যালি কবে হবে? — পার্থ ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের উত্তর ২৪ **পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া** জেলার প্রার্থীদের থেকে সরাসরি ১৫ থেকে ২৩ সেপ্টেম্বর, ব্যারাকপুর আর.টি.সি. গ্রাউন্ডে র‍্যালি হবে। বিস্তারিত তথ্য প্রথম পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

■ *উচ্চমাধ্যমিকে ৫৮% নম্বর আছে। আর্মির ক্লার্ক পদে যোগ্য কি? — সুজয় সরকার, বিরাটী, উত্তর ২৪ পরগনা। সুজয় দে সরকার, রঘুনাথপুর, দক্ষিণ দিনাজপুর।*

■■ না, যোগ্য নন। ক্লার্ক পদের জন্য যোগ্যতা দরকার — আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

## কোর্স ও ট্রেনিং

■ *উচ্চমাধ্যমিকে ৭৪.৪.% নম্বর আছে। জি.এন.এম. মেল নার্স পদে সুযোগ পাব কি? — স্নেহদীপ হালদার, ৯নং মনীন্দ্র নগর, কাশিমবাজার, বহরমপুর। অতিন্দ্র দাস, হুগলি।*

■■ সম্প্রতি মেল জি.এন.এম. কোর্সের মেধা তালিকা বেরিয়েছে। এই নম্বরে কাউন্সেলিংয়ে ডাক পাওয়ার সম্ভাবনা কম।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
..............................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

➡Daily Success Now

## ইন্ডিয়ান অয়েলে ৬৪৩

১ পাতার পর

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্রোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ : টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — দিল্লিতে** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১৪টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

**হরিয়ানা** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**হিমাচলপ্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৩টি (জেনাঃ)।

**জম্মু ও কাশ্মীর** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৩টি (জেনাঃ)।

**পঞ্জাব** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ১)।

**রাজস্থান** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**উত্তর প্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ২৫টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, ও.বি.সি. ৬)।

**উত্তরাখন্ড** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৩টি (জেনাঃ)।

**তামিলনাড়ু ও পুডুচেরী** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ২০টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, ও.বি.সি. ৫)।

**কর্ণাটক** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**কেরলা** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**তেলেঙ্গানা** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**আন্ধ্রাপ্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ : ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — দিল্লিতে** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১৪টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

**হরিয়ানা** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, ও.বি.সি. ২)।

**হিমাচলপ্রদেশ** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৩টি (জেনাঃ )।

**জম্মু ও কাশ্মীর** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৩টি (জেনাঃ)।

**পঞ্জাব** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ১)।

**রাজস্থান** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**উত্তর প্রদেশ** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ২৫টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, ও.বি.সি. ৬)।

**উত্তরাখন্ড** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৩টি (জেনাঃ )।

**তামিলনাড়ু ও পুডুচেরী** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৩০টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, ও.বি.সি. ৮)।

**কর্ণাটক** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**কেরলা** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**তেলেঙ্গানা** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**আন্ধ্রাপ্রদেশ** - ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**চন্ডীগড়** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **দিল্লি** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ১৩টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ৩)। **হরিয়ানা**- ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। **হিমাচলপ্রদেশ**- ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ২টি (জেনাঃ)। **জম্মু ও কাশ্মীর**- ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ২টি (জেনাঃ)। **পঞ্জাব** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। **রাজস্থান** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **উত্তরপ্রদেশ** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ২৮টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, ও.বি.সি. ৭)। **উত্তরাখন্ড** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ২টি (জেনাঃ)।

**তামিলনাড়ু ও পুডুচেরী** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ১২৪টি (জেনাঃ ৫৫, ই.ডব্লু.এস. ১২, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩৩)। **কর্ণাটক** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৬১টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬)। **তেলেঙ্গানা** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৩১টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮)। **আন্ধ্রাপ্রদেশ** - ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৩২টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৭-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৮ আগস্ট। ৯০ মিনিটের লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) টেকনিক্যাল সংক্রান্ত ৪০ নম্বর, (খ) জেনারেল অ্যাপ্টিটিউট - ২০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -২০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বর। ট্রেড অ্যাপ্রেন্টিস অ্যাকাউন্ট্যান্ট পদের বেলায় থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাপ্টিটিউট - ৩০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -৩০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর।

লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। পরীক্ষা হবে চন্ডীগড়, জয়পুর, লক্ষ্ণৌ ও নিউ দিল্লিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.iocl.com নর্দার্ন রিজিয়নের বেলায় দরখাস্ত করবেন ৮ আগস্ট পর্যন্ত আর সাউদার্ন রিজিয়নের বেলায় ৭ আগস্টের মধ্যে। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


Clinical Research Centre (CRC), JU
Kolkata – 700 032
In Collaboration with JIS University
Announces : Certificate Course in Yoga and Naturopathy
Duratin : 1 Year
Eligibility : H.S. In any Stream
Last Date of Application : 10 August
Application form Available At Clinical Research Centre (CRC), JU
Cont. : 9088401354
9836066927

Central Government Approved Course
... JOB ORIENTED courses on
FIRE & SAFETY MANAGEMENT

| Course | Eligibility | Duration |
|---|---|---|
| Diploma in Fire Service & Operation | 10 | 1 Year |
| Diploma in Fire Technology & Safety Management | 10+2 | 1 Year |
| Diploma in Industrial Safety | 10+2 or 10+(T) | 1 Year |
| PG Diploma in Fire Safety Management | Graduation | 1 Year |
| Sub Officer Course | 10+2 | 9 Months |
| P G Diploma in Industrial Safety | Graduation | 1 Year |
| PG Diploma in Health, Safety & Environment | Graduation | 1 Year |
| Certificate in Fireman | 10 | 6 Months |

◆ On Job Practical Trainning ◆ Affordable Course Fees
◆ Placement Assistance ◆ AC Classroom
Admission Started !
Training Venue :
Belghoria - 7980191435 , Burdwan - 8240995217
Barasat - 6289595828 / 6290499791


YouTube ➡Daily Success Now

# কলকাতা পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে কীভাবে চাকরি পেলাম



সুমিত পাল

কলকাতার বাগুইআটির ছেলে আমি। বাবা রেলে চাকরি করতেন। আমরা দু'ভাই। দাদা মেকানিক্যাল ইঞ্জিনিয়ার। দাদাকে দেখে আমার ইঞ্জিনিয়ার হওয়ার ইচ্ছা হয়েছিল। ২০১১ সালে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পর পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসেছিলাম ও র‍্যাঙ্কিং কম ছিল বলে অনেক দূরের একটি কলেজে ভরতির সুযোগ পেয়েছিলাম। কিন্তু আমি যাইনি। পরের বার আবার পরীক্ষা দিয়ে ভালো র‍্যাঙ্কিং করে ফিউচার ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্টে ইলেক্ট্রিক্যাল শাখায় বি.টেক কোর্সে ভরতি হয়েছিলাম। এখান থেকে ২০১৬ সালে বি.টেক কোর্স পাশ করার পর ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে সফটওয়্যার সংস্থায় চাকরি পেয়েছিলাম। কিন্তু যাইনি। ওই বছর থেকে সরকারি চাকরির জন্য প্রস্তুতি নেওয়া শুরু করেছিলাম। প্রথম পরীক্ষা দিয়েছিলাম বিদেশ সঞ্চার নিগমের টেকনিক্যাল পদের জন্য। পরীক্ষা দিয়ে বুঝেছিলাম ঠিকঠাক প্রস্তুতি না থাকলে এই ধরণের পরীক্ষায় সফল হওয়া যায় না। এক বন্ধুর কাছ থেকে শুনে ও এই পত্রিকা পড়ে দমদমের এক নামি ইঞ্জিনিয়ারিং চাকরির পরীক্ষার কোচিং সেন্টারে ভরতি হয়েছিলাম। এই প্রতিষ্ঠানের বিজ্ঞানসম্মত ট্রেনিং নেওয়ার পর পরীক্ষা দিয়েছিলাম — পি.এস.সি জুনিয়র ইঞ্জিনিয়ার, এস.এস.সি জুনিয়ার ইঞ্জিনিয়ার, পাওয়ার গ্রিড কর্পোরেশন, ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে কারিগরি পদে। এর মধ্যে ওয়েস্টবেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে টেকনিক্যাল পদে ইন্টারভিউ পর্যন্ত পৌঁছে চূড়ান্ত পর্যায়ে বাতিল হয়ে যাই। সাময়িকভাবে কিছুটা মানসিক আঘাত পেয়েছিলাম। শেষপর্যন্ত কোচিংয়ে মেন্টরদের পরামর্শে আবার স্বাভাবিক হই।

২০১৮ সালের মাঝামাঝি কলকাতা পুর নিগমের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করেছিলাম। মোট শূন্যপদ ছিল ৪০টি। এর মধ্যে জেনারেল ক্যাটাগরির জন্য শূন্যপদ ছিল ২২টি।

নির্ধারিত সিলেবাসে শুধুমাত্র কারিগরি বিষয়ের প্রশ্ন ছিল বলে মূলত টেকনিক্যাল সব বিষয় খুব মন দিয়ে পড়েছিলাম। প্রথমে সিলেবাস অনুযায়ী টেক্সট বইটি খুঁটিয়ে পড়ি। এরপর জে.বি.গুপ্তা ও আর.কে. রাজপুতের বই দেখে অবজেক্টিভ টাইপের প্রশ্ন রোজ অনুশীলন করতাম। এছাড়াও কোচিংয়ের নোটস পড়েছি। 'Appointment & Career News'এর টেকনিক্যাল প্রশ্ন পড়ে খুব উপকৃত হয়েছি। নিয়মিত মহড়ায় বসে নিজের সব ভুল ত্রুটি সংশোধন করেছিলাম। প্রস্তুতির ক্ষেত্রে বিশেষভাবে সাহায্য পেয়েছিলাম প্রশিক্ষক সুরজিৎ ভৌমিকের কাছে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষায় হয়েছিল ২০১৮ সালের ডিসেম্বর নাগাদ। ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন ছিল। প্রতিটি প্রশ্নে ছিল ২ নম্বর করে। সব প্রশ্নের উত্তর লিখেছিলাম। বাড়িতে এসে মিলিয়ে দেখেছিলাম ৮৮টি প্রশ্নের উত্তর ঠিক হয়েছে।

এরপর লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। প্রস্তুতির জন্য কোচিংয়ের মহড়া ইন্টারভিউয়ে অংশ নিয়েছিলাম। পুরনো সব পাঠ্য বিষয়ে নিয়মিত চোখ বোলাতাম। সাম্প্রতিক ঘটনা সম্পর্কে সচেতন থাকতে দৈনিক সংবাদপত্রের পাশাপাশি নিয়মিত 'কর্মসংস্থান' পত্রিকা পড়তাম।

ইন্টারভিউ হয়েছিল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৩ জন সদস্য। শুরুতে নিজের ট্রেড সম্পর্কে বেসিক কিছু প্রশ্ন করা হয় ও তারপর চলতি ঘটনা ও ইতিহাস থেকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল। সাধ্যমতো সব প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করেছিলাম। চূড়ান্ত সফল হয়ে এবছরের ২৭ জুন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে যোগ দিয়েছি। পোস্টিং হয়েছে টালায়। ২ বছরের প্রবেশন। মূল মাইনে ৯,০০০-৪০,৫০০ টাকা ও সেই সঙ্গে গ্রেড পে ৪,৪০০ টাকা। অভিজ্ঞতার ভিত্তিতে বলতে পারি, লক্ষ্যে স্থির থেকে ধারাবাহিক প্রস্তুতি নিলে ও সেইসঙ্গে বিশেষজ্ঞের পরামর্শ পেলে সফল হওয়া সম্ভব।

## ১০৪ ড্রাইভার

১ পাতার পর

যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স ও দু'চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। ভারি গাড়ি চালানোর কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৬-৮-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : জেনাঃ ৫০, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ১০।

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইন্টেলিজেন্স / রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট - ২০ নম্বর, জেনারেল ইংলিশ - ২০ নম্বর, জেনারেল অ্যাওয়ারনেস - ১০ নম্বর, সংশ্লিষ্ট ট্রেড সংক্রান্ত ৫০ নম্বর। পরীক্ষা হবে বিশাখাপত্তনমে। কবে পরীক্ষা হবে তা ওয়েবসাইটে জানা যাবে। এই পদের বিজ্ঞপ্তি নং : C/DR/4/2018.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.indiannavy.nic.in তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি অ্যাডমিট কার্ডে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post '.... and Category'....... (SC/ST/OBC/UR). দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ১৬ আগস্টের মধ্যে। এই ঠিকানায় : The Flag Officer Commanding -in-Chief (for SO(CRC), Headquarters, Eastern Naval Command, Utility Complex, 2nd Floor, Naval Base, Visakhapatnam-530 014 (Andhra Pradesh).

# ডিরোজিও মেমোরিলা কলেজে ভিডিওগ্রাফি-ওয়েব ডিজাইনিং কোর্স

ডিরোজিও মেমোরিয়াল কলেজ ফটোগ্রাফি-ভিডিওগ্রাফি আর ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্টের ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। ২টি কোর্স ইউ.জি.সি স্বীকৃত। কেন্দ্রীয় সরকারের কমিউনিটি প্রকল্পের অধীনে পড়ানো হবে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভরতি হতে পারেন। বার্ষিক কোর্স ফী ৯,৪৫০ টাকা। আবেদনের ফী-সহ ভরতির সময় দিতে হবে ৫,০০০ টাকা। কমিউনিটি কলেজ স্কিলের নোডাল অফিসার অনির্বান বসু রায়চৌধুরী জানান, নিকন, ক্যাননের মতো আন্তর্জাতিক ক্যামেরা কোম্পানির পরামর্শ ও ক্যালকাটা জার্নালিস্ট ক্লাবের সহায়তায় ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফির কোর্সের সিলেবাস তৈরি হয়েছে। কলেজে আছে আধুনিক স্টুডিও, এডিটিং সফটওয়্যার। ডিজাইনিং ও ডেভেলপমেন্টে শেখানো হয় সফটওয়্যার ডেভেলপমেন্ট, সিকিউরিটি প্রোগ্র্যামিং, কোডিং প্র্যাক্টিস। ২টি কোর্স করে চাকরি ও স্বনিযুক্তির সুযোগ আছে। তিনি আরো জানান, ২টি কোর্সের ক্ষেত্রেই ফাইনাল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ৫০ জন ছাত্রছাত্রীর জন্য ৮,৫০০ টাকা করে স্কলারশিপের ব্যবস্থা রয়েছে। যোগাযোগের ঠিকানা : ডিরোজিও মেমোরিয়াল কলেজ, রাজারহাট রোড, কলকাতা - ১৩৬। দরকারে ফোন করতে পারেন এই নম্বরে : ৯৮৩০৫৫১৭৭৪।

# মা সারদা স্বনির্ভর কেন্দ্রে নিখরচায় হাতের কাজের ট্রেনিং

পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে মা সারদা স্বনির্ভর কেন্দ্র নিখরচায় ৭টি বিষয়ে ট্রেনিং দিচ্ছে। ট্রেড অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা, মেয়াদ ও বয়সসীমা হল : **(১) ফিল্ড টেকনিশিয়ান-এ.সি. ও রেফ্রিজারেটর।** শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ক্লাস টেন পাশ। মেয়াদ : ৩০০ ঘন্টা। ট্রেনিংয়ে এ.সি. ও রেফ্রিজারেটর সার্ভিসিং ও রিপেয়ারিং শেখানো হয়। **(২) সিউয়িং মেশিন অপারেটর।** শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ২৭০ ঘন্টা। এই ট্রেনিংয়ে ছেলেমেয়েদের বিভিন্ন ধরনের পোশাক তৈরি শেখানো হয়। **(৩) জুট প্রোডাক্টস স্টিচিং অপারেটর।** শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ৩০০ ঘন্টা। এই ট্রেনিংয়ে হাত ও মেশিনের মাধ্যমে পাটের বিভিন্ন ধরনের আধুনিক ডিজাইনিংয়ের ব্যাগ ও অন্যান্য পণ্য সামগ্রী তৈরি শেখানো হবে। **(৪) এমপ্লয়বিলিটি এনহান্সমেন্ট প্রোগ্রাম (কম্পিউটার ট্রেনিং)।** শিক্ষাগত যোগ্যতা : ২০১৬ থেকে ২০১৯ সালের মধ্যে যে কোনো শাখায় ডিগ্রি কোর্স পাশ। মেয়াদ : ২০০ ঘন্টা। এই ট্রেনিংয়ে কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্ট, কর্পোরেট এটিকেটস ও ম্যানার্স, লিডারশিপ স্কিল, পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট, ম্যাথমেটিক্স, রিজনিং, বিজনেস আই.টি স্কিলস শেখানো হবে। তপশিলী ও ও.বি.সি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হবে। **(৫) হ্যান্ড এমব্রয়ডারি।** শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ক্লাস ফাইভ পাশ। মেয়াদ : ৩০০ ঘন্টা। এই ট্রেনিংয়ে বিভিন্ন ধরনের হ্যান্ড এমব্রয়ডারির কাজ শেখানো হবে। **(৬) Phlebotomy টেকনিশিয়ান।** শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ (বিজ্ঞান শাখার প্রার্থীদের অগ্রাধিকার)। মেয়াদ : ৩৬০ ঘন্টা। এই ট্রেনিংয়ে প্যাথোলজিক্যাল বিষয় শেখানো হয়। **(৭) নার্সিং অ্যাসিস্ট্যান্ট।** শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ। মেয়াদ : ৪২০ ঘন্টা। এই ট্রেনিংয়ে রোগীকে বিভিন্ন ধরনের সাহায্যদান ও নার্সিং সংক্রান্ত বিষয় শেখানো হবে। প্রতিটি ট্রেনিং শেষে কাজের ক্ষেত্রে সাহায্য করা হবে। ট্রেনিং শেষে শর্তসাপেক্ষে যাতায়াত ভাড়া দেওয়া হবে।

আগ্রহীদের সম্পূর্ণ বায়োডাটা দিয়ে আবেদন করতে হবে। সঙ্গে দিতে হবে বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ড, ব্যাঙ্কের পাসবই কাস্ট সার্টিফিকেটের মূল ও প্রতিলিপি, সদ্য তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো। ভরতির সময় সব ক্ষেত্রের মূল কপি নিয়ে আসতে হবে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : মা সারদা স্বনির্ভর কেন্দ্র, ২০, প্রানকৃষ্ণ মুখার্জী রোড, কলকাতা - ৭০০ ০০২। ফোন : (০৩৩) ২৯৮৫-০২২৯, ৯০৭৩৮২৬৮৪৭। ওয়েবসাইট : www.rkmswanirvar.org

# কেন্দ্রীয় সরকার স্বীকৃত ফায়ার ও সেফটি ম্যানেজমেন্টের কোর্সে ভরতি

এমএনজি আকাদেমি, কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পমন্ত্রক স্বীকৃত ফায়ার ও সেফটি ম্যানেজমেন্টের ৮টি কর্মমুখী কোর্সে ভরতি নিচ্ছে। এইসব কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল — (১) ডিপ্লোমা ইন ফায়ার সার্ভিসেস অ্যান্ড অপারেশন, মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভরতি হতে পারেন। মেয়াদ ১ বছর। (২) ডিপ্লোমা ইন ফায়ার টেকনোলজি অ্যান্ড সেফটি ম্যানেজমেন্ট, যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভরতি হতে পারেন। মেয়াদ ১ বছর। (৩) ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল সেফটি, যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ বা, মাধ্যমিক পাশ ও সেইসঙ্গে আই.টি.আই পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। (৪) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সেফটি ম্যানেজমেন্ট, যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ১ বছর। (৫) সাব-অফিসার কোর্স, যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ ৯ মাস। (৬) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল সেফটি, যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ বছর। (৭) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হেলথ, সেফটি ও এনভায়রনমেন্ট, যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ বছর। (৮) সার্টিফিকেট ইন ফায়ারম্যান, ক্লাস টেন পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস। প্রতিটি কোর্সে হাতে-কলমে ট্রেনিং দেওয়া হবে ও ট্রেনিং শেষে সফল প্রার্থীদের কাজের ক্ষেত্রে সাহায্য করা হবে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : MNG ACADEMY, 9/5 ফিডার রোড, বেলঘরিয়া, রথতলা, কলকাতা-৭০০০৫৭। ফোন - (০৩৩)২৫৪৪৩৩৫৫। ওয়েবসাইট- www.mngacademy.in. এছাড়াও ট্রেনিং দেওয়া হবে এই সব ক্ষেত্রে। বেলঘরিয়া (৭৯৮০১৯১৪৩৫), বর্ধমান (৮২৪০৯৯৫২১৭), বারাসাত (৬২৮৯৫৯৫৮২৮/৬২৯০৪৯৯৭৯১)।

# কেন্দ্রীয় সরকারি সংস্থায় নিখরচায় দক্ষতা বাড়ানোর কোর্স

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পমন্ত্রকের অধীন সেন্ট্রাল টুল রুম অ্যান্ড ট্রেনিং সেন্টার ও ন্যাশনাল ব্যাক-ওয়ার্ড ক্লাসেস ফাইনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন যৌথ উদ্যোগে ওবিসি, ইবিসি, ডি-নোটিফায়েড, সেমি-নোমাডিক ও নোমাডিক ট্রাবিস, প্রবীণ নাগরিক ট্রান্সজেন্ডার, ভিখারি সম্প্রদায় ও সমভ্রম হানির শিকার ছেলেমেয়েদের ইলেক্ট্রনিক্স শিল্পের কাজের জন্য নিখরচায় দক্ষতা বাড়ানোর ট্রেনিং দেবে। ট্রেনিং দেওয়া হবে এই তিনটি ট্রেডে : (১) অ্যারাইস রুম এয়ারকন্ডিশনার অ্যান্ড হোম অ্যাপ্লায়েন্সেস, মেয়াদ ৪ মাস। (২) অ্যারাইস হ্যান্ড হেল্ড প্রোডাক্টস, মেয়াদ ৩ মাস। (৩) অ্যারাইস অডিও ভিডিও, মেয়াদ ৩ মাস। সবক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ। ওবিসিদের ক্ষেত্রে বার্ষিক আয় হতে হবে সর্বোচ্চ ৩ লাখ টাকার মধ্যে। ইবিসি প্রার্থীদের ক্ষেত্রে বার্ষিক আয় হতে হবে সর্বোচ্চ ১ লাখ টাকার মধ্যে। অন্যান্য সম্প্রদায়ের ক্ষেত্রে বার্ষিক আয়ের কোনো কড়াকড়ি নেই। তবে সব ক্ষেত্রেই লাগবে প্রাসঙ্গিক প্রমাণের নথিপত্র। থিওরির সঙ্গে সঙ্গে সিটিটিসি পরিচালিত প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হবে। অন জব ট্রেনিং হবে স্যামসুং ইন্ডিয়া ইলেক্ট্রনিক্স প্রাইভেট লিমিটেডের সেবাকেন্দ্রে। ছেলেমেয়েদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। ট্রেনিং শেষে ১০০% কর্মসংস্থানে সাহায্য করা হবে। আগ্রহীরা সরাসরি সিটিটিসি র ট্রেনিং সেলে যোগাযোগ করতে পারেন। ট্রেনিং সেলের ফোন নম্বর : [illegible]। ওয়েবসাইট : www.msmetoolroomkolkata.com। সরাসরি যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : এমএসএমই-টুল রুম, কলকাতা (সেন্ট্রাল টুল রুম ও ট্রেনিং সেন্টার) [illegible] ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ৭০০১০৮, ফোন নম্বর- [illegible]।

You Tube ➡Daily Success Now

# ডব্লুবিসিএস মেইনস'এর সাফল্যের স্ট্র্যাটেজি

## ক্রাইসিস ম্যানেজমেন্ট

২০১৯ সালের ডব্লুবিসিএস মেইন পরীক্ষা শুরু ২৫ জুলাই থেকে। পর পর ৩ দিন ধরে চলবে এই পরীক্ষা। এবেলা-ওবেলা মিলিয়ে মোট ১০ থেকে ১২টি বিষয়ের পরীক্ষা দিতে হবে। টানা ১০-৫টা পরীক্ষা দিয়েও নিস্তার নেই। বাড়ি ফিরে আবার পরের দিনের পরীক্ষার জন্য রিভিশন করতে হবে। পরীক্ষাকেন্দ্র থেকে যার বাড়ি যতদূর তাকে তৈরি হতে হবে তত ভোরে। তার ওপর আছে বাস-ট্রেনের ধকল। আবশ্যিক বিষয়ের পরেই আবার অপশনাল বিষয়ের পরীক্ষা। পরীক্ষার এই দিনগুলি যে দুর্বিষহ অবস্থার মধ্যে দিয়ে যেতে হয়, তা বলাই বাহুল্য। এক্ষেত্রে কীভাবে ম্যানেজ করবেন ইত্যাদি বিষয় নিয়ে আলোকপাত করেছেন রাজ্য পণ্য ও পরিষেবা কর দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার **সামিম সরকার**।



পৃথিবীর সবথেকে বড় গণতান্ত্রিক রাষ্ট্র ভারত। যেকোনো গণতান্ত্রিক রাষ্ট্রে পরিচালন ব্যবস্থায় অন্যতম ভিত্তি তার প্রশাসন। শুধু জনসংখ্যায় নয়, ভারতের প্রকৃতিতেও বিশাল বৈচিত্র। নানা ভাষা, বর্ণ, জাতি, ধর্ম। নানা আবেগ, রুচি, আচার, আচরণ। একটি গণতান্ত্রিক রাষ্ট্রে প্রত্যেকেই সমান। প্রতিটি মানুষ সমমর্যাদায় বাস করেন। এ নিশ্চয়তা দেয় সুপ্রশাসন ব্যবস্থা। দেশের নাগরিক সুপ্রশাসন ব্যবস্থার মাধ্যমে গণতন্ত্রের যথার্থ আস্বাদ নিতে পারে। এই প্রশাসন ব্যবস্থাটি পরিচালিত হয় সিভিল সার্ভেন্টদের মাধ্যমে। ফলে সহজেই অনুমেয়, সিভিল সার্ভেন্টদের কয়েকটি বিশেষ গুণ থাকা আবশ্যক। ধৈর্য, নেতৃত্বগুণ, তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা। শুধু আদেশ বা, হম্বিতম্বির মাধ্যমে নেতৃত্ব দেওয়া নয় – সবার আগে দাঁড়িয়ে কাজ করার মানসিকতা, যেকোনো পরিস্থিতিতে মাথা ঠান্ডা রাখা ইত্যাদি গুণগুলি একজন সিভিল সার্ভেন্টের থাকা জরুরি। পি.এস.সি তাই সিভিল সার্ভিস পরীক্ষার ৩টি ধাপের মাধ্যমে পরীক্ষার্থীদের মধ্যে এই বিশেষ গুণগুলি আছে কিনা যাচাই করে নেয়।

পি.এস.সি মনে করে, একজন ভালো পড়ুয়া হলেই যে ভালো প্রশাসক হবেন, তার কোনো নিশ্চয়তা নেই। পি.এস.সি তার নিজস্ব মানদণ্ডে আগত সিভিল সার্ভেন্টদের বাছাই করে থাকে। ডব্লু.বি.সি.এস'এ মেনস পরীক্ষাটিই হল আসল হার্ডল। অতীতেও মেনসের গুরুত্ব ছিল অসীম, ২০১৪ সালে পরীক্ষার ফর্ম্যাট পরিবর্তনের মাধ্যমে মেনসের গুরুত্ব বহুলাংশে বিবর্ধিত হয়েছে। প্রকৃত অর্থে চাকরি মেলে আদতে মেনসের ওপর ভর করে। আসলে প্রিলিম যদি স্ক্রিনিং টেস্ট হয়, তবে মেনস হল সিলেকশন টেস্ট, আর ইন্টারভিউ শুধু র‍্যাঙ্কিং নির্ধারণে সহায়তা করে। এখন গ্রুপ 'এ' ও 'বি'র ক্ষেত্রে ইন্টারভিউয়ে নম্বর যেমন ছিল তেমনই আছে। কিন্তু মেনসের নম্বর বেড়ে যাওয়ায় আনুপাতিক হিসাবে ইন্টারভিউয়ের গুরুত্ব অনেকটা কমে গেছে। অর্থাৎ, আগে ৯০০ নম্বরের মেনস হত ডব্লু.বি.সি.এস 'এ' ও 'বি' গ্রুপের জন্য, সেখানে ইন্টারভিউয়ের নম্বর বরাদ্দ ছিল ২০০। এখনও ইন্টারভিউয়ে সেই ২০০ নম্বর থাকলেও মেনস মোট ১,৬০০ নম্বরের পরীক্ষা। অর্থাৎ, নম্বরের বিচারে দেখতে গেলে পূর্বতন সিলেবাসে ইন্টারভিউয়ের অবদান 'এ' ও 'বি' গ্রুপের ক্ষেত্রে ১৮%, যা এখন কমে হয়েছে ১১%। 'সি' গ্রুপের ক্ষেত্রে ইন্টারভিউয়ের অবদান ২২% থেকে কমে হয়েছে ১১%, 'ডি' গ্রুপের ক্ষেত্রে এই হার ১২.৫% থেকে কমে হয়েছে ৭.৭%। তাই, চাকরি পাওয়ার কার্যটি ৯০% নিশ্চিত করে নিতে হবে মেনস পরীক্ষাতেই।

মেনস কম্পালসরি পরীক্ষাগুলি হয় টানা। পরপর তিন দিন ধরে চলে এই পরীক্ষা। অর্থাৎ, তিন দিনে দিতে হয় দশ বারোটি বিষয়ের পরীক্ষা। ডব্লু.বি.সি.এস'এর মতো সর্বোচ্চ পর্যায়ের পরীক্ষায় এ এক বিশাল ধকল। টানা দশটা-পাঁচটা পরীক্ষা দিয়েও নিস্তার নেই, বাড়ি ফিরে আবার পরের দিনের পরীক্ষার জন্য রিভিশন দিতে হবে। আর দশটা-পাঁচটা পরীক্ষা দেওয়া মানে অনেক ভোর থেকে শুরু হয়ে যায় প্রস্তুতি। পরীক্ষাকেন্দ্র থেকে যার বাড়ি যতদূর, তাকে তৈরি হতে হয় তত ভোরে। আবার বাড়ি ফেরার সময়ও একটা সময় ব্যয় হয়। তার ওপর আছে বাসে-ট্রেনের ধকল। সবকিছু মিলিয়ে এক বিপুল চাপের মধ্য দিয়ে দিতে হয় পরীক্ষা। এখানেই কিন্তু মুক্তি নেই। বিষয়গুলি টানা পরীক্ষা দেওয়ার পর ঠিক পরের দিনেই থাকে অপশনাল বিষয়ের পরীক্ষা। পরীক্ষার এই দিনগুলি যে দুর্বিষহ অবস্থার মধ্যে দিয়ে যেতে হয়, তা বলাই বাহুল্য।

২০১৪ সাল থেকে পরীক্ষার ধরণে যেসব পরিবর্তন এসেছে তার অন্যতম হল, মেনস বিষয়ের কয়েকটি বিষয়ে পরীক্ষা আগের মতো কনভেনশনাল ও কিছু পরীক্ষা হয় এমসিকিউ জাতীয়। এই দুই ধরণের পরীক্ষার প্রস্তুতি চালাতে হয় একইসঙ্গে। দু'টি আলাদা ধরণের পরীক্ষার প্রস্তুতি একইসঙ্গে নেওয়া কিন্তু কম ধকলের নয়। আবার এমসিকিউ জাতীয় পরীক্ষা হওয়ায় প্রতিযোগিতায় টিকে থাকার জন্য টার্গেট স্কোর বাড়াতেই হবে। প্রস্তুতি হতে হবে গভীরভাবে, কনভেনশনাল টাইপ পরীক্ষায় প্রশ্নের উত্তর দেওয়ার জন্য চ্যাপ্টার বাছাইয়ের সুযোগ থাকে কিন্তু এমসিকিউ জাতীয় পরীক্ষার ক্ষেত্রে সাজেসটিভ পড়াশোনা করলে সঠিক উত্তর বেছে উত্তর করা কঠিন হয়ে উঠতে পারে।

প্রস্তুতির প্রাথমিক এইসব সমস্যা টপকে হয়তো পরীক্ষার শুরুতে বেশ জমাট মানসিকতা নিয়ে পরীক্ষাকেন্দ্রে গেলে, নিজেকে ধরেও রাখলে দারুণ। মনোযোগ পুরোপুরি পরীক্ষায় নিবদ্ধ। পরীক্ষাও দিলে ফাটাফাটি। এভাবে চললে তোমাকে আটকানো যাবে না। পরের দিন কিন্তু তোমার পরীক্ষা প্রথম দিনের মতো হল না। অথচ প্রশ্ন খারাপ হয়েছে তুমি বলতে পারলে না। যা প্রশ্ন রয়েছে তার কোনোটা তোমার অজানা নয়, ধীর-স্থির ভাবে উত্তর করলে আরো ভালো পরীক্ষা হত।

আসলে প্রথম দিনের পরীক্ষা দারুণ হওয়ার ফলে তোমার ফোকাস নড়ে গিয়েছে। যে জমাট-টেম্পারমেন্ট নিয়ে প্রস্তুতি নিয়েছিলে তার সুফল প্রথম দিন পাওয়ায় আনন্দের আতিশয্যে সব তালগোল পাকিয়ে গেছে। মনে রাখতে হবে, একটা দিনের পরীক্ষা একটা ওয়ান-ডে ম্যাচের মতো। একটা ওয়ান-ডে ম্যাচে যে পারফরম্যান্স করেছো, পরের দিনের খেলায় তার জের টানা যায় না। পরেরদিন শুরু হয় ফের প্রথম থেকে। নতুন সকাল, নতুন মাঠ, নতুন পরিবেশ। শুরু হয় একদম শূন্য থেকে। খেলার মাঠের এই মানসিকতা জীবনে প্রয়োগ করা সত্যি একটা বড় চ্যালেঞ্জ। কিন্তু পারতে তোমাকে হবেই। একটি পত্র ৩ ঘণ্টার। ঘণ্টার হিসাবে ১৮ ঘণ্টা ('সি' ও 'ডি' গ্রুপের ক্ষেত্রে), এই ১৮ ঘন্টার জন্য সবকিছু বাজি রাখতে হবে। 'এ' ও 'বি' গ্রুপের ক্ষেত্রে ২৪ ঘন্টায় লিখতে হবে নিজের ভাগ্যলিপি।

নিজেকে ধরে রাখতে হবে, মেজাজটা থাকবে ঠান্ডা– পৃথিবী ছারখার হয়, হোক। তুমি নিতান্ত স্বার্থপরের মতো পরীক্ষার হলে যাবে, নিজেকে উজাড় করে পরীক্ষা দেবে, ফিরে আসবে। কোনোকিছুর মধ্যে জড়িয়ে পড়লে হবে না। নিজেকে সবসময় জানাতে হবে, প্রিলির নিরিখে মেনস পরীক্ষা মহা-মহা পরীক্ষা। প্রিলি একদিনে আড়াই ঘন্টায় খতম। আর কম্পালসরি মেনস ৬টি পত্র, এবেলা ওবেলা টানা তিনদিন হওয়ার কথা। ফলে ধৈর্য ধরে রাখতেই হবে। কম্পালসরি ৬টি পেপার হয়ে যাওয়ার পর অপশনাল পত্রের পরীক্ষা। বিড়ম্বনার এই ক'টা দিন যথেষ্ট মাথা ঠান্ডা রাখতে হবে। এইসময় পরীক্ষা থেকে নজর সরে গেলে তীরে এসে তরী ডুববে। অপশনাল একদিনে ৪০০ নম্বরের পরীক্ষা হবে ৬ ঘন্টায়। অন্য বিষয়ের পরীক্ষাগুলির মধ্যে কোনো কোনোটায় তুমি প্রস্তুতির সময়ই ধরে নিয়েছিলে দারুণ কিছু করতে পারবে। বিশেষত এই পরীক্ষা দিতে গিয়ে নতুন যে বিষয়ের সম্মুখীন হয়েছো, অ্যাভারেজ ফল হবে ধরে ছিলে। এসব পরীক্ষায় যে ঘাটতি হবে তা মেটানোর জন্য ঐচ্ছিক বিষয়ের ওপরই নির্ভর করতে হবে। অপশনাল বিষয় সেই বিচারে একজন পরীক্ষার্থীর সবথেকে প্রিয় বিষয়, পছন্দের বিষয়। ফলে এই পরীক্ষা খারাপ হয়ে গেলে ছিটকে যাওয়ার সম্ভাবনা বেশি। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়, পরপর ক'দিন অবজেক্টিভ প্রশ্নে উত্তরে টিক দিতে হয়েছে আর অপশনাল পরীক্ষা কনভেনশনাল টাইপের প্রকৃতি একেবারে আলাদা। তোমার পরীক্ষা গাড়ির গিয়ার পরিবর্তনের কথাটা মাথায় রাখতে হবে। মনে রাখতে হবে, নতুন সিলেবাস অনুযায়ী অপশনাল হল একমাত্র জায়গা, যেখানে রাইটিং স্কিল বা, লেখনী ক্ষমতা জাহির করার সুযোগ রয়েছে। এই সুযোগ হাতছাড়া করা চলবে না।

মেনসের এখনকার পদ্ধতি অনুসারে বেশিরভাগ বিষয় 'এমসিকিউ' পদ্ধতিতে পরীক্ষা দিতে হবে। ফলে খেয়াল রাখতে হবে, উত্তর একেরটা অন্যের ঘাড়ে না পড়ে।

আসলে পরীক্ষার এ কয়দিন তোমার জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ কয়েকটি দিন অবশ্যই। এরমধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ



সময় পরীক্ষার ছয় ঘণ্টা। সবথেকে ভালো, সবথেকে স্বচ্ছ উত্তর দেওয়ার জন্য এই ছয় ঘন্টা যেভাবে ব্যবহার করা উচিত মনে হবে তাই করতে হবে। মনে রেখো, যে বিষয়টিতে তুমি পরীক্ষা দিচ্ছো সে বিষয়ের জন্য তোমার হাতে এই তিন ঘন্টাই শুধু রয়েছে।

পরীক্ষার এই নির্ধারিত সময়টা তোমার কথা মতো চলবে তখনই, যদি শরীরটা তোমার দোসর হয়। টানা পরীক্ষার ধকল হেলাফেলার নয়, তার সঙ্গে আছে পরীক্ষা কেমন হবে তাই নিয়ে টেনশন, নার্ভাসনেস। ডব্লু.বি.সি.এস'এর মেনসের পরীক্ষার সিট পড়ে শুধু কলকাতায়। ফলে আসানসোল বা, শিলিগুড়ির মতো দূরবর্তী অঞ্চলের পরীক্ষার্থীদের পরীক্ষাকেন্দ্রের কাছাকাছি কোনো সস্তার হোটেল বা, গেস্ট হাউসে আশ্রয় নিতে হয়। কারও ভাগ্যে হয়তো কোনো আত্মীয়স্বজনের বাড়িতে ঠাঁই মেলে। কিন্তু অপরিচিত পরিবেশে থাকা-খাওয়া নিয়ে সমস্যা বিরাট আকার নেয়। ঘুম ও খাওয়া ঠিকঠাক হলে শরীর সুস্থ থাকবে। শরীর ঝরঝরে থাকলে মনও থাকবে ফুরফুরে। এ অবস্থায় ঠান্ডা মাথায় কাজ করা যায়। যেকোনো সিদ্ধান্তের মধ্যে দায়িত্ববোধের পরিচয় মেলে। তাই খাওয়াদাওয়ার ব্যাপারে বিশেষ নজর রাখতে হবে। তেল-মশলা খাবার নয়, হালকা খাবারই আদর্শ। এত কিছুর আয়োজনের একটাই উদ্দেশ্য, যাতে তুমি তোমার সর্বোচ্চ পারদর্শিতা দেখাতে সক্ষম হও।

এত সাবধানতা নেওয়ার পরও তোমার একটি বিষয়ের পরীক্ষা খারাপ হয়ে যেতেই পারে। তাই বলে বাকি পরীক্ষাগুলি না দেওয়ার সিদ্ধান্ত নেওয়া ঠিক নয়। একটা বিষয় খারাপ হওয়ার অর্থ বাকিগুলিও খারাপ হবে– তা কিন্তু নয়। হয়তো পরের পরীক্ষাটি এমন হল যে খারাপ পরীক্ষার জন্য যে ঘাটতি হবে বলে আশঙ্কা করেছিল অন্য বিষয়ের পরীক্ষা থেকে সেই ঘাটতি মিটিয়ে ফেলা যাবে। তবে একাধিক পরীক্ষা যদি ভালো না হয়, তখন মনে হতে পারে এবার আর হবে না। এ জাতীয় প্রতিযোগিতামূলক পরীক্ষার ক্ষেত্রে এই সম্ভাবনা থাকেই। তবু আমরা বলব, পরীক্ষা ছেড়ে চলে যাওয়া ঠিক নয়। পরীক্ষাগুলি শেষ করাই হবে বুদ্ধিমানের কাজ। এবারের পরীক্ষা হলে পরীক্ষা দেওয়ার অভিজ্ঞতা পরের বার অবশ্যই কাজে লাগবে। তাছাড়া প্রশ্নপত্র তোমার কাছে কঠিন হলে, আর সবার কাছেও কঠিন। সেক্ষেত্রে কাটঅফ কমতে বাধ্য।

YouTube ➡Daily Success Now

# ডব্লুবিসিএস মেইনস'এর সাফল্যের স্ট্র্যাটেজি

২০১৪ সাল থেকে এই পরীক্ষার যে পরিবর্তন হল, তার অন্যতম হল অপশনাল কমলেও কম্পালসরির বিষয় বৃদ্ধি ও কনভেনশনাল টাইপ পরীক্ষার বদলে মেনসের চারটি বিষয় হবে এমসিকিউ ধরণের। এই দু'ধরণের পরীক্ষার জন্য দু'রকমের স্ট্র্যাটেজি নিতে হবে। উভয় ক্ষেত্রেই সময়টাকে নিজের কব্জায় রাখার জন্য শুরুতে স্ট্র্যাটেজি ঠিক করে নিতে হবে। বস্তুত, মেনস পরীক্ষায় সাফল্য ব্যর্থতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় টাইম ম্যানেজমেন্ট। টাইম ফ্যাক্টর এই পরীক্ষায় বড় বেশি নির্ণায়ক ভূমিকা নিয়ে থাকে। সেই মহামূল্যবান টাইমকে কিভাবে ম্যানেজ করা যায় এবার সে প্রসঙ্গে আসা যাক। প্রথমে বাংলা-ইংরিজি দিয়ে শুরু করব। পুরনো কনভেনশনাল টাইপের পরীক্ষা হয় এই দুই পত্র। এই দু'টি পেপারেই থাকে রিপোর্টিং লেটার রাইটিং, ভাবার্থ বা, সারমর্ম প্রেসি, অনুবাদ ও কম্পোজিশন। দু'টি বিষয়েই সময়টা তেমন ফ্যাক্টর হয় না। দু'ঘন্টার মধ্যেই উত্তর লেখা শেষ করা যায়। কম্পোজিশন ২০ মিনিটে, অনুবাদ ও সারমর্ম প্রেসি আধ ঘন্টা করে এক ঘন্টায় উত্তর করা অসম্ভব কিছু নয়। সারমর্ম প্রেসি বা, অনুবাদ উভয় ক্ষেত্রেই রাফ স্কেচের জন্য পর্যাপ্ত সময় রাখা দরকার।

প্রেসি লিখতে হয় আলাদা শীটে, যেখানে প্রতিটি বক্সে একটি করে শব্দ বসাতে হয়। শীটের ডান পাশে শব্দ সংখ্যা, পরিমাপক সূচকও দেওয়া থাকে। যার ফলে শেষ লাইন থেকে একঝলকে শব্দ সংখ্যা গণনা করা যায়। তাই, চূড়ান্ত সতর্কতা এখানে বাঞ্ছনীয়। কাটাকাটি বা, ওভার রাইটিং একদমই কাম্য নয়। সাদা পাতায় রাফ প্রয়োজনে দু'বার করা যেতে পারে। ওখানেই শব্দ সংখ্যা গুণে নিয়ে মূল প্রেসি শীটে লেখা দরকার। প্রেসির শব্দসংখ্যা মূল প্যারাগ্রাফের এক তৃতীয়াংশ হওয়া বাঞ্ছনীয়। তবে বাংলা সারমর্মের ক্ষেত্রে শব্দ সংখ্যা একটু বেশি হলেও চলে যায়। উভয় ক্ষেত্রেই একটি শিরোনাম দিতে হয় প্রেসি শীটের ওপরের নির্দিষ্ট বক্সে। এখানেও শব্দ সংখ্যা সীমিত হওয়া দরকার। সংক্ষিপ্ত হলেও শিরোনামকে অতি অবশ্যই মূল রচনার বিষয়বস্তুকে প্রতিফলিত করতে হবে। একটু লক্ষ্য করলেই বোঝা যায় শিরোনাম সচরাচর প্যারাগ্রাফের প্রথম বা, শেষের লাইনগুলিতে লুক্কায়িত থাকে। ভাবার্থের ক্ষেত্রে শব্দ সংখ্যা অর্ধেক হলেও চলবে।

এবার আসা যাক জেনারেল নলেজ (জিকে) পেপারটিতে। পরীক্ষায় প্রশ্ন হবে এমসিকিউ ধাঁচে। তাই সময়ের কোনো অভাব হয় না। তবে, এই পেপারে প্রস্তুতির ব্যাপারে সবাই কমবেশি বিভ্রান্ত থাকে। সিলেবাস? Anything under the Sun and beyond of it. তাই টেনশন নিয়ে লাভ নেই। শুধুমাত্র বিভিন্ন পত্রপত্রিকা থেকে টুকরো টুকরো কারেন্ট অ্যাফেয়ার্স ঠিকঠাক করে রাখা চাই। কারণ, এই পেপারের ভিত্তিভূমিই হল কারেন্ট অ্যাফেয়ার্স। তাছাড়া প্রিলির জন্য তৈরি ইতিহাস-ভূগোল-বিজ্ঞান বেশ কাজে দেয়। গুরুত্বপূর্ণ তারিখ, বই ও লেখক, বিভিন্ন টারমিনোলজি, অ্যাব্রিভিয়েশন, মিথোলজি প্রভৃতি বিষয়ে চোখ বুলিয়ে রাখতে পারলে ভালো। জিকে'র প্রস্তুতির জন্য 'মনোরমা ইয়ার বুক' কিংবা ভালো ক্যুইজের বই বেশ কাজ দেয়। তবে এই পত্রের প্রস্তুতিতে অযথা বেশি সময় দেওয়ার দরকার নেই। টাইম কনজিউমিং পেপারগুলি অন্যতম হল Arithmetic and Test Reasoning. এই পেপারটি চাকরি পাওয়ার ক্ষেত্রে শেষ কথা বলে। 'এ' গ্রুপে যারা পার্সোনালিটি টেস্টে ডাক পায়, তাদের বেশিরভাগেরই প্রাপ্ত নম্বর ৮০ শতাংশের বেশি থাকে। পরিসংখ্যান বলছে, ছাত্রীরা অ্যারিথমেটিকে একটু কম দক্ষ হয়। এই কারণেই তারা ডব্লু.বি.সি.এস'এ চাকরি পাওয়ার ক্ষেত্রে শতযোজন পিছিয়ে। আই.এ.এস এই জন্যই অঙ্ককে বর্জন করেছে। বাস্তবে দেখা গেছে, বহু মেধাবী ও দূরদর্শী ছাত্রী অফিসার হওয়ার সব যোগ্যতা ও গুণ থাকা সত্ত্বেও শুধুমাত্র অ্যারিথমেটিকের জন্য ডব্লু.বি.সি.এস'এ সফল হতে পারেনি বা, পারলেও খুব খারাপ র‍্যাঙ্ক হয়েছে। বহু ছাত্রী তো অঙ্কের ভয়ে ডব্লু.বি.সি.এস'এর দিকে পা বাড়ায় না। সেইসব দুর্ভাগ্য-পীড়িত পরীক্ষার্থীদের জন্য পরামর্শ, নিয়মিত অঙ্ক অনুশীলন করো। ন্যূনতম ৬০% নম্বর তুলতে হবে অ্যারিথমেটিক ও জি.আই পত্রে। আর এই নম্বরের ঘাটতি অন্য বিষয়গুলি থেকে পূরণ করে নিতে হবে।

এবার আসা যাক, এই পত্রে উত্তর করার সঠিক অ্যাপ্রোচ ও টাইম ম্যানেজমেন্টের কথায়। যারা নিয়মিত ঘড়ি ধরে অনুশীলন করে না বা, অঙ্কে চুটিয়ে টিউশনি নেয় না, তাদের পক্ষে সময়টা বেশ কম। একটা অঙ্কে আটকে গেলে ব্যস! পুরো পরীক্ষাটাই গুবলেট। এটা সবাই জানে যে, কোনো একটা অঙ্ক আটকে গেলে সময় নষ্ট না করে অন্য অঙ্কে শিফট করা উচিত। কিন্তু কার্যক্ষেত্রে সেটাকে মান্য করা সর্বদা সম্ভব হয় না। কিছুটা জেদ চেপে যায় ওই অঙ্কটা শেষ করার জন্য। আবার আটকে যাওয়া অঙ্ক অসমাপ্ত রেখে অন্য অঙ্কে শিফট করতে গেলেও মনের মধ্যে একটা খচখচানি থেকেই যায়। না পারার গ্লানি নিজের অজান্তেই পারফরম্যান্সকে পঙ্গু করে দেয়, মনকে ভারাক্রান্ত করে তোলে। তার প্রতিফলন অতি অবশ্যই উত্তরপত্রের বাকি অংশে দেখা যায়। অঙ্কে প্রস্তুতির জন্য বলা যায়, পি.এস.সি পরিচালিত সব পরীক্ষা অর্থাৎ — ক্লার্কশিপ, মিসলেনিয়াস, এস.আই ও ডব্লু.বি.সি.এস সবক'টির মেইনসের বিগত ১০-১৫ বছরের অঙ্ক নিয়মিত অনুশীলন করতে হবে। এটা একদম মাস্ট। ভাগ্য ভালো থাকলে একাধিক অঙ্ক কমন এসে যেতে পারে। তাছাড়া ঘড়ি ধরে সি.জি.এল'এর প্র্যাকটিশ সেট সলভ করতে পারলে অনেকটা কনফিডেন্স সংগ্রহ করা যাবে।

এবার Test of Reasoning'এ আসা যাক। সময়টা এখানে টায়ে টায়ে থাকে। চার, ছয় হাঁকানোর সুযোগ এখানে থাকে না। টুকটাক করে শর্ট রান নিয়ে স্কোরবোর্ডকে সচল রাখতে হয়। পরীক্ষার্থীকে এই বিষয়ে একশোয় একশো তোলার টার্গেট করতে হবে। প্রশ্ন সাধারণত খুব একটা টাফ থাকে না। শুধু মাথা ঠান্ডা রাখতে হয়। উচ্চ মাধ্যমিকের দু'একটা টপিকের বেসিক, দু' একটি জায়গা দেখে রাখা দরকার। যেমন বিন্যাস সমবায়, সূচক, করণী, সমান্তর প্রগতি ও প্রোবাবিলিটি। কোনো একটি প্রশ্নে আটকে গেলে তখনই পরের প্রশ্নে চলে যাওয়া উচিত।

এই পত্রের পরীক্ষায় সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল Decision making. কোনো কোনো পরীক্ষার্থী প্রথমে অ্যারিথমেটিক দিয়ে শুরু করে। কেউ কেউ আবার Test of Reasoning দিয়ে। কোনটি সঠিক অ্যাপ্রোচ? মিলিয়ন ডলারের প্রশ্ন।

টসে জিতে বোলিং না ব্যাটিং? পিচ, আবহাওয়া, নিজের দলের শক্তি ও ভারসাম্য দেখে অধিনায়ককেই সিদ্ধান্ত নিতে হয়। এক্ষেত্রে তুমিই অধিনায়ক। ময়দানে নেমে তোমাকেই সিদ্ধান্ত নিতে হবে। ভুল সিদ্ধান্তে পুরো পরীক্ষাই ব্যুমেরাং হয়ে যেতে পারে। বিষয়ের প্রতি নিজের দখল ও কিছুটা প্রশ্নের ধরণ দেখে নিজেকেই সিদ্ধান্ত নিতে হবে। তবে কোচ হিসাবে পরামর্শ দেওয়া যেতে পারে। অঙ্কে যদি পরীক্ষার্থীর যথেষ্ট দাপট না থাকে বা, ভুল করলে তৎক্ষণাৎ ধরে ফেলার ক্ষমতা না থাকে তবে Test of Reasoning দিয়ে শুরু করাই শ্রেয়। তাতে অঙ্কে আটকে যাওয়ার খচখচানির প্রভাব অন্তত রিজনিংয়ে পড়বে না। একটা কথা অবশ্যই মনে রাখতে হবে, কোনো একটা অঙ্কে আটকে যাওয়াটা নিতান্তই স্বাভাবিক ব্যাপার। পরীক্ষার্থী অঙ্কে পারদর্শী বন্ধুকে দেখে অনুপ্রাণিত হয়ে অঙ্ক দিয়ে শুরু করে নিজে কুপোকাত। তাই বিধিবদ্ধ সতর্কীকরণ....... নিজের বুদ্ধিতে ফকির হওয়াও ভালো। তবে ২০১৪ সাল থেকে অ্যারিথমেটিক অ্যান্ড টেস্ট অফ রিজনিং পত্রটি এমসিকিউ ধাঁচের হওয়ার ফলে পরীক্ষার্থীদের কাছে সুযোগ সৃষ্টি করেছে। প্রশ্নের মান কমে যাওয়ায় একটা ভুল উত্তর দিলে খুব বেশি নম্বর কাটা যাচ্ছে না। এমসিকিউ হওয়ার ফলে প্রশ্নের সংখ্যা বেড়ে গেছে। তবে অঙ্কে যারা কাঁচা, তাদের পক্ষে সব প্রশ্নের উত্তর করা বাস্তবিক কঠিন ব্যাপার। কেননা একটি অঙ্ক কষতেই তাদের তো অনেকটা সময় ব্যয় হবে।

এইসব সমস্যা দূর করার দাওয়াই আমাদের কাছে একটাই। প্র্যাকটিস, প্র্যাকটিস আর প্র্যাকটিস। ক্লাস সেভেন-এইটের অঙ্ক বইয়ের পরিচ্ছেদ ধরে ধরে প্র্যাকটিস করতে হবে। এক পরিচ্ছেদ একবার করা হয়েছে মানে শেষ হয়ে গেল, তাহলে চলবে না। করা অঙ্ক আবার করতে হবে। প্রশ্ন জাগতে পারে অঙ্ক কি মুখস্থ করার বিষয়? মোটেই নয়। তবে অভ্যাস হয়ে গেলে লজিকটা মাথায় গেঁথে যায়। প্র্যাকটিস সেটও এর জন্য আদর্শ। পাশাপাশি যতগুলি সম্ভব মকটেস্টে বসতে হবে। মকটেস্ট তোমার আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করবে।

এমসিকিউ প্রশ্নের ক্ষেত্রে শর্টকাট পদ্ধতি সময় সাশ্রয় করে। তাই শর্টকাট পদ্ধতি জানা থাকলে উত্তর দেওয়ার সংখ্যা স্বাভাবিকভাবে বেড়ে যায়। বীজগণিতের সূত্র ধরে অঙ্ক কষলে সময় কম ব্যয় হয়। সেইসব সূত্র মুখস্থ করতে হবে। অন্তত পক্ষে ২০ ঘর পর্যন্ত নামতাও মুখস্থ করা দরকার। যতটা সম্ভব বর্গ বা, বর্গমূল মুখস্থ করতে হবে। মুখস্থের তালিকায় জ্যামিতি-পরিমিতির সব সূত্র রাখতে হবে। আসল কথা, অঙ্কে পুরো নম্বর ঘরে তোলার এগুলি হল পূর্বশর্ত।

২০১৪ সালের নানা পরিবর্তনের পর থেকেই পরীক্ষার্থীদের মনে এক ধারণার জন্ম নিয়েছে যে, রিজনিংয়ের সিলেবাসে ব্যাপক পরিবর্তন এসেছে। এমন অনেক কিছু ঢুকেছে যা আয়ত্ত করা কঠিন কাজ। ২০১৩ সাল ও ২০১৪ সালের সিলেবাস পাশাপাশি রাখলে দেখা যাবে, এই বিষয়ের সিলেবাস হুবহু একই আছে, বিন্দু বিসর্গও পরিবর্তন হয়নি। এরপর যে ব্যাপারটি নিয়ে তোমরা চিন্তিত, তা হল এমসিকিউ হয়ে গেছে বিষয়টি। আমরা বলব এতে বরং ভালো হয়েছে। অনেকটা সময় হাতে পাচ্ছো, রিজনিংয়ের প্রশ্ন ডেসক্রিপটিভ হলে ব্যাখ্যা করার জন্য যুক্তি সাজাতে হত, এতে অনেক সময় যায়। এক্ষেত্রে সে অসুবিধা থাকছে না। এই পরীক্ষার সুবিধা হল, সব প্রবলেম তো একই থাকছে, শব্দসংখ্যা বদলে যায় শুধু। ফলে সব কমন প্রবলেমই বারবার অনুশীলন করতে হবে। যেহেতু এই বিষয়টির প্রশ্ন রিপিট হওয়ার সম্ভাবনা থাকে তাই প্রশ্নের ধরণ বুঝতে ডব্লু.বি.সি.এস'এর বিগত বছরের প্রশ্ন ঝালিয়ে নিতে হবে। অনুশীলনের ফলে গতি বাড়বে সন্দেহ নেই, মনে রেখো গতি বাড়লে ভুল হওয়ার সম্ভাবনাও থাকে, সে সম্পর্কে সতর্ক থাকতে হবে। অঙ্কের মতো এ বিষয়েও ১০০ নম্বরের উত্তর দেওয়া কঠিন নয়। তোমার লক্ষ্যও থাকতে হবে, সব প্রশ্নের সঠিক উত্তর দেওয়ার।

এই প্রসঙ্গে আরও দু'টি বিষয় সম্পর্কে আমাদের অভিমত জানাই, বিষয় দু'টি হল ভারতীয় সংবিধান ও অর্থবিদ্যা। এই দু'টি বিষয়ও মেনসের পুরনো বিষয়। সিলেবাসও খুব একটা নড়চড় হয়নি, আছে আগের মতো। তবে পরীক্ষার ধরণ বদলে গেছে। অর্থাৎ, এই বিষয়টিতেও ২০১৪ সাল থেকে এমসিকিউ ধরণের প্রশ্ন থাকছে। ডেসক্রিপটিভ ধরণের পরীক্ষায় পরীক্ষার্থীদের প্রধান অভিযোগ ছিল, সময় বড্ড কম। সব প্রশ্নের উত্তর করার জন্য আরও সময় বরাদ্দ জরুরি ছিল। সময়ের অভাবে জানা প্রশ্নের উত্তর না দিতে পেরে অনেককে আফশোস করতে দেখা গেছে। এমসিকিউ পদ্ধতি চালু হওয়ায় এই আফসোস আর থাকছে না।

এবার আমরা আলোচনা করব এমন দু'টি বিষয় নিয়ে যা ডব্লু.বি.সি.এস'এ নতুন। ডব্লু.বি.সি.এস'এ নতুন হলেও দু'টি বিষয়ের কোনোটিই কিন্তু তোমার কাছে অপরিচিত নয়। এর একটি হল সায়েন্স অ্যান্ড টেকনোলজি। বিষয়ের ব্যাপ্তি বিশাল, ফলে কী পড়ব আর কী পড়ব না এই বিভ্রান্তি সবার মধ্যে কাজ করা স্বাভাবিক। তাছাড়া বিজ্ঞান বিষয়ক কোনো বিষয় সামনে পড়লে কলা ও বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীরা সিঁটিয়ে যায়, যদিও এমন কোনো অপরিচিত বিষয় নয় যে একেবারে দাঁত ফোটাতে পারবে না। শুধু ভয় অনীহাকে সরিয়ে বিষয়টিকে কাছে টেনে নাও, দেখবে মোটামুটি নয়, ভালো নম্বরই তুলে নিতে পারছো।

দ্বিতীয় বিষয়টি হল, পরিবেশবিদ্যা। পরিবেশ বিষয় সম্পর্কেও বলা যায় ডব্লু.বি.সি.এস'এ বিষয়টি নতুন হলেও আসলে তোমার কাছে এটি নতুন নয়। এসময় পরিবেশ একটি সর্বগ্রাহ্য চর্চার বিষয়। এমন অনেক পত্রিকা আছে যেটি পরিবেশকেন্দ্রীক। ইংরিজি ও বাংলা ভাষায় অজস্র বইও বাজারে রয়েছে। তাছাড়া, এনভায়রনমেন্ট সায়েন্স বিষয়টি অবশ্য স্নাতক স্তরে তোমাকে পড়াশোনা করতে হয়েছে। আবার ডব্লু.বি.সি.এস'এ বিষয়টি আনকোরা তাও কিন্তু নয়। আগে ভূগোলে এই বিষয়ে প্রশ্ন আসত, এখন সেটি হয়েছে আলাদা একটি বিষয়। এই দু'টি বিষয়ের ক্ষেত্রে ইতিবাচক দিক হল, দু'টি বিষয়েই এমসিকিউ ধাঁচের প্রশ্ন থাকে।

পরিশেষে বলা যায়, ভাষাপত্র দু'টি ও অপশনালের ক্ষেত্রে উত্তরপত্র ঝকঝকে রাখতে হবে। অযথা কাটাকাটি করা যাবে না। অনেকের খারাপ হাতের লেখার জন্য উত্তরপত্র দুর্বোধ্য হয়ে ওঠে। তাদের জন্য ২টি পরামর্শ, লাইনের মধ্যে যথেষ্ট গ্যাপ রাখো। ডাবল স্পেসে টাইপ করার মতো। উত্তরপত্রের বাঁদিকে যথেষ্ট মার্জিন রাখতে হবে, যাতে পরীক্ষক অন্তত নম্বর দেওয়ার জায়গা খুঁজে পান। প্যারাগ্রাফ বা, পরের প্রশ্নের শুরু করতে যথেষ্ট জায়গা রাখতে হবে। মূল শীটে নাম, রোল নম্বর লিখতে হবে খাতা পাওয়ার সঙ্গেসঙ্গেই। লুজ শীটে পেজ নম্বর, রোল নং অবশ্যই লিখতে হবে। উত্তরপত্রে ট্যাগ লাগানোর সময় লুজশীটগুলি সিরিয়ালি সাজানো আছে কিনা অবশ্যই দেখে নিতে হবে।

লাস্ট মিনিট রিভিশন কেমন হওয়া দরকার এটা নিয়ে অনেকেই কনফিউসড থাকে। চাপে পড়ে যায় পরীক্ষার তৃতীয় দিনটিতে। প্রথম পর্বে 'ভারতীয় সংবিধান ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা' ও দ্বিতীয় পর্বে 'অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং'। আগের দু'দিনে চারটি পরীক্ষা দিয়ে বাড়ি এসে পরীক্ষার্থীরা ধরাশায়ী। রাত আটটার আগে পড়া শুরু করা যায় না। ক্লান্ত, পরিশ্রান্ত শরীরে সংবিধান ও পরিকল্পনার ঢাউস বইগুলি রিভাইজ দেওয়া এক হারকিউলিয়ান টাস্ক। মফসসলের পরীক্ষার্থীদের দূর সম্পর্কের আত্মীয়ের বাড়িতে উঠে পরীক্ষা দেওয়া। কারও তাও জোটে না। সস্তা হোটেলে ভ্যাপসা গরমে মশার কামড় সহ্য করে রাইট টু ইক্যুয়ালিটির নোট আউড়ে যাওয়া। পরক্ষণেই খাতা খুলে PURA-এর ফিচারগুলি দেখে নেওয়া। পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফেলিওরগুলো নিজের জীবন দিয়ে উপলব্ধি করা। তাই মূল্যবান পরামর্শ, তৃতীয় দিনের রিভিশনগুলি পরীক্ষা শুরুর এক সপ্তাহ আগে থেকে শুরু করলে সংবিধান ও পরিকল্পনার প্রশ্নগুলো ওইদিন আর দেখার প্রয়োজনই পড়ে না। মনে রাখতে হবে, ওইদিনই দ্বিতীয় অর্ধে রয়েছে সবথেকে গুরুত্বপূর্ণ পরীক্ষাটি— অ্যারিথমেটিক অ্যান্ড রিজনিং। ম্যারাথন রেসের লাস্ট ল্যাপের মতো এই বিষয়ে যে বাজিমাত করতে পারবে সেই হবে প্রকৃত অর্থে জয়ী।

আগেই বলা হয়েছে, মেনস এক দীর্ঘমেয়াদি পরীক্ষা, দীর্ঘ সময় ধরে প্রত্যেকটি পরীক্ষাতে নিজের সেরাটাকে উজাড় করে দিতে হবে। শুধু তাই নয়, তোমার সারা বছরের প্রস্তুতিকে নম্বরে কনভার্ট করতে হবে। আর সেটা করার 'ওয়ান অ্যান্ড ওনলি' পথ তোমার উত্তরপত্র। তোমার বিদ্যা, বুদ্ধি, মেধা, প্রস্তুতি, তোমার সব প্রচেষ্টাকে উত্তরের পাতায় প্রতিটি ছত্রে ছত্রে প্রতিফলিত করতে হবে। সেটা পারলেই তুমি জয়ী।

জো জিতা ওহি সিকন্দর। ■■

YouTube ➡Daily Success Now

# মেট্রো রেলে ৫৯ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

৫৯ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**স্টেশন কন্ট্রোলার / ট্রেন অপারেটর :** সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল, মেকানিক্যাল, আই.টি. বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা ওইসব শাখার ডিগ্রি (বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে A-1. শারীরিক সুস্থতা থাকা দরকার। পারিশ্রমিক : ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE01.

**কাস্টমার রিলেশন্স অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার ৩ বছরের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স ও দৃষ্টিশক্তি ওপরের মতো। শারীরিক সুস্থতা থাকা দরকার। পারিশ্রমিক : ৩০,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE02.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / (ইলেক্ট্রিক্যাল) :.** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা বা, বি.টেক. কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I. শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স ওপরের মতো। পারিশ্রমিক : ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE03.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / (মেকানিক্যাল) :.** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা বা, বি.টেক. কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I. শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স ওপরের মতো। পারিশ্রমিক : ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE04.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / (ইলেক্ট্রনিক্স) :.** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা বা, বি.টেক. কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I. শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স ওপরের মতো। পারিশ্রমিক : ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE05.

**জুনিয়র ইঞ্জিনিয়ার / (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা বা, বি.টেক. কোর্স পাশরা আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি হতে হবে A-I. শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স ওপরের মতো। পারিশ্রমিক : ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE06.

**মেন্টেনার (ফিটার) :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. পারিশ্রমিক : ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ)। পোস্ট কোড NE07.

**মেন্টেনার (ইলেক্ট্রিশিয়ান) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. পারিশ্রমিক : ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ)। পোস্ট কোড NE08.

**মেন্টেনার (ইলেক্ট্রনিক অ্যান্ড মেকানিক) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রো মেকানিক, আই.টি., টি.ভি অ্যান্ড রেডিও ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. পারিশ্রমিক: ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ)। পোস্ট কোড NE09.

**মেন্টেনার (রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক) :** আই.টি.আই. থেকে রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শারীরিক সুস্থতা থাকা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে B-1. পারিশ্রমিক : ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট কোড NE10.

**অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট :** কমার্স শাখার গ্র্যাজুয়েট / সি.এ. (ইন্টার) বা, আই.সি.ডব্লু.এ. কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে C-I. পারিশ্রমিক ৩০,০০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE11.

**অফিস অ্যাসিস্ট্যান্ট :** বি.বি.এ. বা, বি.সি.এ. কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স, দৃষ্টিশক্তি ও মূল মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট -কোড নং : NE12.

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০১৯'র হিসাবে। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে।

'স্টেশন কন্ট্রোলার / ট্রেন অপারেটর' ও 'কাস্টমার রিলেশন্স অ্যাসিস্ট্যান্ট' পদের বেলায় লিখিত পরীক্ষা, সাইকো টেস্ট ও ডাক্তারি পরীক্ষা হবে। অন্যান্য সব পদের বেলায় লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে ইংরিজি বা, হিন্দিতে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (৩) লজিক্যাল এবিলিটি, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, (৫) সংশ্লিষ্ট ট্রেড বা, শাখার প্রশ্ন। ৯০ নম্বরের ৯০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পেপারে (পোস্ট কোড NE 07-NE10 ছাড়া) জেনারেল ইংলিশ বিষয়ের প্রশ্ন হবে। এই পেপারে ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন হবে। পোস্ট কোড NE 07-NE10 'এর বেলায় কোনো দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে না। সব পরীক্ষাই হবে কলকাতা, দিল্লি, মুম্বাই, চেন্নাই, হায়দরাবাদ, অসম, চন্ডীগড়, জয়পুর, ভোপাল, আহমেদাবাদ, লক্ষ্মৌ, নয়ডা, গাজিয়াবাদ, মিরাট, গুরগাঁও, ফরিদাবাদে । অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.becil.com, www.nmrcnoida.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৬৭৫ টাকা অনলাইনে দেবেন। অনলাইনে টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ
(SAIL, DCL, TCL, DRDO, PDCL, KMDA, KMC, NS ইত্যাদি)
R.R.B-JE (CBT - 2)
এর জন্য tradewise পৃথক পৃথক শিক্ষক দ্বারা প্রশিক্ষণ (ONLINE MOCK TEST + MODEL STUDY MAT.)
R.P.F, NAVY, ARMY, POLICE, PSC-CLERK & MISC. ইত্যাদি পরীক্ষার প্রশিক্ষণ
itee technical Govt. job exam preparation Institute.
দমদম - 9830859046
বারাসাত - 9804820827
JELET & JEXPO এর নতুন ব্যাচ শুরু হচ্ছে।
দূরের student দের মেস্ এর ব্যবস্থা




➡Daily Success Now

## ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশনের পঞ্চম বার্ষিক সম্মেলন

কম্পিউটার শিক্ষার প্রসার ও ছাত্রছাত্রীদের স্বনির্ভর করে তোলার কারিগর হিসাবে ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশন আজ সারা ভারতবর্ষে অতি পরিচিত নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান। বর্তমানে সারা ভারতবর্ষে এই সংস্থার ১৩০০+ স্টাডি সেন্টার সাফল্যের সঙ্গে ছাত্রছাত্রীদের কম্পিউটার প্রশিক্ষণের দিকে অগ্রসর করে তুলেছে। সম্প্রতি ১ জুলাই ২০১৯, কলকাতার কলামন্দির অডিটোরিয়ামে ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশনের পক্ষ থেকে সংস্থার পঞ্চমবর্ষ উদ্‌যাপন করা হল। পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত সায়েন্টিস্ট শ্রী বিমল রায়ও শিক্ষারত্ন পুরস্কার প্রাপ্ত লেখক ও সাংবাদিক শ্রী সঞ্জয় মুখোপাধ্যায় প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। এছাড়াও অভিনেতা সব্যসাচী চক্রবর্তী ও খরাজ মুখোপাধ্যায়, গায়িকা হৈমন্তী শুক্লা ও অভিনেত্রী মমতা শংকরের উপস্থিতি অনুষ্ঠানের শোভা আরও বাড়িয়ে তুলেছিল। ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশনের পঞ্চমবর্ষ উদ্‌যাপনে দেশের বিভিন্ন প্রান্ত যে রকম পশ্চিমবঙ্গ-সহ বিহার, ঝাড়খণ্ড, আসাম, ওড়িশা, কর্ণাটক, মেঘালয়, মিজোরাম, পাঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, ত্রিপুরা, ছত্তিশগড় এবং জম্মু ও কাশ্মীর থেকে আসা সেন্টার ডিরেক্টরদের ভীড় ছিল চোখে পড়ার মতো। কম্পিউটার শিক্ষাকে সমাজের সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য সেন্টার ডিরেক্টরদের বিশেষভাবে সম্মান ও সম্বর্ধনা দেওয়া হয় ও শুধু তাই নয় কম্পিউটার প্রশিক্ষণের ওপরে বিশেষ অবদানের জন্য সেন্টার ডিরেক্টরদের মোটরবাইক, ওয়াশিং মেশিন, এয়ার কুলার, ওয়াটার পিউরিফায়ার, এল.ই.ডি. টিভি-সহ বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার ও অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ২০১৪ সালে এই সংস্থার পথ চলা শুরু হয়েছিল ও এই বিগত ৫ বছরে ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশন NBCE Job Portal-এর মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে প্রচুর ছাত্রছাত্রীদের কর্মসংস্থানের ব্যবস্থাও করেছে। কম্পিউটার প্রশিক্ষণকে সারা দেশে জনপ্রিয় করে তোলার জন্য ন্যাশনাল বোর্ড অফ কম্পিউটার এডুকেশনকে ২০১৬ সালে National Business And Service Excellence Award ও ২০১৭ সালে International Education And Service Excellence Award সম্মানে ভূষিত করা হয়। শুধু তাই নয় ২০১৮ সালে ভুটান থেকে এই সংস্থাকে South Asian Excellence Award সম্মানে সম্মনিত করা হয়।

## সেনাবাহিনীতে কয়েকশো চাকরি

১ পাতার পর

অংশ নিতে পারবেন। কীভাবে নাম রেজিস্ট্রেশন করবেন তা নিচে দেওয়া হল। কারা কোন পদের জন্য যোগ্য :

**সোলজার জেনারেল ডিউটি :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**সোলজার টেকনিক্যাল :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন / অ্যামিউনিশন এক্সামিনার) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল / ইনভেন্টরি ম্যানেজমেন্ট :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন অন্তত ৫০কেজি।

**সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতি হলে ১৬২) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ফুলিয়ে ৮২ সেমি আর ওজন অন্তত ৫০ (তঃউঃজাঃ হলে ৪৮) কেজি।

**সোলজার ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ) :** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**সোলজার ট্রেডসম্যান (ক্লাস এইট পাশ) :** ক্লাস এইট পাশ ছেলেরা সটি, হাউসকীপার ও মেস কিপার পদের জন্য আবেদন করতে পারেন। বয়স, শরীরের মাপজোখ, ওজন, বুকের ছাতি ইত্যাদি ওপরের মতো।

সোলজার জেনারেল ডিউটি পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২'র মধ্যে। আর অন্যান্য পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৬ থেকে ১-৪-২০০২'র মধ্যে।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে নাম নথিভুক্ত করা হবে ভোর ৫টা থেকে ৭টার মধ্যে। নাম নথিভুক্ত করার দিনই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন। এর নিচে হলে ফেল করবেন।

(২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

প্রার্থী বাছাইয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৫) জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) এস.ডি.এম. বা, তহশিলদার মর্যাদার অফিসারের দেওয়া রিলিজিয়ন সার্টিফিকেট।

(৮) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো ও তার নেগেটিভ (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে) (কম্পিউটার ফটো বা, ডিজিটাল ফটো হলে বাতিল হবে)।

(৯) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (১০) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট। (১১) নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে (১০ টাকার) নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন। (১২) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান নম্বর ও আধার নম্বর।

ওপরের যাবতীয় প্রমাণপত্র কোনো গেজেটেড অফিসার বা, সমতুল কর্তৃপক্ষকে দিয়ে প্রত্যয়িত করাবেন। শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে লিখিত পরীক্ষা হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা। প্রশ্নপত্র পাবেন এই ঠিকানায় : আর্মি রিক্রুটিং অফিস, ব্যারাকপুর, ৪৩, মিডিল রোড, উত্তর ২৪ পরগনা, পিন - ৭০০১২০।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন শুরু হয়েছে ১৭ জুলাই থেকে। চলবে ৩০ আগস্ট পর্যন্ত। নাম রেজিস্ট্রেশন করার সময় সঙ্গে রাখবেন এইসব প্রমাণপত্র : (১) নাম নথিভুক্ত করার জন্য প্রত্যেক প্রার্থীর বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। যাঁদের ই-মেল আই.ডি. নেই, তাঁদের নতুন করে ই-মেল আই.ডি. তৈরি করে দরখাস্ত করতে হবে। (২) ইন্টারনেট সংযোগ থাকতে হবে। যাঁদের ইন্টারনেট সংযোগ নেই, তাঁরা কোনো সাইবার কাফেতে গিয়ে বা, তথ্যমিত্র কেন্দ্রে গিয়ে নাম নথিভুক্ত করবেন। (৩) যাবতীয় প্রমাণপত্রের মূল, (৪) পাশপোর্ট মাপের রঙিন ফটো। অ্যাডমিট কার্ড ই-মেলে পাঠানো হবে ৩ সেপ্টেম্বর থেকে ৯ সেপ্টেম্বরের মধ্যে।

প্রথমে, ইন্টারনেট সংযোগ আছে, এমন কম্পিউটারে গিয়ে www.joinindianarmy.nic.in-এ গিয়ে ক্লিক করুন। তখন ভারতীয় সেনাবাহিনীর ওয়েবসাইট খুলে যাবে। তাতে প্রয়োজনীয় তথ্য জানার জন্য বিভিন্ন বটম পাবেন। এরপর Click on Registration Button'এ গিয়ে ক্লিক করুন। এরপর শিক্ষাগত যোগ্যতা, বয়স, পার্সোন্যাল ডাটা (নাম, পিতা-মাতার নাম, ঠিকানা ইত্যাদি), বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর দিতে হবে। তারপর ইউজার আই.ডি. ও ৮-১০ সংখ্যার পাশওয়ার্ড দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড লিখে রাখবেন। একবার ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পেয়ে গেলে বারবার নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। নাম রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। র‍্যালি হওয়ার এক সপ্তাহ আগে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। কোনো অসুবিধা হলে সরাসরি ফোন করু এইনম্বরে : ০৩৩-২৫৪৫২৯৫৮, ২৯৭৭০৮১৩, ২৯৭৭০৮১৪।

## টেকনিক্যাল অফিসার কোকোনাট উন্নয়ন পর্যদে

কোকোনাট ডেভেলপমেন্ট বোর্ড টেকনিক্যাল অফিসার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে লোক নিচ্ছে। চাকরি হবে চুক্তিতে। বি.এসসি. (অ্যাগ্রি/হর্টি) কিংবা এম.এসসি (প্ল্যান্ট সায়েন্স) কোর্স পাশরা যোগ্য। পারিশ্রমিক মাসে ২৮,৫৬০ টাকা। প্রার্থী বাছাইয়ের সরাসরি ইন্টারভিউ হবে ৫ আগস্ট বেলা সাড়ে ১০টায়। এই ঠিকানায় : Coconut Development Board, BJ-108, Sector-II, Salt Lake City, Near 206 Bus Stand, Kolkata - 91. Ph: 033 - 23599674.

## পূর্ব রেলের গ্রুপ-ডি পদের প্রভিশনাল তালিকা বেরোল

পূর্ব রেলের রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের বিজ্ঞপ্তি নং CEN-02/2018-এর গ্রুপ-ডি পদের পরীক্ষার ২০১৭ জনের প্রভিশনাল তালিকা বেরিয়েছে এই ওয়েবসাইটে : www.rrcer.com

বেরিয়েছে

## শিলাদিত্য জুলাই ২০১৯

### বিশেষ রচনা



রবীন্দ্রনাথ ঠাকুরের প্রিয় ফোটোগ্রাফার ছিলেন শম্ভু সাহা। কবি ও তাঁর শান্তিনিকেতনকে ঘিরে অসংখ্য চিত্রমালা রচনা করেছিলেন তিনি। নানা জনের নানা ছবি শুধু নয়। প্রকৃতি যেন জীবন্ত হয়ে ধরা দিত তাঁর ক্যামেরায়। ফোটোগ্রাফি ছাড়াও শম্ভু সাহা ছবি আঁকতেন, স্কেচ করতেন, উড এনগ্রেভিং-এর দিকেও ঝোঁক ছিল তাঁর। শান্তিনিকেতনবাসী স্বপনকুমার ঘোষ খুব কাছ থেকে দেখা এই মানুষটিকে অনেকদিন পর আলোয় আনলেন আবার।

এছাড়া গল্প, কবিতা, পরিবেশ, ভোজনবৃত্তান্ত সহ নিয়মিত সব বিভাগ রয়েছে এবারের সংখ্যায়।



YouTube ➡Daily Success Now

# মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas, Website : www.mvacc.org.in

জীবন যুদ্ধে থাকবো পাশে **শংকর দার কোচিং** সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী

গত সেনাবাহিনীর ব্যারাকপুর র‍্যালিতে এখান থেকে চাকরী পেয়েছে কয়েকশো জন। তাদের মধ্যে মাত্র কয়েকজনের ছবি দেওয়া হল।



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Abhijit Das | Sohel Mondal | Tanmoy Chowdhury | Hriday Parvas | Bijoy Krishna Biswas | Tanmoy Samadder |
| ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD |
| 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Souvik Ghosh | Bellal Sardar | Sahabuddin Gazi | Surya Paul | Anup Patra | Prasanta Tantubay |
| ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD |
| 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | Bankura | Purulia |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Deep Ganguly | Tapas Dey | Rahul Mudi | Dipankar Mahato | Sandip Saha | Limon Ghosh |
| ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD |
| Bankura | 24 Pgs (N) | Purulia | Purulia | 24 Pgs (N) | 24 Pgs (N) |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Md. Alamin Molla | Manoj Kr. Mahato | Biswajit Mura | Rana Mandal | Mehedi Hasan Mondal | Avijit Ghosh |
| ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD |
| 24 Pgs (N) | Purulia | Purulia | Purulia | 24 Pgs (N) | Bankura |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Sourav Nayak | Bubai Kundu | Prasanta Kundu | Tanmoy Karmakar | Subha Sarkar | Debasish Pati |
| ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD | ARMY GD |
| Bankura | Bankura | Bankura | Bankura | 24 Pgs (N) | Purulia |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Rohit Garai | Gopal Mukherjee | Md. Asif Iqbal Molla | Bhupal Mahato | Nirmal Mahato | Barid Man |
| ARMY CLK | ARMY CLK | ARMY CLK | ARMY CLK | ARMY CLK | ARMY CLK |
| Bankura | Bankura | 24 Pgs (N) | Purulia | Purulia | Bankura |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Vishal Kr. Shaw | Santanu Kalindi | Abhijit Farikar | Santimoy Layek | Surajit Malla | Mahadev Mahata |
| ARMY CLK | ARMY CLK | ARMY CLK | ARMY CLK | ARMY TDN | ARMY TDN |
| 24 Pgs (N) | Bankura | Bankura | Bankura | Bankura | Bankura |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Noushad Ansary | Suman Dey | Alo Dubey | Soumalya Ghosh | Sujit Dandapat | Paban Choyan |
| ARMY TDN | ARMY TDN | ARMY TDN | ARMY TDN | ARMY TDN | ARMY TDN |
| Purulia | Bankura | Bankura | Hooghly | Bankura | Hooghly |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Hamantu Mitra | Sayan Debnath | Patit Paban Roy | Koushik Mitra | Sourav Pathak | Swarup Nandi |
| ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH |
| 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | 24 Pgs (N) | Bankura | Bankura |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| Amalesh Patra | Arijit Ghosh | Pijush Kanti Mondal | Debasish Mondal | Avibrata Kundu | Souvik Pakhira |
| ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH | ARMY TECH |
| Bankura | Bankura | Hooghly | 24 Pgs (N) | 24 Pgs (N) | Hooghly |

সেনাবাহিনীর ব্যারাকপুর র‍্যালির ক্লাস শুরু হবে মেডিকেল ফিট এর পর। মেডিকেল ফিট হয়েই যোগাযোগ করুন। কারণ পরে এলে থাকার জায়গার অভাবে ফিরে যেতে হয়। সেনাবাহিনীর সবচেয়ে বেশী চাকরী হয় এই প্রতিষ্ঠান থেকে এটা সবাই জানে। ক্লাস হবে হিন্দি ও ইংরেজি উভয় বিষয়ে।

Air Force X & Y Group ও NAVY SSR + MER এর বিশেষ ক্র্যাশ কোর্স করানো হচ্ছে। সপ্তাহে 6 দিন ক্লাস, মূল পরীক্ষার আগে 30টি মকটেস্ট নেওয়া হবে।

গত 30শে জুনের WBP Main লিখিত পরীক্ষায় 90% এর উপর কমন ছিল।

WBP Main পরীক্ষায় যারা উত্তীর্ণ হচ্ছেন তাদের জন্য বিশেষ Mock – Interview এর আয়োজন করা হয়েছে। মাত্র 200 জনকে ভর্তি নেওয়া হবে। ফি — 1200 টাকা।

WBCS 2020 নতুন ব্যাচ শুরু হবে 15ই আগস্ট 2019, (Optional – Anthropology)

আসন্ন পরীক্ষাগুলির জন্যও যারা এবার উচ্চমাধ্যমিক পাশ করলেন তাদের জন্যশুরু হচ্ছে Advance কোচিং

BSF Tradesman, CISF Head Constable সপ্তাহে 6টি ক্লাস।

| | | | | |
|---|---|---|---|---|
| WBP Prelims 2019 | ভর্তি চলছে | Railway NTPC | ভর্তি চলছে | C.I.S.F |
| ICDS | | Railway Gr.D | | Airforce X & Y |
| জেল পুলিশ | | PSC Clerkship | | Indian Navy |
| আবগারী কনস্টেবল | | PSC মিসলেনিয়াস | | কোলকাতা পুলিশ |
| R.P.F | | W.B.C.S (Optional - Anthropology) | | সেনাবাহিনীর মহিলা আর্মি ও C.M.P পদ |
| BSF Tradesman | | | | CISF Head Constable |

বিঃদ্রঃ যারা সেনাবাহিনীর ব্যারাকপুর র‍্যালিতে যাবেন কিন্তু মাঠে ও পড়াশুনায় দুর্বল তারা পড়াশুনা ও মাঠ প্রশিক্ষণের জন্য এখনই যোগাযোগ করুন।

মনে রাখবেন : সরকারী চাকরী পেতে হলে চাই অধ্যবসায়, সঠিক অনুশীলন, তাই অসাধু চক্রের প্রলোভনে পড়ে নিজের ভবিষ্যৎ নষ্ট করবেন না।

দূরাবর্তি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য রয়েছে প্রতিষ্ঠানের তিনটি নিজস্ব হোস্টেল।

বিঃদ্রঃ RPF, Rail Group-D, SSC আর্মবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।

## হেড অফিস

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা, শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে।

ADMISSION HELPLINE :

9733894444, 9547004388, 7432955888, 8001777003

## বাঁকুড়া শাখা

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

ADMISSION HELPLINE :

8001693133

বিঃদ্রঃ নদীয়া, মুর্শিদাবাদের ছাত্রছাত্রীরা যোগাযোগ করুন এই নম্বরে : 8436682294, 9735671012

You Tube ➡Daily Success Now




# GNM ও B.Sc. NURSING (ব্যাঙ্গালোর)

(ছেলে ও মেয়েদের নার্সিং কোর্সে ভর্তি চলছে) যোগ্যতা : 40% মার্কস সহ যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ, বয়স : 17 থেকে 35

ব্যাঙ্গালোর তথা কর্ণাটকের নার্সিং কলেজগুলোই বর্তমানে পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের নার্সিং পড়ার স্বপ্নকে বাস্তবায়িত করে তুলেছে। কিন্তু ব্যাঙ্গালোরের অলিতে গলিতে ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা নার্সিং কলেজগুলোতে ভর্তি করানো মানেই হাতে ধরে নিজের সন্তানের ভবিষ্যতকে নষ্ট করা। কম কোর্স ফি'র লোভ দেখিয়ে ছাত্রছাত্রীদের ভর্তি করানোর পর জোর করে প্রতিনিয়ত মেন্টাল টর্চার করে এবং অধিক টাকা নেয় এই সমস্ত কলেজগুলো। তাছাড়া এই কলেজগুলোর নিজস্ব হসপিটাল না থাকার জন্য বা থাকলেও 100-150 বেডের হসপিটাল হওয়ার সেখানে প্র্যাক্টিক্যাল করার কোনো সুযোগ নেই। বছরে 15 থেকে 20 দিন ক্লিনিক্যাল পোস্টিংয়ের মাধ্যমে কিছুই শেখা যায় না। তাই এই সমস্ত ছাত্রছাত্রীর চাকরি পাওয়ার সম্ভাবনা খুবই কম। তাছাড়া এই সমস্ত কলেজগুলোতে মেয়েদের কোনো সেফটি নেই। তাই অভিভাবকদের কাছে আমার অনুরোধ, অল্প কোর্স ফির লোভে এই সমস্ত কলেজে ভর্তি করিয়ে নিজের সন্তানদের ভবিষ্যত নষ্ট করবেন না এবং পরবর্তীতে এক্সট্রা টাকা দিতে দিতে সর্বসান্ত হবেন না।

অপরদিকে ব্যাঙ্গালোর তথা কর্ণাটকের বেশ কিছু রেপুটেড মেডিকেল কলেজে নার্সিং কোর্স পড়ানো হয়। যাদের নিজস্ব 750 থেকে 2500 বেডের হসপিটাল থাকায় প্রত্যেক দিনই ছাত্রছাত্রীদের হসপিটালে patient-দের দেখাশোনা করতে হয়, যার ফলে এই সমস্ত ছাত্রছাত্রীরা হাতে-কলমে প্রকৃত নার্স হয়ে ওঠে। রেপুটেড মেডিকেল কলেজের স্টুডেন্ট হওয়ায় এরা খুব সহজেই চাকরি পেয়ে যায়। রেপুটেড মেডিকেল কলেজগুলি কখনোই এক্সট্রা টাকা নিয়ে নিজেদের রেপুটেশন নষ্ট করে না।

তাই অভিভাবকদের উদ্দেশ্যে বলব, যদি আমার এবং আমাদের সংস্থার ওপর আপনাদের বিশ্বাস থাকে, তাহলে আপনার সন্তানের দায়িত্ব আমাদের হাতে দিন। আপনার সন্তানকে সঠিক কলেজে ভর্তি করিয়ে, সঠিক শিক্ষা দিয়ে, জীবনে প্রতিষ্ঠিত করে আপনার হাতে তুলে দিতে আমরা অঙ্গীকারবদ্ধ। ড. হাসান



আমি হাসান স্যারের সহযোগিতায় প্রায় ৬০০ বিঘা ক্যাম্পাস বিশিষ্ট মেডিকেল কলেজে নার্সিং কোর্সে ভর্তি হতে পেরে খুব খুশি। আমাদের নিজস্ব ১০০০ বেডের হসপিটাল থাকায় প্রতিদিনই হসপিটাল ডিউটি করতে হয়। আমাদের কলেজের হোস্টেল, ল্যাব, পড়াশোনার মান,ফুড খুবই উন্নত মানের।

অর্পণ ঘোষ (GNM)
নদিয়া



আজ পর্যন্ত যতজনকে আমি নার্সিং কোর্স করতে দেখেছি সবাই কোর্স করে সরকারি চাকরি পেয়ে গেছে। তার উপর আমি OBC-A মুসলিম। আমি জানি কোর্স শেষ হওয়ার সাথে সাথে আমিও চাকরি পেয়ে যাবো। তাই আমি হাসান স্যারের সহযোগিতায় নিজের উচ্চমাধ্যমিক কমপ্লিট করেই আবার নার্সিং কোর্সে ভর্তি হই।

উত্তর ২৪ পরগণা



যেহেতু নার্সিং কোর্স করে প্রত্যেকেই চাকুরী পেয়ে যায়, তাই আমি আমার মেয়েকে H.S.-এর পরেই সময় নষ্ট না করে ড: হাসানের মাধ্যমে B.Sc. নার্সিং-এ ব্যাঙ্গালোরে ভর্তি করাই। ড: হাসানের মতো শিক্ষিত, দায়িত্ববান মানুষের হাতে আমি আমার মেয়ের পড়াশোনার দায়িত্ব তুলে দিয়ে আমি অনেকটা নিশ্চিন্তে থাকি।

সোনালী কাইতি (শিক্ষিকা, বিষ্ণুপুর রামানন্দা কলেজ), বাঁকুড়া



বর্তমানে চাকরি ক্ষেত্রে অনিশ্চয়তায় না ভুগে উচ্চমাধ্যমিকের পর ছেলে ও মেয়েদের সুনিশ্চিত ভবিষ্যত গড়তে নার্সিং কোর্স ছাড়া আর কোনো কিছু ভাবাই যায় না। সেক্ষেত্রে এই প্রতিষ্ঠান অদ্বিতীয়।

শিক্ষক ও লেখক,



২ বছর আগে আমি ড. হাসানের মাধ্যমে আমার ভাইপোকে ব্যাঙ্গালোরে নার্সিং কোর্সে ভর্তি করাই। ড. হাসান যেভাবে সমস্ত দায়িত্ব নিয়ে নেয় তাতে অভিভাবক হিসাবে আমি নিশ্চিন্তে থাকি।

Pranati Mondal (অভিভাবক)
Sister in Charge NRS Hospital (Sealdah)

## মেডিক্যাল কলেজে নার্সিং কোর্স করার শেষ সুযোগ !!

আর অল্প কিছু সিট রয়েছে।

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন

বিগত বছর গুলিতে আমাদের এই প্রতিষ্ঠানে যারা ভর্তি হয়েছে তাদের মধ্যে কয়েকজন ছাত্রছাত্রীর ছবি দেওয়া হল




ব্যাঙ্গালোরের Top Ranking Nursing College-এ ভর্তি ও সীট বুকিংয়ের জন্য যোগাযোগ করুন : ড: হাসান ফোন : 8372997425 (10 AM-7 PM)

# GO EDUCATION

(শিক্ষক, নার্স ও ডাক্তারদের নিয়ে তৈরি একটি প্রতিষ্ঠান)

KAIKHALI (Near Dum Dum Airport), KOLKATA - 700 052
Beside Kaikhali Masjid, E-mail : goeducation786@gmail.com

Call :
9836484236
8372997465

| Dinajpur / Malda | Jalpaiguri / Coochbehar | South 24 Pgs | Siliguri |
|---|---|---|---|
| 7029205775 | 9734488073 | 9073211088 | 9609957267 |


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd. Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh, Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) [illegible]

YouTube ➡Daily Success Now